| **ইনপুট:**<br><br>-ভবন নির্মাণ সামগ্রী<br>-জনবল<br>-অর্থ<br>-যন্ত্রপাতি<br>-যানবাহন | (লক্ষ টাকায়)<br>১ রাজস্ব ৩০২.৪৭<br>২ যানবাহন ক্রয় (১টি জীপও ১ টি মোটর সাইকেল) ৭৭.০০<br>৩ ক্যামেরা (সিসি টিভি) ৩০.০০<br>৪ জেল হসপিটাল,নিরাপত্তা ও অন্যান্য ৪৮৫.৮৪<br>৫ কম্পিউটার ও আনুষাঙ্গিক সরঞ্জামাদি ৬.০০<br>৬ অফিস সরঞ্জামাদি ৭.৮০<br>৭ আসবাবপত্র ১৯০.১৩<br>৮ বনায়ন ৩০.০০<br>৯ অগ্নি নিরোধক ব্যবস্থা (হাইড্রেন্ট সিস্টেম) এবং ফায়ার এক্সটিংগুইশার ১১০.০০<br>১০ আবাসিক ভবন ১৪৪৪৪.৪৯<br>১১ অনাবাসিক ভবন ২৪২৪.৪৩<br>১২ অন্যান্য ভবন ও স্থাপনা ৮১৬৩.২৪<br>১৩ ভূমি উন্নয়ন ২০৬২.৪১<br>১৪ স্বাস্থ্য বিধান ও পানি সরবরাহ (বহি:পানি সরবরাহ , বৃষ্টি পানি সংরক্ষণ গৃহস্থালীর বর্জ্য ব্যবস্থাপনা ও এস টি পি) ১৬৬৯.০০<br>১৫ বহি: বিদ্যুতায়ন ৭৬৬.০০<br>১৬ সৌর বিদ্যুতায়ন (৪৮ কিলো:ওয়াটার) (গ্রিড ফ্রি) ৭২.০০<br>১৭ এল পি জি স্টেশন স্থাপন /বহি: গ্যাস লাইন সংযোগ ৬০০.০০<br><br>১৮ ফিজিক্যাল কন্টিনজেন্সি ৬২৮.৮২<br>১৯ প্রাইস কন্টিনজেন্সি ৬২৮.৮২<br>সর্বমোট: ৩২৬৯৮.৪৩ | প্রকল্প পরিচালকের দপ্তর<br>গণপূর্ত রেকর্ড | প্রকল্পের গুরুত্বপূর্ণ অঙ্গা যথা প্রাক্কলন স্থাপত্য নকশা ইত্যাদি নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করা নির্ধারিত সময়ের মধ্যে অর্থ বরাদ্দ/ ছাড়করণ নির্মাণ সামগ্রীর মূল্য অপরিবর্তিত থাকা |

উৎস: ডিপিপি

## ১.১০ ডিপিপি অনুযায়ী প্রকল্পের Exit Plan

প্রকল্প সমাপ্তির পর প্রকল্পের সৃষ্ট-সুবিধাদি টেকসই করার জন্য অনুমোদিত স্থাপত্য নকশা এবং অনুমোদিত কাঠামোগত নকশা অনুসরণ করা হবে। তাছাড়া, ভবন নির্মাণের পর গণপূর্ত অধিদপ্তর কর্তৃক মেরামত ও রক্ষণাবেক্ষণ করা হবে মর্মে ডিপিপিতে উল্লেখ করা হয়েছে।

# দ্বিতীয় অধ্যায়

## নিবিড় পরিবীক্ষণ কাজ পরিচালন পদ্ধতি ও সময় ভিত্তিক কর্ম-পরিকল্পনা

### ২.১ নিবিড় পরিবীক্ষণের কার্যপরিধি টার্মস অফ রেফারেন্স (ToR)

রাজস্ব বাজেটের আওতায় চলতি ২০২২-২০২৩ অর্থ-বছরে পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন আইএমইডি, সেক্টর-৫ এর মহাপরিচালক মহোদয় উন্মুক্ত দরপত্রের মাধ্যমে কারা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “নরসিংদী জেলা কারাগার নির্মাণ” শীর্ষক প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণের জন্য পরামর্শক প্রতিষ্ঠান জেটইনকো লিমিটেড’কে নির্বাচিত ও নিয়োজিত করেছে। পরামর্শক প্রতিষ্ঠান নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম সম্পাদনের জন্য আইএমইডি’র পরিপত্র ও নিম্নোক্ত ToR অনুযায়ী প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। নিম্নে ToR দেয়া হলো-

১. প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

২. প্রকল্পের অর্থ-বছর ভিত্তিক কর্ম-পরিকল্পনা, অর্থ-বছর ভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় ও বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণী/ লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

৩. প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে output পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৪. প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) এবং প্রকল্প দলিল উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৫. প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পনা) আনুষাঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৬. প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয় চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BoQ/ToR, গুণগতমান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/ যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৭. প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যোলোচনা ও পর্যবেক্ষণ;

৮. প্রকল্প অনুমোদন সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড় ও বিল পরিশোধ ইত্যাদি বিষেয়ে তথ্য/উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯. উন্নয়ন সহযোগী সংস্থা (যদি থাকে) কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড় ও বিল পরিশোধে সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্ত ভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১০. প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (sustainable) করার লক্ষ্যে মতামত প্রদান;

১১. প্রকল্পের উদ্দেশ্য, লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয়, অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT ANALYSIS;

১২. প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;

১৩. নির্বাচিত পরামর্শক প্রতিষ্ঠান মাঠ পর্যায়ে যে সকল FGD, KII-সহ সরেজমিন পরিদর্শন সম্পন্ন করা হবে তার একটি ভিডিও (নূন্যতম ৩০ মিনিটের) প্রমাণক হিসেবে আবশ্যিকভাবে কর্মশালার পূর্বে আইএমইডি-তে দাখিল করতে হবে;

১৪. প্রকল্প ব্যবস্থাপনাঃ প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা, আয়োজন, কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১৫. কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলি।

## ২.২ নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের কার্য পদ্ধতি

### ২.২.১ কৌশলগত পদ্ধতি

প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণ পরিচালনার জন্য সকল কার্যক্রম প্রকল্পের উদ্দেশ্য এবং এ সংক্রান্ত কর্মপরিধির আলোকে গ্রহণ করা হয়েছে। প্রকল্পের উদ্দেশ্যকে লক্ষ্য রেখে বর্তমান সমীক্ষার কৌশলগত পদ্ধতি নির্ধারণ করা হয়েছে। প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার উদ্দেশ্য অর্জনে তিন (৩) ধরনের কৌশল অবলম্বন করা হয়েছে যথাঃ

১) বিদ্যমান দলিলাদি পর্যালোচনার মাধ্যমে তথ্য সংগ্রহ;
২) গুণগত তথ্য সংগ্রহ;
৩) সরেজমিনে পরিদর্শনের মাধ্যমে তথ্যাদি সংগ্রহ, পরীক্ষণ ও বিশ্লেষণ।

### ২.২.২ বিশ্লেষণগত কাঠামো

নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের নির্দিষ্টকৃত নির্দেশকসমূহের সাথে সঙ্গতি রেখে প্রাপ্ত তথ্যের input-output framework এমনভাবে স্তর বিন্যাস করা হয়েছে যেন তথ্যের পরিসংখ্যানগত বিশ্লেষণ সঠিকভাবে সম্পন্ন হয়। প্রাপ্ত তথ্যসমূহ যথাযথ পরিসংখ্যান পদ্ধতির মাধ্যমে তথ্য বিশ্লেষণ কাজ সম্পন্ন করা হয়েছে।

### ২.২.৩ সমীক্ষার ধারণা

সমীক্ষা কাজটি সম্পাদনের জন্য টার্মস অব রেফারেন্স-এ প্রদত্ত গাইডলাইন অনুসরণ করা হয়েছে। গৃহীত সকল কার্যক্রম পর্যায়ক্রমে ও ক্রমানুযায়ী সম্পন্ন করা হয়েছে। প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণের কাজটি নির্ধারিত সময়ে সম্পন্ন করার উদ্দেশ্যে কোন কোন কার্যক্রম যুগোপৎভাবে সম্পাদিত হয়েছে। নিবিড় কার্যক্রমের বিভিন্ন ধাপ ও পর্যায় নিম্নে বর্ণিত হয়েছে এবং চিত্র-১এ দেখানো হয়েছে।

**প্রথম ধাপঃ** এ পর্যায়ে প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন ও তথ্যাদি সংগ্রহ এবং পর্যালোচনা করা হয়েছে। এছাড়া নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম সম্পাদনের পরিকল্পনা গ্রহণ, নির্দেশক নির্বাচন, তথ্যের উৎস চিহ্নিতকরণ, প্রকল্প এলাকায় নমুনা নির্ধারণ ও বিভিন্ন প্রশ্নমালা ও ছক প্রস্তুত করা হয়েছে।

**দ্বিতীয় ধাপঃ** এই ধাপে মাঠ পর্যায়ে তথ্য/উপাত্ত সংগ্রহের জন্য লোকবল নিয়োগ ও তাদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া প্রস্তুতকৃত প্রশ্নাবলী ও ছকের উপর বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ প্রদত্ত মতামত/পরামর্শ অনুসরণে প্রশ্নাবলী ও ছক চূড়ান্তকরণপূর্বক মাঠ পর্যায়ে তথ্য/উপাত্ত সংগ্রহের পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

**তৃতীয় ধাপঃ** এই ধাপে তথ্য সংগ্রহকারীগণ মাঠ পর্যায় হতে নির্দিষ্ট পরিকল্পনা ও সময়ানুযায়ী তথ্য/উপাত্ত সংগ্রহ করেন। পরামর্শক সমীক্ষা টিম কর্তৃক তথ্য সংগ্রহকারীদের কাজের তদারকি করা হয়। তথ্য সংগ্রহকারীগণ মাঠ পর্যায়ে দৈবচয়নের (Random) ভিত্তিতে নির্বাচিতদের নিকট হতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করেন এবং গণপূর্ত অধিদপ্তর ও প্রকল্প পরিচালকের অফিস হতে সুনির্দিষ্ট তথ্য/উপাত্ত সংগ্রহ করেন।

**চতুর্থ ধাপঃ** মাঠ পর্যায়ে সংগৃহীত তথ্যে ভুল/ত্রুটি থাকলে তা সংশোধন করা হয়। সংগৃহীত তথ্য/উপাত্ত সংশোধনের পর সেগুলো সাংকেতিক নাম্বার প্রদান করা হয় এবং সে অনুযায়ী কম্পিউটারে ধারণ করা হয়। পরবর্তীতে সংগৃহীত তথ্য/উপাত্তসমূহের বিশ্লেষণ করা হয়েছে এবং প্রাপ্ত ফলাফল সারণি (টেবিল) আকারে উপস্থাপন করা হয়েছে।

**পঞ্চম ধাপঃ** এই ধাপে প্রাপ্ত ফলাফলের ওপর ভিত্তি করে খসড়া প্রতিবেদন প্রণয়ন ও দাখিল করা হয়। খসড়া প্রতিবেদন পর্যালোচনার জন্য আইএমইডির নিকট দাখিল করা হয়েছে। খসড়া প্রতিবেদনের ওপর যথাক্রমে প্রথমে টেকনিক্যাল কমিটি ও পরে সমীক্ষা তত্ত্বাবধান কমিটির সুপারিশের ভিত্তিতে ২য় খসড়া প্রতিবেদন প্রণয়ন পূর্বক কর্মশালায় উপস্থাপন করা হয়েছে। কর্মশালা হতে প্রাপ্ত মতামত/পরামর্শ/সুপারিশের আলোকে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন ও দাখিল করা হবে।

## ২.৩ নিবিড় পরিবীক্ষণের নির্দেশক নির্বাচন

প্রকল্পের বর্তমান অবস্থা ও ভূমিকার সঙ্গে তার পরিকল্পনা তথা ডিপিপিতে বর্ণিত বিষয়সমূহের চলক (Variable) ও নির্দেশকের (Indicator) মান তুলনার মাধ্যমে প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ করা হয়েছে।


| পরিবীক্ষণের প্রকৃতি | পরীক্ষণীয় বিষয়/চলক/নির্দেশক | উৎস | পদ্ধতি |
|---|---|---|---|
| প্রকল্পের উদ্দেশ্য এবং ব্যাপ্তি | প্রকল্পের স্পষ্টতা (Clarity) এবং সম্ভাব্যতা (Feasibility) লক্ষ্যমাত্রা অর্জনের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা প্রকল্প উপাদানগুলি পর্যালোচনা এবং পর্যবেক্ষণ।<br><br>প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে output পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ | কারা অধিদপ্তর/ গণপূর্ত অধিদপ্তর এবং সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | প্রতিবেদন পর্যালোচনা, কেআইআই |
| স্থায়ীত্ব (sustainability) এর বিষয়গুলি | প্রকল্পের ডিজাইন, কার্যক্রম এবং বাস্তবায়ন ব্যবস্থায় টেকসই স্থিতিশীলতা সম্পর্কিত কিনা- | গণপূর্ত অধিদপ্তর | প্রতিবেদন পর্যালোচনা, কেআইআই |
| প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত কর্মকান্ডের নিবিড় পরিবীক্ষণ | ক) প্রকল্পের প্রধান প্রধান অঙ্গসমূহ বাস্তবায়নের সময়, ব্যয়,বছরভিত্তিক বরাদ্দ, অর্থ-ছাড়, অনুমোদন/ সংশোধন ও অন্যান্য অবস্থা পর্যালোচনা | প্রকল্প দপ্তর | প্রতিবেদন পর্যালোচনা |
| | প্রকল্প ব্যবস্থাপনাঃ প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা, আয়োজন, কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ | প্রকল্প দপ্তর | প্রতিবেদন পর্যালোচনা এবং কেআইআই |
| | খ) প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয় চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BoQ/ToR, গুণগতমান, পরিমাণ অনুযায়ী ঠিক রয়েছে কিনা তা পর্যালোচনা পর্যবেক্ষণ ও যাচাই | গণপূর্ত অধিদপ্তর | কেআইআই, প্রতিবেদন পর্যালোচনা |
| | গ) প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য/কার্য ও সেবা সংগ্রহের ক্ষেত্রে প্রচলিত ক্রয় আইন পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ ও প্রযোজ্য গাইড লাইন প্রতিপালন বিষয়ক পর্যালোচনা | গণপূর্ত অধিদপ্তর | কেআইআই/ দলিলাদি পর্যালোচনা |
| | ঘ) প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যোলোচনা ও | গণপূর্ত অধিদপ্তর/ প্রকল্প দপ্তর | কেআইআই ও পর্যবেক্ষণ |

| পরিবীক্ষণের প্রকৃতি | পরীক্ষণীয় বিষয়/চলক/নির্দেশক | উৎস | পদ্ধতি |
|---|---|---|---|
| | পর্যবেক্ষণ | | |
| | ঙ) প্রকল্পের আওতায় অডিট সম্পন্ন হয়েছে কিনা (ইন্টারনাল এবং এক্সটারনাল অডিট) | গণপূর্ত অধিদপ্তর/ প্রকল্প দপ্তর | কেআইআই, দলিলাদি পর্যালোচনা |
| | চ) প্রকল্পের আওতায় সংগৃহীত পণ্য, কার্য, জনবল ও সেবা সংশ্লিষ্ট ক্রয় চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন, গুণগতমান ও পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/ যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে কিনা | গণপূর্ত অধিদপ্তর/ প্রকল্প দপ্তর, মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ ও অন্যান্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ | কেআইআই ও পর্যবেক্ষণ |
| | ছ) প্রকল্পের অর্থায়ন ও ব্যবস্থাপনা এবং কাজের গুণগতমান ও অনুসরণযোগ্য উপাদান পর্যালোচনা | গণপূর্ত অধিদপ্তর/ প্রকল্প দপ্তর ও মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ | কেআইআই ও পর্যবেক্ষণ |
| | জ) প্রকল্পের সবলদিক, দুর্বলদিক, সুযোগ ও ঝুঁকিসমূহ (SWOT) বিশ্লেষণ | স্টেক হোল্ডারগণ, প্রকল্প দপ্তর/ গণপূর্ত অধিদপ্তর | কর্মশালা, কেআইআই, এফজিডি ও স্থানীয় পর্যায়ে কর্মশালা |
| প্রকল্পের প্রধান প্রধান কাজ পর্যবেক্ষণ | ১. ভূমি উন্নয়ন | গণপূর্ত অধিদপ্তর ও মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ | কেআইআই, সংশ্লিষ্ট দলিল/ প্রতিবেদন |
| | ২. আবাসিক ভবন নির্মাণ | গণপূর্ত অধিদপ্তর ও মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ | কেআইআই, সংশ্লিষ্ট দলিল/ প্রতিবেদন |
| | ৩. অনাবাসিক ভবন নির্মাণ | গণপূর্ত অধিদপ্তর ও মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ | কেআইআই, সংশ্লিষ্ট দলিল/ প্রতিবেদন |
| | ৪. অন্যান্য ভবন ও স্থাপনা নির্মাণ | গণপূর্ত অধিদপ্তর ও মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ | কেআইআই, সংশ্লিষ্ট দলিল/ প্রতিবেদন |
| | ৫. স্বাস্থ্য বিধান ও পানি সরবরাহ (বহিঃ পানি সরবরাহ, বৃষ্টির পানি সংরক্ষণ, গৃহস্থালীর বর্জ্য ব্যবস্থাপনা ও এসটিপি) | গণপূর্ত অধিদপ্তর ও মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ | কেআইআই, সংশ্লিষ্ট দলিল/ প্রতিবেদন |
| **নির্মাণ কাজের গুণগত মান পর্যবেক্ষণ** | ১. ঠিকাদার কর্তৃক নির্মাণ উপকরণের ল্যাব টেস্ট রিপোর্ট পর্যালোচনা | মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ এবং রিপোর্ট | সংশ্লিষ্ট দলিল/ প্রতিবেদন |
| | ২. নির্মাণ উপকরণের (রেইনফোর্সমেন্ট, পাথর, সিমেন্ট, ইট এবং বালু) গুণগত মান যাচাই | মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ | সংশ্লিষ্ট দলিল/ প্রতিবেদন |

উপরে বর্ণিত পরিবীক্ষণীয় বিষয়/চলক/নির্দেশক সংক্রান্ত তথ্যসমূহ সঠিকভাবে সংগ্রহ ও যথাযথ বিশ্লেষণ এবং পর্যালোচনা করে প্রকল্প বাস্তবায়ন অবস্থা ডিপিপি'তে বর্ণিত লক্ষ্যমাত্রার সাথে তুলনার মাধ্যমে সংগৃহীত তথ্য/উপাত্ত প্রতিবেদনে সন্নিবেশন করা হয়েছে।

## ২.৪ সমীক্ষা পদ্ধতি

চিত্র: ২.১ নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা পদ্ধতি



## ২.৫ কর্মপদ্ধতি (Methodology)

প্রকল্পটি নিবিড় পরিবীক্ষণের উদ্দেশ্যে পরিচালিত সমীক্ষায় ডেস্ক রিভিউ (ডিপিপি, আইএমইডি'র পরিদর্শন প্রতিবেদন, অগ্রগতি প্রতিবেদন) ও অন্যান্য প্রাপ্ত তথ্য/উপাত্ত হতে মাধ্যমিক তথ্য (Secondary Data) বিশ্লেষণ ও পর্যালোচনা করা হয়েছে। এছাড়া, নিবিড় পরিবীক্ষণ কাজটি সম্পাদনের জন্য পরিমাণগত ও গুণগত উভয় ধরনের পদ্ধতি অবলম্বন করা হয়েছে। নিবিড় আলোচনা (KII) ও এফজিডি (FGD) গাইডলাইন এর মাধ্যমে প্রয়োজনীয় গুণগত তথ্য সংগ্রহ করা হয়েছে। প্রকল্প এলাকায় সরেজমিনে পরিদর্শন (Physical Verfication/ Observation) করে পরামর্শক টিম প্রকল্পের অগ্রগতি এবং নির্মাণ কাজের গুণগতমান পর্যবেক্ষণসহ বিভিন্ন তথ্যাদি সংগ্রহ করেন। তথ্য সংগ্রহকারী কর্তৃক উক্ত পরিকল্পনা ও সময়সূচি অনুযায়ী মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহের কাজটি যথাসময়ে সম্পন্ন করা হয়েছে।

### ২.৫.১ নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার প্রশ্নমালা ও ছক/চেকলিষ্ট

প্রকল্পের কার্যক্রম, নিবিড় পরিবীক্ষণের উদ্দেশ্য, চাহিদা ও মূল্যায়ন নির্দেশক এর ওপর ভিত্তি করে নিবিড় পরিবীক্ষণের জন্য নিম্ন লিখিত প্রশ্নমালা ও চেকলিষ্ট প্রস্তুত করা হয়েছে (সংযোজনী ১-৪)।

- ✓ নিবিড় আলোচনার (KII) গাইডলাইন (সংযোজনী-১)
- ✓ ফোকাস গ্রুপ ডিসকাশন (FGD) গাইডলাইন (সংযোজনী -২)
- ✓ ক্রয় সংক্রান্ত তথ্য পরিবীক্ষণ ছক/চেকলিষ্ট (সংযোজনী -৩)
- ✓ সরেজমিনে প্রকল্পের কাজ পর্যবেক্ষণ ও পরিবীক্ষণ চেকলিষ্ট (সংযোজনী -৪)

## ২.৬ প্রাথমিক তথ্য সংগ্রহ:

### ২.৬.১ নমুনা এলাকা নির্ধারণ

নরসিংদী জেলা কারাগার নির্মাণ প্রকল্পটি ঢাকা বিভাগের নরসিংদী জেলার সদর উপজেলায় বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পের আওতায় অনাবাসিক ভবন নির্মাণ, আবাসিক ভবন নির্মাণ, ভূমি উন্নয়ন ইত্যাদি তথ্য/উপাত্ত এবং সরেজমিনে পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করার জন্য স্থান নির্বাচনের ক্ষেত্রে ১০০% এলাকা নির্বাচন করা হয়েছে।

### ২.৬.২ গুণগত তথ্য সংগ্রহ পদ্ধতি:

প্রকল্পের উদ্দেশ্য, সার্বিক অগ্রগতি, বর্তমান অবস্থা গভীরভাবে উপলব্ধির জন্য গুণগত তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ করা হয়েছে। যে সকল পদ্ধতি অনুসরণ করে গুণগত তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়েছে তা নিম্নরূপ:

- ➢ মূল তথ্য প্রদানকারীদের সাক্ষাৎকার বা নিবিড় আলোচনা
- ➢ ফোকাস গ্রুপ আলোচনা
- ➢ সরেজমিনে পরিদর্শন এবং
- ➢ স্থানীয় পর্যায়ে কর্মশালা

#### ক) নিবিড় আলোচনা (Key Informant Interview)

ডিপিপি অনুযায়ী প্রকল্পের উদ্দেশ্য ও কার্যকারিতা যাচাই, প্রকল্প ব্যবস্থাপনা (প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা, আয়োজন, কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি) পণ্য, কার্য ও সেবা ক্রয় পরিকল্পনা, অডিট (ইন্টানাল, এক্সটারনাল) সংক্রান্ত, প্রকল্পের নির্মাণ কাজের গুণগতমান, প্রকল্পের টেকসইকরণ পরিকল্পনা, সমস্যা, ঝুঁকি, দুর্বলতা, সম্ভাবনা, প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (sustainable) করা ইত্যাদি তথ্য-উপাত্ত সংগ্রহের জন্য কারা জেল সুপার, ডেপুটি জেল সুপার, এবং নরসিংদী জেলা কারাগারের দায়িত্বরত অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদের সাথে ২১টি নিবিড় আলোচনা (Key Informant Interview) KII করা হয়েছে। এছাড়াও, প্রকল্প পরিচালক, গণপূর্ত অধিদপ্তরের প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য প্রকৌশলীগণ, ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তাসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য স্টেকহোল্ডারদের সমন্বয়ে প্রকল্পের আওতায় ১৭টিসহ মোট ৩৮টি কেআইআই করা হয়েছে। নিবিড় আলোচনা হতে

প্রাপ্ত ফলাফল অনুচ্ছেদ ৩.১২ এ দেয়া হয়েছে। নিবিড় আলোচনার জন্য নির্বাচিত ব্যক্তিবর্গ এবং কেআইআই এর চেকলিষ্ট **সংযুক্তি-১-৪** এ প্রদান করা হয়েছে।

### খ) এফজিডি আলোচনা (Focus Group Discussion)

প্রকল্প বাস্তবায়নের ফলে সুফলভোগীরা কতটুকু উপকৃত হবে, নরসিংদী জেলা কারাগারের সক্ষমতা কতটুকু বৃদ্ধি পাবে, তথ্য প্রযুক্তির সন্নিবেশন, কারা বন্দিরের জন্য সর্বোচ্চ নিরাপদ আটক নিশ্চিতকরণ সম্ভব হবে কিনা, আবাসিক সুবিধা কতটুকু বৃদ্ধি পাবে ইত্যাদি বিষয় নিরুপণ করার জন্য প্রকল্পের আওতায় ৩টি FGD পরিচালনা করা হয়েছে। প্রতি এফজিডি পরিচালনার জন্য ১ জন সঞ্চালক এবং ১ জন রেপোটিয়ার ছিলেন। এফজিডিতে উপকারভোগী ছাড়াও মাঠ পর্যায়ে নিযুক্ত প্রকৌশলী, কারা অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী, ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধি এবং অন্যান্য স্টেকহোল্ডারগণ উপস্থিত ছিলেন। প্রতিটি এফজিডি'তে ১০-১২ জন সদস্য উপস্থিত ছিলেন। এফজিডি হতে প্রাপ্ত ফলাফল অনুচ্ছেদ ৩.১৩ এ দেয়া হয়েছে। এফজিডি'র চেকলিষ্ট **সংযুক্তি ৫ এ** প্রদান করা হয়েছে।

### গ) ভৌত পর্যবেক্ষণ ও যাচাইকরণ

প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকালীন প্রকল্পের আওতায় চলমান নির্মাণ কাজের গুণগতমান পর্যবেক্ষণ করা হয়েছে। চেকলিস্টের মাধ্যমে নির্মাণ কাজের তথ্যাদি সংগ্রহ এবং বিশ্লেষণ করা হয়েছে। পর্যবেক্ষণকালীন যে সমস্ত বিষয়ের উপর বেশি গুরুত্ব প্রদান করা হয়েছে তা নিম্নরূপ

- অনুমোদিত ড্রইং/ডিজাইন অনুযায়ী কাজ চলমান রয়েছে কিনা;
- অনুমোদিত ড্রইং/ডিজাইন অনুযায়ী বিল্ডিং এর লে-আউট স্থাপন করা হয়েছিল কিনা;
- অনুমোদিত ড্রইং/ডিজাইনে পরিবর্তন হয়ে থাকলে কিভাবে তা সমন্বয় করা হয়েছে;
- নির্মাণ কাজে ব্যবহৃত নির্মাণ সামগ্রীর গুণগতমান যাচাই- যেমন: ইট, পাথর, সিমেন্ট, রেইনফোর্সমেন্ট, বালি ইত্যাদি।
- নির্মাণ কাজে ব্যবহৃত সিমেন্ট, রেইনফোর্সমেন্ট কোন ব্র্যান্ডের ব্যবহার করা হচ্ছে;
- নির্মাণে কাজে ব্যবহৃত পাথর কোথা হতে সংগ্রহ করা হচ্ছে এবং বালির FM কত;
- ঠিকাদার ঢালাই কাজে যথাযথভাবে ভাইব্রেটার মেশিন ব্যবহার করেছে কিনা;
- ঢালাই সম্পন্ন হওয়ার পর ঠিকাদার যথাযথভাবে কিউরিং করেছে কিনা? কতদিন কিউরিং করেছে;
- ঢালাই সম্পন্ন হওয়ার পর বীম ও কলামে হানিকম্ব পরিলক্ষীত হয়েছে কিনা? হানিকম্ব পরিলক্ষীত হলে, তা কিভাবে সংশোধন করা হয়েছে;
- কংক্রিট টেস্টে কোন ধরণের ত্রুটি/বিচ্যুতি দেখা দিয়েছিল কিনা এবং ত্রুটি/বিচ্যুতি দেখা দিলে, তা কিভাবে সংশোধন করা হয়েছে? ইত্যাদি বিষয়াদি প্রকল্পের উপাদানসমূহের মাঠ পর্যায়ে অবকাঠামো/উন্নয়ন কাজ পর্যবেক্ষণ/যাচাইকরণ/পরিবীক্ষণসহ সংশ্লিষ্ট কাজের প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা হয়েছে। চলমান নির্মাণ কাজের গুণগতমান বজায় থাকছে কিনা তা পর্যবেক্ষণ/যাচাই পূর্বক সুপারিশ প্রণয়ন করা হয়েছে। সরেজমিনে পরিদর্শনের ফলাফল অনুচ্ছেদ ৩.১০ ও ৩.১১ এ দেয়া হয়েছে। অবকাঠামো পর্যবেক্ষণের চেকলিস্ট সংযুক্তি-৬তে দেয়া হয়েছে।

### ঘ) স্থানীয় পর্যায়ে কর্মশালা

আইএমইডি'র সাথে পরামর্শক্রমে গত ১৪ এপ্রিল ২০২৩ তারিখে প্রকল্পের আওতায় ১টি স্থানীয় পর্যায়ে কর্মশালার আয়োজন করা হয়েছে। যেখানে আইএমইডি'র প্রতিনিধি, প্রকল্প পরিচালক, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নরসিংদী, গণপূর্ত অধিদপ্তরের মাঠ পর্যায়ে প্রকৌশলী, নরসিংদী জেলা কারাগারের কর্মকর্তা/কর্মচারী, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং অন্যান্য স্টেকহোল্ডারগণ অংশগ্রহণ করেন। কর্মশালার প্রাপ্ত ফলাফল অনুচ্ছেদ ৩.১৪ এ দেয়া হয়েছে।

**সারণি-২.২: তথ্যদাতার প্রকার অনুসারে তথ্যদাতার সংখ্যা, স্থান ও তথ্য সংগ্রহ উপকরণ**

| গুণগত তথ্যসংগ্রহের উৎস এবং আকার | | | |
|---|---|---|---|
| **ক্রঃ নং** | **চেকলিষ্ট/** কাঠামোগত প্রশ্নপত্র | **তথ্যদাতা** | **তথ্যদাতার সংখ্যা** |
| **০১** | KII চেকলিষ্ট | • প্রকল্প পরিচালক-১ জন<br>• জেল সুপার, এসপি, নরসিংদী কারাগারের দায়িত্বরত বিভিন্ন কর্মকর্তা/কর্মচারী- ২১ জন<br>• গণপূর্ত অধিদপ্তর এবং ঠিকাদারী প্রতিষ্ঠানের বিভিন্ন কর্মকর্তা-১৬ জন | ৩৮ জন |
| **০২** | এফজিডি চেকলিষ্ট/ গাইড লাইন | প্রকল্পের উপকারভোগী ছাড়াও মাঠ পর্যায়ে নিযুক্ত প্রকৌশলী, কারা অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী, ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধি এবং অন্যান্য স্টেকহোল্ডারগণদের নিয়ে ৩টি এফজিডি করা হয়েছে, প্রতিটি এফজিডিতে ১০/১২ জন অংশগ্রহণকারী ছিলেন। | ৩৬ জন |
| **০৩** | সরেজমিনে পরিদর্শন | প্রকল্পের প্রধান প্রধান কাজ পর্যবেক্ষণ | প্রকল্প এলাকা |
| **০৪** | স্থানীয় পর্যায়ে কর্মশালা | আইএমইডির প্রতিনিধি, প্রকল্প পরিচালক, নরসিংদী গণপূর্ত বিভাগ এর প্রকৌশলী, নরসিংদী জেলা কারাগারের কর্মকর্তা/কর্মচারী, উপজেলা নির্বাহী অফিসার, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং অন্যান্য স্টেকহোল্ডারগণের সমন্বয়ে। | ১টি (৫০জন) |
| **০৫** | জাতীয় সেমিনার | গত ০৮.০৬.২০২৩ তারিখে আইএমইডির সম্মেলন কক্ষে পরিকল্পনা কমিশন, আইএমইডি ও প্রকল্প কর্মকর্তাগণ এবং জাতীয় পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে জাতীয় কর্মশালা অনুষ্ঠিত হয়। | ১টি (১১০ জন) |

## ২.৭ সেকেন্ডারি তথ্য সংগ্রহ

প্রকল্পের কার্যক্রম সম্পর্কে যথাযথভাবে ধারণা লাভের জন্য সমীক্ষা টিম কর্তৃক প্রকল্পের ডিপিপি ও অগ্রগতি প্রতিবেদন ও অন্যান্য দলিলাদি সংগ্রহপূর্বক পর্যালোচনা করেছেন। প্রকল্প বাস্তবায়নের অর্জিত সাফল্য সম্পর্কে সম্যক ধারণা অর্জনের জন্যে প্রকল্পের বাস্তব ও আর্থিক লক্ষ্যমাত্রা ও অগ্রগতি প্রতিবেদন বিশ্লেষণ করা হয়েছে। এ লক্ষ্যে প্রকল্পের ডিপিপি, আইএমইডির ০১, ০২, ০৩, ০৫ প্রতিবেদন, আইএমইডির পরিদর্শন প্রতিবেদন সংগ্রহ পূর্বক পর্যালোচনা করা হয়েছে এবং ভবিষ্যতে এ ধরণের নতুন প্রকল্পের গ্রহণের ক্ষেত্রে সমস্যা, করণীয় ও সুপারিশসমূহ নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার চূড়ান্ত প্রতিবেদনে প্রতিফলিত করা হয়েছে। এছাড়া প্রকল্পের বর্তমান অবস্থা, কারা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন ইত্যাদি ওয়েবসাইট হতে সংগ্রহ করা হয়েছে।

## ২.৮ তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ পদ্ধতি

### ২.৮.১ তথ্য সংগ্রহকারী নিয়োগ ও প্রশিক্ষণ

সমীক্ষার জন্য ০৪ জন তথ্য সংগ্রহকারী এবং তথ্য সংগ্রহকারীদের নিবিড় পর্যবেক্ষণের জন্য ০২ জন সুপারভাইজার নিয়োগ দেয়া হয়। সুপারভাইজারগণ তথ্য সংগ্রহকারীদের follow-up করেন এবং KII ও FGD পরিচালনা করেন এবং তথ্য সংগ্রহকারীগণ এ ব্যাপারে তাদের সাহায্য করেন । সকল তথ্য সংগ্রহের জন্য মোট ১২ দিন সময় প্রয়োজন হয় (একদিন ছুটি বিবেচনা করে)।

প্রারম্ভিক প্রতিবেদন সমীক্ষা তত্ত্বাবধান কমিটির সভায় অনুমোদনের পর তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজরগণকে ২ দিনের প্রশিক্ষণ দেয়া হয়। প্রশিক্ষণের সময় আইএমইডির সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত থেকে প্রকল্প সম্পর্কে আলোচনা করেন। আইএমইডি কর্তৃক প্রশ্নপত্র চূড়ান্ত অনুমোদনের পর তথ্য সংগ্রহ করার জন্য প্রেরণ করা হয়েছে।

তথ্য সংগ্রহকারীদের প্রশিক্ষণ কর্মসূচিতে নিম্নোক্ত বিষয়াবলী অন্তর্ভুক্ত করা হয়েছে-

- ✓ পরিবীক্ষণ কাজের পটভূমি এবং উদ্দেশ্য
- ✓ পরিবীক্ষণ কাজের কর্মপরিধি (TOR)
- ✓ পরিবীক্ষণ কাজের পন্থা ও পদ্ধতি (Approach & Methodology)
- ✓ পরিবীক্ষণ কাজের প্রশ্নপত্র, ছক ও গাইডলাইন (Questionnaire & Guideline)
- ✓ উত্তরদাতার শ্রেণীবিন্যাস
- ✓ উত্তরদাতাকে প্রশ্ন করার ধরন
- ✓ তথ্য/ উপাত্ত সংগ্রহের পদ্ধতি এবং ধরন
- ✓ উত্তর লিপিবদ্ধকরণ

### ২.৮.২ সাক্ষাৎকার গ্রহণ

নির্ধারিত প্রশ্নপত্রের সাহায্যে উত্তরদাতাগণের সাক্ষাৎকার গ্রহণ করেন। প্রশ্নপত্রেই উত্তর লিপিবদ্ধ করেন, প্রয়োজনে পৃথক কাগজ ব্যবহার করেন। প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন, প্রকল্পের স্থীর চিত্র সংগ্রহ, নিবিড় আলোচনা, এফজিডি ইত্যাদির জন্য সংশ্লিষ্ট চেকলিস্ট/গাইডলাইন অনুসরণ করা হয়। প্রয়োজনে অনুমতি সাপেক্ষে নিবিড় আলোচনা রেকর্ড করা হয়েছে।

## ২.৯ প্রতিবেদন প্রস্তুতকরণ

সংগৃহীত তথ্য/উপাত্ত প্রক্রিয়াকরণে প্রয়োজনীয় বিশ্লেষণ পূর্বক সহজ বোধগম্য ভাষায় প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রারম্ভিক প্রতিবেদনে বর্ণিত সমীক্ষার রূপরেখা ও প্রশ্নপত্র সংযুক্ত করে টেকনিক্যাল কমিটির সুপারিশ এবং সমীক্ষা তত্ত্বাবধান কমিটি সভার অনুমোদনের জন্য ২৪ কপি প্রেরণ করা হয় এবং সমীক্ষা তত্ত্বাবধান কমিটির অনুমোদনের পর মাঠ পর্যায়ের তথ্য/উপাত্ত সংগ্রহের কাজ শুরু করা হয়।

মাঠ পর্যায়ে সংগৃহীত সকল তথ্য/উপাত্ত প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণের পর ১ম খসড়া প্রতিবেদন প্রস্তুত করে টেকনিক্যাল কমিটির সুপারিশ এবং সমীক্ষা তত্ত্বাবধান কমিটির অনুমোদনের জন্য ২৪ কপি প্রেরণ করা হয়েছে। ১ম খসড়া প্রতিবেদনের উপর দেয়া সংশ্লিষ্ট কমিটির মন্তব্য/সুপারিশ-এর আলোকে ২য় খসড়া প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে এবং ২য় খসড়া প্রতিবেদনের কপি জাতীয় পর্যায়ে আয়োজিত কর্মশালায় উপস্থাপন করার জন্য ১১০ কপি প্রেরণ করা হয়েছে।

কর্মশালায় অংশগ্রহণকারীগণের মন্তব্য বিবেচনায় নিয়ে চূড়ান্ত খসড়া প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে এবং চূড়ান্ত খসড়া প্রতিবেদন পুনরায় টেকনিক্যাল কমিটির মতামত ও সুপারিশের আলোকে চূড়ান্ত প্রতিবেদন অনুমোদনের জন্য আইএমইডি’তে প্রেরণ করা হয়েছে। অনুমোদিত চূড়ান্ত প্রতিবেদন এর প্রিন্ট কপি বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সেক্টর-৫ এর কর্মকর্তাদের সাথে আলোচনা করে (বাংলা-৪০ কপি ও ইংরেজী-২০ কপি) মহাপরিচালক, সেক্টর-৫, আইএমইডি বরাবর দাখিল করা হয়েছে।

### ২.৯.১ প্রতিবেদন দাখিল (Reporting)

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা কাজটি সম্পাদনে টার্মস অফ রেফারেন্স এর-শর্তানুযায়ী বিভিন্ন পর্যায়ে পাঁচটি ধাপে প্রতিবেদন দাখিল করা হবে যা নিম্নে উল্লেখ করা হলোঃ

| নং | প্রতিবেদনের নাম | সময়কাল | সংখ্যা |
|---|---|---|---|
| ক। | প্রারম্ভিক প্রতিবেদন (টেকনিক্যাল/ সমীক্ষা তত্ত্বাবধান) সভা | চুক্তি সম্পাদনের ১৪ দিনের মধ্যে | ২৪ কপি |
| খ। | ১ম খসড়া প্রতিবেদন (টেকনিক্যাল/ সমীক্ষা তত্ত্বাবধান) সভা | চুক্তি সম্পাদনের ৬০ দিনের মধ্যে | ২৪ কপি |
| গ। | ২য় খসড়া প্রতিবেদন | চুক্তি সম্পাদনের ৭৮ দিনের মধ্যে | ১১০ কপি |
| ঘ। | কর্মশালার মতামতের ভিত্তিতে খসড়া চূড়ান্ত প্রতিবেদন | চুক্তি সম্পাদনের ৮০ দিনের মধ্যে | ১২ কপি |
| ঙ। | চূড়ান্ত প্রতিবেদন (বাংলা ৪০ ও ইংরেজি ২০) | চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে | ৬০ কপি |

## ২.১০ নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের সময়ভিত্তিক কর্ম-পরিকল্পনা

সমীক্ষা কাজের কর্ম-পরিকল্পনা নিম্নে দেয়া হলো-

| ক্রমিক নং | কার্যাবলী | সময় |
|---|---|---|
| ১. | চুক্তি স্বাক্ষর | ১৫/০২/২০২৩ |
| ২. | খসড়া প্রারম্ভিক প্রতিবেদন প্রণয়ন ও দাখিল এবং খসড়া প্রারম্ভিক প্রতিবেদনের উপর টেকনিক্যাল কমিটি সভার আলোচনা ও সিদ্ধান্ত | ১৬/০২/২০২৩-০৫/০৩/২০২৩ |
| ৩. | সমীক্ষা তত্ত্বাবধান কমিটির সভার জন্য খসড়া প্রারম্ভিক প্রতিবেদন প্রণয়ন ও দাখিল | ০৬/০৩/২০২৩-১০/০৩/২০২৩ |
| ৪. | প্রারম্ভিক প্রতিবেদন অনুমোদনের জন্য দাখিল | ১১/০৩/২০২৩-১৩/০৩/২০২৩ |
| ৫. | তথ্য সংগ্রহকারীদের প্রশিক্ষণ | ১৪/০৩/২০২৩-১৫/০৩/২০২৩ |
| ৬. | মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ ও নির্মাণ কাজের গুণগতমান যাচাই | ১৬/০৩/২০২৩-২৮/০৩/২০২৩ |
| ৮. | ডাটা এন্ট্রি, ভেরিফিকেশন, ডাটা প্রসেসিং ও ডাটা এনালাইসিস | ২৯/০৩/২০২৩-১০/০৪/২০২৩ |
| ৯. | ১ম খসড়া প্রতিবেদন প্রণয়ন ও দাখিল | ১১/০৪/২০২৩-১০/০৫/২০২৩ |
| ১০ | টেকনিক্যাল ও সমীক্ষা তত্ত্বাবধান কমিটি সভা কর্তৃক ১ম খসড়া প্রতিবেদন পর্যালোচনা | ১১/০৫/২০২৩-২৩/০৫/২০২৩ |
| ১১. | সভার সিদ্ধান্ত মোতাবেক ২য় খসড়া প্রতিবেন প্রণয়ন ও দাখিল | ২৪/০৫/২০২৩-০৫/০৬/২০২৩ |
| ১২. | জাতীয় কর্মশালায় ২য় খসড়া প্রতিবেদন পর্যালোচনা | ০৬/০৬/২০২৩-০৮/০৬/২০২৩ |
| ১৩. | চূড়ান্ত খসড়া প্রতিবেদন সংশোধন ও টেকনিক্যাল কমিটি সভায় উপস্থাপন | ০৯/০৬/২০২৩-১১/০৫/২০২৩ |
| ১৪. | খসড়া প্রতিবেদন চূড়ান্ত করণ প্রিন্ট ও দাখিল | ১২/০৬/২০২৩-১৫/০৬/২০২৩ |

### কর্ম-পরিকল্পনারচার্ট-২.১

| কাজের বিবরণ | কার্যক্রম আরম্ভের দিন হতে সপ্তাহিকভাবে | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ফেব্রুয়ারি-২০২৩ | | | | মার্চ-২০২৩ | | | | এপ্রিল-২০২৩ | | | | মে-২০২৩ | | | | জুন-২০২৩ | |
| | ১ | ২ | ৩ | ৪ | ১ | ২ | ৩ | ৪ | ১ | ২ | ৩ | ৪ | ১ | ২ | ৩ | ৪ | ১ | ২ |
| চুক্তি স্বাক্ষর | | | | | | | | | | | | | | | | | | |
| আইএমইডি-র সাথে মিটিং | | | | | | | | | | | | | | | | | | |
| ডকুমেন্ট সংগ্রহ এবং বিশ্লেষণ | | | | | | | | | | | | | | | | | | |
| কার্য পরিকল্পনা তৈরি | | | | | | | | | | | | | | | | | | |
| পরামর্শক নিয়োগ | | | | | | | | | | | | | | | | | | |
| প্রাথমিক তথ্যানুসন্ধান | | | | | | | | | | | | | | | | | | |
| প্রশ্নমালা প্রণয়ন | | | | | | | | | | | | | | | | | | |
| প্রশ্নমালার প্রাক যাচাইকরণ | | | | | | | | | | | | | | | | | | |
| প্রশ্নমালা চূড়ান্তকরণ | | | | | | | | | | | | | | | | | | |
| ইনসেপশন রিপোর্ট তৈরি ও দাখিল | | | | | | | | | | | | | | | | | | |
| নমুনা পরিকল্পনাসহ জরিপ পরিকল্পনা প্রণয়ন | | | | | | | | | | | | | | | | | | |
| টেকনিক্যাল কমিটি কর্তৃক ইনসেপশন রিপোর্টে সুপারিশ প্রদান | | | | | | | | | | | | | | | | | | |
| সমীক্ষা তত্ত্বাবধানকমিটি কর্তৃক ইসসেপশন রিপোর্ট অনুমোদন | | | | | | | | | | | | | | | | | | |
| উপাত্ত সংগ্রহকারী নিয়োগ ও প্রশিক্ষণ | | | | | | | | | | | | | | | | | | |
| মাঠ পর্যায়ে সমীক্ষা পরিচালনা | | | | | | | | | | | | | | | | | | |
| উপাত্ত সংগ্রহ | | | | | | | | | | | | | | | | | | |
| উপাত্ত সংগ্রহ কার্যক্রমের তদারকী | | | | | | | | | | | | | | | | | | |
| এফজিডি পরিচালনা করা | | | | | | | | | | | | | | | | | | |
| স্থানীয় পর্যায়ে কর্মশালা পরিচালনা করা | | | | | | | | | | | | | | | | | | |
| সংগ্রহীত উপাত্তকে পরিচ্ছন্নকরণ | | | | | | | | | | | | | | | | | | |
| খসড়া আউটপুট সারণি প্রস্তুতকরণ | | | | | | | | | | | | | | | | | | |
| খসড়া আউটপুট সারণি আইএমইডি কর্তৃক অনুমোদন | | | | | | | | | | | | | | | | | | |
| উপাক্ত সাজানো | | | | | | | | | | | | | | | | | | |
| ডাটা এন্ট্রি ও যাচাইকরণ | | | | | | | | | | | | | | | | | | |
| ডাটা প্রসেসিং | | | | | | | | | | | | | | | | | | |
| ডাটা বিশ্লেষণ | | | | | | | | | | | | | | | | | | |
| খসড়া প্রতিবেদন প্রণয়ন | | | | | | | | | | | | | | | | | | |
| ১মখসড়া প্রতিবেদন দাখিল | | | | | | | | | | | | | | | | | | |
| টেকনিক্যাল কমিটির পর্যালোচনা সভায় খসড়া প্রতিবেদন উপস্থাপন | | | | | | | | | | | | | | | | | | |
| টেকনিক্যাল কমিটির সুপারিশের আলোকে খসড়া প্রতিবেদন সংশোধন | | | | | | | | | | | | | | | | | | |
| সমীক্ষা তত্ত্বাবধান কমিটির সভায় সংশোধিত খসড়া প্রতিবেদন উপস্থাপন | | | | | | | | | | | | | | | | | | |
| সংশোধিত খসড়া প্রতিবেদনের উপর মতামত | | | | | | | | | | | | | | | | | | |
| ২য় খসড়া প্রতিবেদন তৈরী | | | | | | | | | | | | | | | | | | |
| জাতীয় কর্মশালায় ২য় খসড়া প্রতিবেদন উপস্থাপন ও চূড়ান্ত প্রতিবেদন তৈরি | | | | | | | | | | | | | | | | | | |
| মতামতের ভিত্তিতে চূড়ান্ত খসড়া প্রতিবেদন তৈরি | | | | | | | | | | | | | | | | | | |
| চূড়ান্ত খসড়া প্রতিবেদন টেকিনিক্যাল কমিটি সভায় উপস্থাপন | | | | | | | | | | | | | | | | | | |
| মতামতরে ভিত্তিতে চূড়ান্ত প্রতিবেদন দাখিল | | | | | | | | | | | | | | | | | | |

# তৃতীয় অধ্যায়
# ফলাফল পর্যালোচনা

## ৩.১ প্রকল্পের অনুকূলে বছরভিত্তিক অর্থ-বরাদ্দ, ছাড় ও প্রকৃত ব্যয় পর্যালোচনা

কারা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “নরসিংদী জেলা কারাগার নির্মাণ” শীর্ষক প্রকল্পটির অনুমোদিত ডিপিপি অনুযায়ী সর্বমোট প্রাক্কলন ব্যয় ৩২৬৯৮.৪৩ লক্ষ টাকা। এডিপিতে অর্থ বরাদ্দ, অর্থ-ছাড় ও প্রকৃত ব্যয় পর্যালোচনা ও বিশ্লেষণ নিম্নে দেয়া হলো-

**সারণি- ৩.১ এডিপিতে অর্থ-বরাদ্দ, ছাড় এবং প্রকৃত ব্যয় বিশ্লেষণ** **লক্ষ টাকায়**

| অর্থ বছর | ডিপিপি/ টিপিপি সংস্থান | এডিপি বরাদ্দ | অর্থ ছাড় | প্রকৃত ব্যয় (%) | ক্রমপুঞ্জিত ব্যয় (মোট প্রকল্প ব্যয়ের %) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ২০১৯-২০২০ | ১১৯৪০.৬৪ | ১৮.০০ | ১৮.০০ | ১৭.৯৯ (৯৯.৯৪) | ১৭.৯৯ (০.০৫) |
| ২০২০-২০২১ | ১৩৪৫.১৯ | ৫০.০০ | ৫০.০০ | ৪৯.৩৬ (৯৮.৭২) | ৪৯.৩৬ (০.১৫) |
| ২০২১-২০২২ | ৭৩০৪.৬০ | ১০০০০.০০ | ১০০০০.০০ | ৯৯৯২.৯৮ (৯৯.৯৯) | ৯৯৯২.৯৮ (৩০.৫৬) |
| ২০২২-২০২৩ | -- | ৪০০০.০০ | ১৫০০.০০ | ১৪৬৯.১৩ (৯৭.৯৪) | ১৪৬৯.১৩ (৪.৪৯) |
| **মোট (এপ্রিল ২০২৩ পর্যন্ত)** | **৩২৬৯৮.৪৩** | **১৪০৬৮.০০** | **১১৫৬৮.০০** | **১১,৫২৯.৪৬ (৯৯.৬৬)** | **১১,৫২৯.৪৬ (৩৫.২৬)** |

**উৎসঃ ডিপিপি ও প্রকল্প অফিস**

**পর্যালোচনাঃ**

পর্যালাচনায় দেখা যায় যে, ডিপিপি অনুযায়ী ২০১৯-২০২০ অর্থ বছরে প্রকল্পের প্রাক্কলন ব্যয় ছিল ১১৯৪০.৬৪ লক্ষ টাকা কিন্তু উক্ত বছরে কর্ম-পরিকল্পনা কম থাকায় প্রকল্পের অনুকূলে এডিপিতে ১৮.০০ লক্ষ টাকা বরাদ্দ পায় তবে ১৮.০০ (১০০%) লক্ষ টাকাই অর্থ-ছাড় এবং ১৭.৯৯ (৯৯.৮৪%) লক্ষ টাকা ব্যয় করা হয়েছে অর্থাৎ বরাদ্দ অনুযায়ী অর্থ-ছাড় এবং ব্যয়ে কোন সমস্যা হয়নি। এছাড়া দেখা যায় যে, কর্ম-পরিকল্পনা অনুযায়ী অর্থ-বছরভিত্তিক ডিপিপি’তে যে প্রাক্কলন ব্যয় ধরা হয়েছে তার থেকে অনেক কম এডিপি’তে বরাদ্দ হয়েছে কিন্তু বরাদ্দের অনুকূলে যথাসময়ে অর্থ-ছাড় হয়েছে।

২০২০-২০২১ অর্থ-বছরেও কর্ম-পরিকল্পনা কম থাকায় প্রকল্পের অনুকূলে এডিপিতে ৫০.০০ লক্ষ টাকা বরাদ্দ পায় তবে ৫০.০০ (১০০%) লক্ষ টাকাই অর্থ-ছাড় এবং ৪৯.৩৬ (৯৮.৭২%) লক্ষ টাকা ব্যয় করা হয়েছে অর্থাৎ বরাদ্দ অনুযায়ী অর্থ-ছাড় এবং ব্যয়ে কোন সমস্যা হয়নি। কিন্তু প্রকল্পের আওতায় এই ২ অর্থ-বছরে মূল প্রকল্পের মাত্র ০.২০% অর্থ-ব্যয় করা হয় যা প্রকল্প মেয়াদ বিবেচনায় খুবই কম।

২০২১-২০২২ অর্থ-বছরের প্রকল্পের অনুকূলে ৩০.৫৬% অর্থ ব্যয় কর হয়। এছাড়া চলতি ২০২২-২০২৩ অর্থ-বছরে এডিপি’তে বরাদ্দ রয়েছে ৪,০০০.০০ লক্ষ টাকা ও অর্থ-ছাড় হয়েছে মাত্র ১৫০০.০০ লক্ষ টাকা যা বরাদ্দের ৩৭.৫% এবং ছাড় অনুযায়ী ব্যয় করা হয়েছে ১৪৬৯.১৩ (৯৭.৯৪%) লক্ষ টাকা। এপ্রিল-২০২৩ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ১১,৫২৯.৪৬ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৩৫.২৬%। প্রকল্পের আওতায় ডিপিপি’র সংস্থান অনুযায়ী এডিপি’তে অর্থ-বরাদ্দ ও ছাড় হয়নি। উল্লেখ্য যে, প্রকল্পটি বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের অগ্রাধিকার তালিকায় প্রকল্পটি “সি” ক্যাটাগরিভুক্ত। এমতাবস্থায় ২০২২-২০২৩ অর্থ-বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত “সি” ক্যাটাগরিভুক্ত হওয়ায় “নরসিংদী জেলা কারাগার নির্মাণ” প্রকল্পটি অগ্রাধিকার তালিকায় “সি” ক্যাটাগরি হতে “বি” ক্যাটাগরিতে পুনঃনির্ধারণ করার প্রস্তাব সুরক্ষা সেবা বিভাগ হতে অর্থ-বিভাগে প্রেরণ করা হয়েছে।

## ৩.২ প্রকল্পের অঙ্গভিত্তিক বার্ষিক কর্ম-পরিকল্পনার অগ্রগতি পর্যালোচনা

প্রকল্পের অগ্রগতি প্রতিবেদনে দেখা যায় যে, জুন/২০২২ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১০০৬০.৩৪ লক্ষ টাকা বা ৩০.৭৭%। চলতি ২০২২-২০২৩ অর্থ-বছরের আর্থিক লক্ষ্যমাত্রা ৪০০০.০০ লক্ষ টাকা বা ১২.২৩%। চলতি অর্থ-বছর প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী এপ্রিল/২০২৩ পর্যন্ত খরচ করা হয়েছে ১৪৬৯.১৩ লক্ষ টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি এপ্রিল/২০২৩ পর্যন্ত ১১,৫২৯.৪৬ লক্ষ টাকা বা ৩৫.২৬%। বিস্তারিত নিম্নের সারণি ৩.২ এ দেওয়া হলো-

সারণি-৩.২ প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক লক্ষ্যমাত্রা এবং ক্রমপুঞ্জিত অগ্রগতি (লক্ষ টাকা)

| ক্রমিক নং | ডিপিপি অনুযায়ী অঙ্গভিত্তিক কাজ (পরিমাণসহ) | প্রাক্কলিত ব্যয় | প্রকল্পের ক্রমপুঞ্জিত অর্জন জুন/২০২২ পর্যন্ত | | চলতি ২০২২-২০২৩ বছরের লক্ষ্যমাত্রা | | চলতি অর্থ-বছর এপ্রিল/২০২৩ পর্যন্ত বরাদ্দ অনুযায়ী অগ্রগতি | | এপ্রিল/২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | আর্থিক অগ্রগতি | ভৌত অগ্রগতি (অঙ্গের %) | আর্থিক লক্ষ্যমাত্রা | ভৌত লক্ষ্যমাত্রা | আর্থিক অগ্রগতি | ভৌত অগ্রগতি (অঙ্গের %) | আর্থিক অগ্রগতি | ভৌত অগ্রগতি (অঙ্গের %) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| **A) Revenue Component** | | | | | | | | | | |
| ১ | Officer's Salary | ২২.৮৯ | ২০.২৪ | ৭৬.৩১ | ৮.৪২ | ৩৬.৭৮ | ৬.৯৯ | ২৫.৯৪ | ২৬.৫২ | ৯৮.৪৪ |
| ২ | Staff's Salary | ৪.০৫ | -- | -- | --- | --- | --- | | | |
| ৩ | Allowance | ২৬.৫১ | ১৫.০৩ | ৫৬.৬০ | ৯.৮৭ | ৩৭.২৩ | ৭.৯৫ | ২৯.৯৮ | ২২.৯৮ | ৮৬.৬৮ |
| ৪ | Honorarium | ৮.০০ | ২.৬৯ | ৩৩.৬২ | ০.০০ | ০.০০ | --- | -- | ২.৬৯ | ৩৩.৬২ |
| ৫ | Administrative Expenses | ৬৪.৪৩ | ৩৬.৫৯ | ৫৬.৭৯ | ৯.৯৪ | ১৫.৪২ | ৭.৮১ | ৭১.১২ | ৪৪.৪০ | ৬৮.৯১ |
| ৬ | Fees, Charges and Commissions | ২৫.০০ | ২৫.০০ | ১০০.০০ | ০.০০ | ০.০০ | --- | -- | ২৫.০০ | ১০০.০০ |
| ৭ | Exposure visit/Foreighn visit/Study Tour | ১০০.০০ | -- | -- | ০.০০ | ০.০০ | --- | -- | -- | -- |
| ৮ | Travel Expense | ৫.৪০ | ০.৪০ | ৭.৪০ | ০.৮০ | ১৪.৮১ | ০.২৯ | ৩৬.২৫ | ০.৬৯ | ১২৭৭ |
| ৯ | Fuel Lubricants, Gas | ৯.০০ | -- | -- | ০.০০ | ০.০০ | --- | | | |
| ১০ | Printing and stationary | ৩০.০০ | ১০.৩৯ | ৩৪.৬৩ | ৫.৯৭ | ১৯.৯ | ২.৬৯ | ৩৬.৬৮ | ১৩.০৮ | ৪৩.৬০ |
| ১১ | Repair of Maintenance of Vehicles of PD | ৭.২০ | -- | -- | ০.০০ | ০.০০ | --- | -- | -- | -- |
| **Sub-Total: Revenue (A)** | | **৩০২.৪৭** | **১১০.৩৪** | **৩৬.৪৮** | **৩৫.০০** | **১১.৫৭** | **২৫.৭৩** | **৭৩.৫১** | **১৩৬.০৭** | **৪৪.৯৮** |
| **B) Capital Component** | | | | | | | | | | |
| ১২ | Residential Building | ১৪৪৪৪.৪৯ | ৮২০০.০০ | ৫৬.৭৬ | ১৩১৫.০০ | ৯.১০ | ৬০০.০০ | ৪৫.৬২ | ৮৮০০.০০ | ৬০.৯২ |
| ১৩ | Non Residential building | ২৪২৪.৪৩ | ৯০০.০০ | ৩৭.১২ | ৬০০.০০ | ২৪.৭৪ | ২০০.০০ | ৩৩.৩৩ | ১১০০.০০ | ৪৫.৩৭ |
| ১৪ | Others Structures | ১০৪৩২.২৩ | ৬৪০.০০ | ৬.১৬ | ১০৩০.০০ | ৯.৮৭ | ৪০০.০০ | ৩৮.৮৩ | ১০৪০.০০ | ৯.৯৬ |
| ১৫ | Land Improvements | ২০৬২.৪১ | ২০০.০০ | ৯.৭০ | ২৭০.০০ | ১৩.০৯ | ১৯৯.৭৪ | ৭৩.৯৭ | ৩৯৯.৭৪ | ৯.৬৮ |

| ক্রমিক নং | ডিপিপি অনুযায়ী অঙ্গভিত্তিক কাজ (পরিমাণসহ) | প্রাক্কলিত ব্যয় | প্রকল্পের ক্রমপুঞ্জিত অর্জন জুন/২০২২ পর্যন্ত | | চলতি ২০২২-২০২৩ বছরের লক্ষ্যমাত্রা | | চলতি অর্থ-বছর এপ্রিল/২০২৩ পর্যন্ত বরাদ্দ অনুযায়ী অগ্রগতি | | এপ্রিল/২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | আর্থিক অগ্রগতি | ভৌত অগ্রগতি (অঙ্গের %) | আর্থিক লক্ষ্যমাত্রা | ভৌত লক্ষ্যমাত্রা | আর্থিক অগ্রগতি | ভৌত অগ্রগতি (অঙ্গের %) | আর্থিক অগ্রগতি | ভৌত অগ্রগতি (অঙ্গের %) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১৬ | Vehicle (purchase (1 jeep for PD and 1 motocycle for field office) | ৭৭.০০ | -- | -- | ০.০০ | ০.০০ | -- | -- | -- | -- |
| ১৭ | Computers and accessories | ৬.০০ | ৫.০০ | ৮৩.৩৩ | --- | --- | -- | -- | ৫.০০ | ৮৩.৩৩ |
| ১৮ | Office Equipment | ৭.৮০ | ৫.০০ | ৬৪.১০ | --- | --- | -- | -- | | |
| ১৯ | Furniture | ১৯০.১৩ | -- | -- | ০.০০ | ০.০০ | -- | -- | -- | -- |
| ২০ | Machinery and Equipment | ১৪৬৩.৮৪ | -- | -- | ০.০০ | ০.০০০ | -- | | -- | -- |
| | *Electrical equipment (4112303)* | *৭৬৬.০০* | --- | --- | ৭৫০.০০ | ৫.৬৯ | *৪৩.৬৬* | *১০০%* | *৪৩.৬৬* | *১০০%* |
| ২১ | Arboriculture | ৩০.০০ | -- | -- | --- | --- | -- | | -- | -- |
| ২২ | Sub Total (B): Capital | ৩১১৩৮.৩৩ | ৯৯৫০.০০ | ৩১.৯৫ | ৩৯৬৫.০০ | ১২.৭৩ | *১৪৪৩.৪০* | *৩৬.৪০* | ১১,৩৯৩.৪০ | ৩৬.৫৮ |
| ২৩ | **C)** Capital Contingency (A+B) 2% | **৬২৮.৮২** | **--** | **--** | --- | --- | -- | -- | -- | -- |
| ২৪ | **D)** Price Contingency (A+B) 2% | **৬২৮.৮২** | **--** | **--** | --- | --- | -- | -- | -- | -- |
| **Grand Total (A+B+C+D)** | | **৩২৬৯৮.৪৩** | **১০০৬০.৩৪** | **৩০.৭৭** | **৪০০০.০০** | **১২.২৩** | **১৪৬৯.১৩** | ***১৯.২৩*** | **১১,৫২৯.৪৬** | **৫০.০০** |

উৎসঃ ডিপিপি এবং প্রকল্প পরিচালকের দপ্তর

পর্যালোচনায় দেখা যায় যে, এ প্রকল্পের আওতায় বৈদেশিক প্রশিক্ষণ বাবদ ১০০.০০ লক্ষ টাকার সংস্থান থাকলেও এখন পর্যন্ত বৈদেশিক প্রশিক্ষণ গ্রহণ করা হয়নি। এছাড়া, ১টি জিপ গাড়ি এবং ১টি মোটরসাইকেল ক্রয় বাবদ ৭৭.০০ লক্ষ টাকার সংস্থান থাকলেও অদ্যাবধি ক্রয় করা হয়নি। প্রকল্প পরিচালক সুরক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত পূর্বের গাড়ি ব্যবহার করছেন। অফিস সরঞ্জামাদি, আসবাবপত্র, মেশিনারিজ ও যন্ত্রপাতি অঙ্গেরও কোন অর্থ খরচ করা হয়নি। প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক জানা যায়, প্রকল্পের আওতায় এডিপিতে বরাদ্দ না থাকায় উক্ত অঙ্গগুলোর বিপরীতে এখনো কোন অর্থ খরচ করা হয়নি।

## ৩.৩ প্রকল্পের প্রধান প্রধান কাজের অগ্রগতি পর্যালোচনাঃ

প্রকল্পের আওতায় প্রধান কাজ হচ্ছে ভূমি উন্নয়ন এবং নরসিংদী জেলা কারাগারের আবাসিক ও অনাবাসিক ভবন নির্মাণ করা। নিম্নে প্রধান প্রধান কাজের অগ্রগতি দেয়া হলো-

সারণি-৩.৩ প্রধান প্রধান কাজের অগ্রগতি

| ২০২২-২০২৩ অর্থবছরের কর্ম-পরিকল্পনার বিপরীতে এপ্রিল/২০২৩ মাস পর্যন্ত অগ্রগতি | | মন্তব্য |
|---|---|---|
| বাস্তব কর্মকান্ড | | |
| উপাংশ | ভৌত অগ্রগতি প্যাকেজ ভিত্তিক | |
| ক) ডিপিপি/টিপিপি অনুযায়ী ক্রয়ের জন্য প্যাকেজ (পূর্ত)<br>প্যাকেজ নম্বর : **পূর্ত-১(এ)**<br>১। বিচারাধীন বন্দি ব্যারাক ভবন ৬ তলা ভিত বিশিষ্ট ৬ তলা ভবন ২টি।<br>২। সাজাপ্রাপ্ত বন্দি ভবন ৬ তলা ভিত বিশিষ্ট ৬ তলা ভবন ১টি।<br>৩। মানুসিক সমস্যায় আক্রান্ত বন্দি ব্যারাক ৪তলা ভিত বিশিষ্ট ৪তলা ভবন ১টি।<br>৪। পুরুষ শ্রেণীপ্রাপ্ত বন্দি ভবন ৪ তলা ভিত বিশিষ্ট ৪ তলা ভবন ১টি।<br>৫। ২০ জনের কন্ডেম এবং ৩০ জনের নিরাপত্তা সেলসহ অন্যান্য ৫ তলা ভিত বিশিষ্ট ৫তলা ভবন ১টি।<br>৬। পুরুষ ল্যাট্রিন ১তলা ভিত বিশিষ্ট ১ তলা ভবন ৩টি।<br>৭। গোসলখানা ১ তলা ভিত বিশিষ্ট ভবন ৩টি।<br>৮। ফ্লাউয়ার মিল।<br>৯। গ্রন্থাগার এবং মটিভেশন সেন্টার ৪ তলা ভিত বিশিষ্ট ২ তলা ভবন ১ টি।<br>১০। ফাঁসির মঞ্চ।<br>১১। পেরিমিটার ওয়াল ১৮’-০” উ”Pতা বিশিষ্ট।<br>১২। সেগরিগেশন ওয়াল (পুরুষ)।<br>১৩। সেগরিগেশন ওয়াল (পুরুষ অভ্যন্তরীন)।<br>১৪। গৃহস্থালী বর্জ্য ব্যবস্থাপনা।<br>১৫। বৃষ্টির পানি সংরক্ষণ। | ৮০.০০% | প্যাকেজ নম্বর : পূর্ত-১ (এ) এর বিভিন্ন ভবন/স্থাপনার ভৌত/পূর্ত নির্মাণ কাজ চলমান আছে। |
| প্যাকেজ নম্বর : **পূর্ত-১(বি)**<br>১। পুরুষ বন্দি হাসপাতাল রান্নাঘর সহ ৬ তলা ভিত বিশিষ্ট ৫ তলা ভবন ১টি।<br>২। রান্নাঘর ১ তলা ভিত বিশিষ্ট ১তলা ভবন ২টি।<br>৩। কেইস টেবিল ১তলা ভিত বিশিষ্ট ১ তলা ভবন ১ টি।<br>৪। অভ্যন্তরস্থ ক্যান্টিন ১ তলা ভিত বিশিষ্ট ১ তলা ভবন ১টি।<br>৫। প্রশাসনিক ওয়ার্ড ১ তলা ভিত বিশিষ্ট ১ তলা ভবন ১টি।<br>৬। ফটো ষ্টুডিও ১তলা ভিত বিশিষ্ট ১তলা ভবন ১টি।<br>৭। ওয়ার্কশেড, ষ্টোর, লন্ড্রি এবং সেলুন ৪তলা ভিত বিশিষ্ট ৪তলা ভবন ১টি।<br>৮। অভ্যন্তরস্থ গোডাউন ২তলা ভিত বিশিষ্ট ২তলা ভবন ১টি।<br>৯। মহিলা বিচারাধীন এবং সাজাপ্রাপ্ত ভবন ৫তলা ভিত বিশিষ্ট ৫তলা ভবন ১টি।<br>১০। এমআইওয়ার্ড, শিশু দিবা যত্ন কেন্দ্র, বিনোদনকক্ষসহ ওযার্কশেড ও স্কুল ৬ তলা ভিত বিশিষ্ট ৪ তলা ভবন ১টি। | ৫৫.০০% | প্যাকেজ নম্বর : পূর্ত-১ (বি) এর বিভিন্ন ভবন/স্থাপনার ভৌত/পূর্ত নির্মাণ কাজ চলমান আছে। |

| | | |
|---|---|---|
| ১১। মহিলা শ্রেণীপ্রাপ্ত বন্দি এবং জুভিনিল বন্দি ভবন ৪ তলা ভিত বিশিষ্ট ভবন ১টি।<br>১২। মহিলা বন্দি সেল ২ তলা ভিত বিশিষ্ট ২ তলা ভবন ১টি।<br>১৩। মহিলাদের গোসলখানা ১তলা ভিত বিশিষ্ট ১ তলা ভবন ১টি।<br>১৪। মহিলাদের শৌচাগার ১তলা ভিত বিশিষ্ট ১ তলা ভবন ১ টি।<br>১৫। ৬৫০ বর্গফুট বাসভবন ১০ তলা ভিত বিশিষ্ট ১০ তলা ভবন ২টি।<br>১৬। সেগরিগেশন ওয়াল (মহিলা) ১২'-০" উচ্চতা বিশিষ্ট।<br>১৭। সেগরিগেশন ওয়াল (মহিলা অভ্যন্তরীন)।<br>১৮। সীমানা প্রাচীর(৫'-০" সলিড)।<br>১৯। সীমানা প্রাচীর ২'-৬" সলিড,২'-৬" গ্রিল।<br>২০। বহিঃস্থ পানি সরবরাহ ও পয়:নিস্কাশন ব্যবস্থা। | | |
| প্যাকেজ নম্বর পূর্ত-১(সি)<br>১। প্রশাসনিক ভবন, ম্যাগাজিন ও ভার্চুয়াল কোর্ট ভবন<br>৪ তলা ভিত বিশিষ্ট ৩ তলা ভবন ১টি।<br>২। স্বাক্ষাৎকার ব্লক মহিলা ও পুরুষ ৩তলা ভিত বিশিষ্ট ৩ তলা ভবন ১টি।<br>৩। দর্শনার্থী অপেক্ষাগার ১তলা ভিত বিশিষ্ট ১ তলা ভবন ১টি।<br>৪। ব্যাচেলার অফিসার কোয়ার্টার ৩ তলা ভিত বিশিষ্ট ৩ তলা ভবন ১টি।<br>৫। ১২৫০ বর্গফুট বাসভবন ৫ তলা ভিত বিশিষ্ট ৪ তলা ভবন ১টি।<br>৬। ১০০০ বর্গফুট বাসভবন ৫ তলা ভিত বিশিষ্ট ৪ তলা ভবন ১টি।<br>৭। ৮০০ বর্গফুট বাসভবন ৫ তলা ভিত বিশিষ্ট ৫ তলা ভবন ১টি।<br>৮। এমআই ইউনিটসহ ১৫০ জনের পুরুষ ব্যারাক ভবন ৬তলা ভিত বিশিষ্ট ৩তলা ভবন ১টি।<br>৯। ষ্টোর : ১২ ফুট উচ্চতা বিশিষ্ট ২তলা ভিত বিশিষ্ট ২তলা ভবন ২টি।<br>১০। ফুয়েল ষ্টোর : ১২ ফুট উচ্চতা বিশিষ্ট ১তলা ভিত বিশিষ্ট<br>১তলা ভবন ১টি।<br>১১। পাওয়ার সাব ষ্টেশন ২ তলা ভিত বিশিষ্ট ২ তলা ভবন ১টি।<br>১২। পাম্প হাউজ ১ তলা ভিত বিশিষ্ট ১ তলা ভবন ১টি।<br>১৩। গার্ড হাউজ ২ তলা ভিত বিশিষ্ট ২ তলা ভবন ১টি।<br>১৪। ক্যান্টিন ১তলা ভিত বিশিষ্ট ১ তলা ভবন ১টি।<br>১৫। স্যালটিং ডায়স।<br>১৬। প্যারেড গ্রাউন্ড/প্লেগ্রাউন্ড।<br>১৭। অবজারভেশন টাওয়ার ৪টি।<br>১৮। বর্জ্য ব্যবস্থাপনা প্লান্ট।<br>১৯। গ্যারেজ ১ তলা ভিত বিশিষ্ট ১ তলা ভবন ১ টি।<br>২০। সেন্টি বক্স এবং মেইন গেইট ২ তলা ভিত বিশিষ্ট ২ তলা ভবন ১টি।<br>২১। উন্মুক্ত স্থান।<br>২২। মসজিদ ৩ তলা ভিত বিশিষ্ট ২ তলা ভবন ১টি।<br>২৩। পুকুর খনন।<br>২৪। বহুমুখি কাজের ব্যবহৃত ভবন ৪ তলা ভিত বিশিষ্ট ২ তলা ভবন ১টি।<br>২৫। আরসিসি রাস্তা।<br>২৬। কালভার্ট।<br>২৭। কম্পাউন্ড ড্রেইন।<br>২৮। আরসিসি ওয়াকওয়ে। | ২৯.০০% | প্যাকেজ নম্বর : পূর্ত-১ (সি):এর বিভিন্ন ভবন/স্থাপনার ভৌত/পূর্ত নির্মাণ কাজ এবং ভূমি উন্নয়নের কাজ চলমান আছে। |

| | | |
|---|---|---|
| ২৯। ভূমি উন্নয়ন। | | |
| প্যাকেজ নম্বর : পূর্ত-১(ডি)<br>১। এলটি/এইচটি ডিস্ট্রিবিউশন লাইন (আন্ডারগ্রাউন্ড)।<br>২। ডিস্ট্রিবিউশন লাইন (আন্ডারগ্রাউন্ড)।<br>৩। সিকিউরিটি ও কম্পাউন্ড লাইট।<br>৪। লাইটিং এরেষ্টর ও এভিয়েশন লাইট।<br>৫। সিসিটিভি সিস্টেম।<br>৬। পিডিবি/ডেসকো/ডেসা চার্জ (১২৮০ কি. ওয়াট)।<br>৭। অগ্নি নির্বাপন ব্যবস্থ। | | প্যাকেজ নম্বর পূর্ত-১ (ডি) এর কার্যাদেশ প্রদান করা হয়েছে কিন্তু কাজ শুরু হয়নি। |
| ডিপিপি/টিপিপি অনুযায়ী ক্রয়ের জন্য প্যাকেজ (পণ্য) :<br>প্যাকেজ নম্বর : পণ্য-১(ই)<br>১। পাম্প মটর সেট।<br>২। প্যাসেঞ্জার লিফট (৮০০ কেজি, ১০ স্টেপ)।<br>৩। ৪০০ কেভিএ জেনারেটর এ টি এসসহ।<br>৪। ৮০০ কেভিএ সাবস্টেশন যন্ত্রপাতি।<br>৫। ফায়ার এক্সিটিংগুইসার।<br>৬। সৌরবিদ্যুৎ (৪৮ কিলোওয়াট) (গ্রীড ফ্রি) | | প্যাকেজ নম্বর পূর্ত-১ (ই) ই/এম-পণ্য এর কার্যাদেশ প্রদান করা হয়েছে এখনও কাজ শুরু হয়নি। |

### পর্যালোচনা ও মতামত:

প্রকল্পের আওতায় ৩টি প্যাকেজের আওতায় ৩টি ঠিকাদারী প্রতিষ্ঠান দ্বারা যাবতীয় পূর্ত কাজ সম্পন্ন হচ্ছে। প্রকল্পের ৩টি প্যাকেজের আওতায় ৬৩টি পূর্ত ও ভূমি উন্নয়নের কাজ করা হচ্ছে। ৩টি প্যাকেজের আওতায় ৬৩টি পূর্ত ও ভূমি উন্নয়নের কাজ ৩টি ঠিকাদারী প্রতিষ্ঠান দিয়ে মাত্র ১৩ মাস মেয়াদে চুক্তি সম্পাদন করা ঠিক হয়নি মর্মে প্রতীয়মান হয়েছে। বর্তমানে প্রকল্পের ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতি ৫০% যা প্রকল্প মেয়াদ বিবেচনায় খুবই কম। প্রকল্প দপ্তর কর্তৃক জানা যায় যে, ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি হয় মে/২০২১ তারিখে। উক্ত সময়ে দ্বিতীয় দফায় করোনা (কোভিড-১৯) কারণে নির্মাণ কাজ ৪-৫ মাস বিলম্ব হয়। এছাড়া, শুরুতেই প্রকল্প এলাকার সীমানা জটিলতায় ঠিকাদারী প্রতিষ্ঠানকে সঠিক সময়ে সাইট বুঝিয়ে দেয়া যায়নি যার ফলে ৩-৪ মাস সময় বিলম্ব হয় মর্মে মতামত প্রকাশ করেন।

### ভূমি উন্নয়ন কাজঃ

প্রকল্পের অন্যতম প্রধান কাজ হচ্ছে ভূমি উন্নয়ন করা। ডিপিপি'তে ৩২৪৭৮৯.১৮ ঘনমিটার ভূমি উন্নয়ন বাবদ ২০৬২.৪১ লক্ষ টাকার সংস্থান রয়েছে। পর্যালোচনায় দেখা যায় যে, ভূমি উন্নয়নের কাজ প্যাকেজ ১(সি) এর সাথে অন্তর্ভুক্ত করা হয়েছে। এপ্রিল/২০২৩ পর্যন্ত ৯৫০৭০.০৮৫ ঘমিটার ভূমি উন্নয়ন বাবদ ৩৯৯.৭৪ লক্ষ টাকা বা ১৯.৩৮% অর্থ খরচ করা হয়েছে। ভূমি উন্নয়নের কাজ আলাদা ঠিকাদারী প্রতিষ্ঠান দ্বারা সম্পন্ন করা হলে দ্রুত কাজ সম্পন্ন হতো মর্মে প্রতীয়মান হয়।

### ৩.৪ বছরভিত্তিক ক্রয় পরিকল্পনা পর্যালোচনা

পিপিআর-২০০৮ এর বিধি-১৬ (৫) অনুযায়ী ক্রয়কারী, প্রত্যেক অর্থ বৎসরের শুরুতে, অন্যান্য বিষয়ের মধ্যে প্রত্যাশিত তহবিল প্রবাহের বিষয়টি বিবেচনাক্রমে, কোন উন্নয়ন প্রকল্প বা কর্মসূচীর সার্বিক ক্রয় পরিকল্পনা এবং দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (Official cost estimate) বাৎসরিক ভিত্তিতে এবং যুক্তিসঙ্গতভাবে হালনাগাদ করিবে। এ প্রকল্পের আওতায় প্রকল্পটি গত ০৩.০৯.২০১৯ তারিখে একনেক সভা কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পের কার্যক্রম শুরু হয় ২০২০-২০২১ অর্থ-বছর থেকে। ২০২০-২০২১ অর্থ-বছরে গণপূর্ত বিভাগ, নরসিংদী প্রকল্পের আওতায় পূর্ত-১ প্যাকেজের বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন পূর্বক যথাযথ কর্তৃপক্ষ (HoPE) কর্তৃক অনুমোদন নিয়েছে। এছাড়া চলতি

২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রস্তুত পূর্বক যথাযথ কর্তৃপক্ষ (HOPE) কর্তৃক অনুমোদন নেয়া হয়েছে।

### ৩.৫ প্রকল্পের ক্রয় কার্যক্রম পর্যালোচনাঃ

“নরসিংদী জেলা কারাগার নির্মাণ” শীর্ষক প্রকল্পের আওতায় অনুমোদিত ডিপিপি অনুযায়ী ক্রয় পরিকল্পনায় পণ্য ক্রয়ের ৬টি, কার্য ক্রয়ের ৩টি এবং সেবা ক্রয়ের ৩টি প্যাকেজ রয়েছে। ক্রয় কার্যক্রম এর বিস্তারিত নিম্নে দেয়া হলো-

#### ৩.৫.১ পণ্য ক্রয় পর্যালোচনাঃ

পণ্য ক্রয় পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্পের আওতায় অনুমোদিত ডিপিপি অনুযায়ী পণ্য ক্রয়ের ৬টি প্যাকেজ রয়েছে। পণ্য ক্রয়ের তালিকায় যানবাহন ক্রয় (১টি জিপ ও ১টি মোটরসাইকেল), জেল হসপিটাল, নিরাপত্তা ও অন্যান্য সরঞ্জামাদি, কম্পিউটার ও আনুষাঙ্গিক সরঞ্জামাদি, আসবাবপত্র (প্রকল্প পরিচালকের দপ্তরের জন্য), আসবাবপত্র (জেল এবং জেল হাসপাতালের জন্য) এবং অফিস সরঞ্জামাদি রয়েছে। পণ্য ক্রয়ের ৬টি প্যাকেজ বাবদ ডিপিপি’তে ৭৬৬.৭৬ লক্ষ টাকার সংস্থান রয়েছে। পণ্য ক্রয়ের ৬টি প্যাকেজের মধ্যে মাত্র ১টি প্যাকেজের ক্রয় কাজ সম্পন্ন করা হয়েছে। নিম্নে বিস্তারিত দেয়া হলো-

অনুমোদিত ডিপিপির পণ্য-৩ প্যাকেজের আওতায় ৪টি কম্পিউটার ও আনুষাঙ্গিক সরঞ্জামাদি বাবদ ৬.০০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। বাস্তবে প্রকল্পের আওতায় ৪টি কম্পিউটার ও আনুষাঙ্গিক সরঞ্জামাদি বাবদ ৫.০০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে।

সারণি: ৩.৪ পণ্য ক্রয় সংক্রান্ত

| প্যাকেজ নম্বর ও বিবরণ | পরিমাণ | ক্রয় পদ্ধতি ও নমুনা | চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা) | চুক্তি মূল্য (লক্ষ টাকা) | প্রাক্কলিত ব্যয় থেকে চুক্তি মূল্য (কম/বেশি %) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| পণ্য-৩ | ০৪টি | ওটিএম | প্রকল্প পরিচালক | ৬.০০ | ৫.০০ | ১৬.৬৭% কম |

#### ৩.৫.২ কার্য ক্রয় পর্যালোচনাঃ

অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের আওতায় কার্য ক্রয়ের ৩টি প্যাকেজ রয়েছে। ডিপিপিতে পূর্ত-১ প্যাকেজের আওতায় প্রকল্পের যাবতীয় পূর্ত কাজ – ৬৩টি অঙ্গ (আবাসিক ভবন নির্মাণ, অনাবাসিক ভবন নির্মাণ, অন্যান্য স্থাপনা, ভূমি উন্নয়ন ইত্যাদি) রাখা হয়েছে যা ডিপিপি প্রণয়নে ত্রুটি ছিল মর্মে প্রতীয়মান হয়। বাস্তবে পিপিআর-২০০৮ এর বিধি-১৭ (৪) অনুযায়ী প্রকল্পের শুরুতে HoPE কর্তৃক অনুমোদনপূর্বক পূর্ত-১ প্যাকেজকে ভেঙ্গে ৩টি প্যাকেজে বিভক্তকরণ করে দরপত্র আহবান করা হয়েছে। এখন পর্যন্ত কোন প্যাকেজের কাজ সম্পূর্ণ শেষ হয়নি। নিম্নে বিস্তারিত দেয়া হলো-

পূর্ত কাজের ৩টি প্যাকেজের চুক্তি অনুযায়ী কাজ শুরুর তারিখ আর কাজ শেষ করার তারিখ।

| ক্রমিক | প্যাকেজের নাম | কাজ শুরুর তারিখ | বাস্তবায়নের সময় | কাজ শেষের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
চলমান কাজের নির্মাণ উপকরণের বিভিন্ন ধরনের ল্যাব টেস্টের রিপোর্টসমূহ গণপূর্ত অধিদপ্তর কর্তৃক সংগ্রহ করা হয়েছে এবং ল্যাব টেস্টের রিপোর্টগুলো যথাযথভাবে পর্যালোচনা ও বিশ্লেষণ করা হয়েছে। দেখা যায় যে, প্রতিটি ভবনের স্ল্যাব কাস্টিং এর পর ঢালাই পূর্বে Cylinder টেস্ট করা হয়েছে। বেশিরভাগ ল্যাব টেস্ট বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় ও এলজিইডি থেকে এবং কিছু ল্যাব টেস্ট গণপূর্ত অধিদপ্তরেও করা হয়েছ। পর্যালোচনায় দেখা যায় যে, কংক্রিটের Cylinder Test (Compressive Strength Test of Concrete), বালির, Sylhet Sand (Sive Analysis of Sand), রেইনফোর্সমেন্ট এর Deformed M.S.BARS (ASTM A 615M-16), পাথরের ক্ষেত্রে Crushed Stone (Stone Chips) এর Los Angeles Abrasion Value [ASTM C-131] সহ বিভিন্ন টেস্ট করা হয়েছে। তবে টেস্ট রিপোর্টে দেখা যায় যে, Sample গ্রহণের সময় Unsealed Condition, Not Properly Sealed অবস্থায় পাওয়া গিয়েছে। প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান ল্যাবে নেয়ার পূর্বে দায়িত্বরত কর্মকর্তা/কর্মচারী খুলে দেখেন মূলতঃ সব সঠিক রয়েছে কিনা যার জন্য যখন Sample ল্যাবে নেয়া হয় তখন Unsealed Condition অবস্থায় পাওয়া যায়। তবে প্রতিটি ল্যাব টেস্টের প্রাপ্ত ফলাফল সন্তোষজনক পাওয়া গিয়েছে। ল্যাব টেস্টের কিছু ফলাফল নিম্নে দেয়া হলো-

সারণি ৩.১০ ল্যাব টেস্টের ফলাফল

| স্যাম্পল এর নাম | টেস্টের নাম | প্রাপ্ত ফলাফল | মন্তব্য |
|---|---|---|---|
| Cylinder [mix proportion (as quoted): 1:1.15:3 Aggregate Type: Stone Chips | Compressive Strength [ASTM C 39] Max size of agg: 3/4 Down Grade (Foundation) | Average Crushing Strength (16 days) **37.71 MPa** | ফলাফল সন্তোষজনক |
| Cylinder [mix proportion (as quoted): 1:1.15:3 Aggregate Type: Stone Chips | Compressive Strength [ASTM C 39] Max size of agg: 3/4 Down Grade (1st Floor) | Average Crushing Strength (14 days) **32.87 psi** | ফলাফল সন্তোষজনক |
| Cylinder [mix proportion (as quoted): 1:1.15:3 Aggregate Type: Stone Chips | Compressive Strength [ASTM C 39] Max size of agg: 3/4 Down Grade ($2^{nd}$ Floor) | Average Crushing Strength (14 days) **31.26 psi** | ফলাফল সন্তোষজনক |
| Stone Chips- Grading type-B | Los Angeles Abrasion Valus [ASTM C-131) | Los Angeles Abrasion Value **23%** | ফলাফল সন্তোষজনক |
| Stone Chips | Unit Weight/Bulk Density & Voids in Aggregate [ASTM C 29] | Unit Weight/Bulk Density ($kg/m^3$) **1560** $kg/m^3$ | ফলাফল সন্তোষজনক |
| Coarse Sand | Sieve Analysis of Sand [ASTM C136] | Fineness Modules **2.88** | ফলাফল সন্তোষজনক |
| Sylhet Sand | Sieve Analysis of Sand [ASTM C136] | Fineness Modules **2.60** | ফলাফল সন্তোষজনক |
| M.S. BARS | TEST OF DEFFORMED M.S. BARS [ASTM A 615M-16] | Average Tensile Strength (TS) (21 days) **675 MPa** (98000 psi) | ফলাফল সন্তোষজনক |
| M.S. BARS | TEST OF DEFFORMED M.S. BARS [ASTM A 615M-16] | Average Tensile Strength (TS) (18 days) **665 Mpa** (96000 psi) | ফলাফল সন্তোষজনক |
| Cement Brand: Shah Special | Test Result of Blended Hydraulic (Portland Composite) Cement | Compressive Strength (7 days) **2300 psi** | ফলাফল সন্তোষজনক |

## ৩.১০ নির্মাণ কাজের গুণগতমান পর্যবেক্ষণ:

সমীক্ষাকালীন চলমান নির্মাণ কাজের রেইনফোর্সমেন্ট, ইট, পাথর, বালি ইত্যাদির গুণগত মান সরেজমিনে পর্যবেক্ষণ করা হয়েছে। নির্মাণ উপকরণের গুণাগুণ সম্পর্কিত ফলাফল ও মতামত নিম্নে বিস্তারিত দেয়া হলো-

**ইটের গুণগত মান সম্পর্কিত পর্যবেক্ষণ ও মতামত**

সরেজমিনে দেখা যায় যে, হাসপাতাল ও আবাসিক ভবন এর মেঝেতে ব্যবহৃত কিছু ইটের মান সন্তোষজনক নয় (আকৃতিগত ও কোণা ভাঙ্গা)। প্রকল্প কর্মকর্তাগণ জানান যে, নির্মাণ কাজে ভাল মানের ইট ব্যবহার করা হচ্ছে এবং ইটের ল্যাব টেস্ট করা হচ্ছে। তবে কোন কোন লটে কিছু খারাপ ইট চলে আসে যা পরবর্তীতে নজরে আসলে উক্ত ইটগুলো পরিবর্তন করে ভাল ইট ব্যবহারের নির্দেশনা প্রদান করা হয়। উল্লেখ্য যে, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী ২০২৫ সালের মধ্যে যে কোন সরকারি অবকাঠামো নির্মাণের ক্ষেত্রে ইটের ব্যবহার শূন্য তে নামিয়ে আনতে হবে। এই ধরনের প্রকল্পে যেখানে ইটের ব্যবহার বেশি সেখানে কোন ধরনের পরিবেশ বান্ধব ব্লক ব্যবহার করা হয়নি। কমপক্ষে ১০% পরিবেশ বান্ধব ব্লক ব্যবহার করা দরকার ছিল। ভবিষ্যতে এ ধরনের প্রকল্পের নির্মাণ কাজে পরিবেশ বান্ধব ব্লকের ব্যবহারের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। ইটের গুণগত মান সম্পর্কিত নিম্নের চিত্রে দেখানো হলো-



চিত্রঃ চলমান কাজে ব্যবহৃত ইট এর গুণাগুণ সম্পর্কিত

**রিইনফোর্সমেন্ট সম্পর্কিত পর্যবেক্ষণ ও মতামত**

সাধারণত ভবনসমূহে ৬০ গ্রেডের রিইনফোর্সমেন্ট ব্যবহার করা হয়। চলমান প্রকল্পের কাজেও ৬০ গ্রেডের রিইনফোর্সমেন্ট ব্যবহার করা হয়েছে। রিইনফোর্সমেন্ট বুয়েট থেকে ল্যাব টেস্ট করা হয়েছে এবং ল্যাব টেস্টের প্রাপ্ত ফলাফল সন্তোষজনক পাওয়া গিয়েছে। তবে রেইনফোর্সমেন্ট পর্যবেক্ষণে দেখা যায় যে, একেক ভবনে একেক ধরনের রিইনফোর্সমেন্ট ব্যবহার করা হচ্ছে যেগুলো বাজারের শীর্ষস্থানীয় কোন রিইনফোর্সমেন্ট নয়। প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের থেকে জানা যায় যে, উক্ত রিইনফোর্সমেন্টের ব্র্যান্ডগুলো গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউলে উল্লেখ রয়েছে যার জন্য নির্মাণ কাজে ব্যবহারে কোন সমস্যা নেই।



চিত্রঃ রিইনফোর্সমেন্ট

**সিমেন্ট সম্পর্কিত পর্যবেক্ষণ ও মতামত**

সরেজমিনে দেখা যায় যে, চলমান কাজে বিভিন্ন ব্র্যান্ডের সিমেন্ট ব্যবহার করা হচ্ছে। সিমেন্ট এর ল্যাব টেস্ট করা হয়েছে এবং প্রাপ্ত ফলাফল সন্তোষজনক পাওয়া গিয়েছে। নির্মাণ কাজে ব্যবহৃত সিমেন্ট সংরক্ষণ পদ্ধতি মোটামুটি গ্রহণযোগ্য।




চিত্রঃ সিমেন্ট সম্পর্কিত

**নির্মাণ কাজে ব্যবহৃত স্টোন (পাথর) সম্পর্কিত পর্যবেক্ষণ ও মতামত**

চলমান কাজ পরিদর্শনে দেখা যায় যে, নির্মাণ কাজে ব্যবহৃত স্টোন চিপসগুলোর (পাথর) মধ্যে ছোট আকারের আধিক্য। গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তাগণ জানান যে, সাধারণত ভবনের ফলস স্ল্যাব ও লিন্টেলের ঢালাই কাজে উক্ত স্টোনগুলো ব্যবহার করা হয় যা কাঠামোর কোন ক্ষতি সাধন হবে না। কিন্তু কলাম, বীম, স্ল্যাব ইত্যাদি প্রধান কাঠামো নির্মাণের ক্ষেত্রে সঠিক সাইজের পাথর ব্যবহার করা হয়।নিম্নের চিত্রে দেখানো হলো-



চিত্রঃ নির্মাণ কাজে ব্যবহৃত স্টোন (পাথর)


## ৩.১১ সরেজমিনে নির্মাণ কাজ পর্যবেক্ষণ

“নরসিংদী জেলা কারাগার নির্মাণ” শীর্ষক প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণ সমীক্ষাকালীন সরেজমিনে ভৌত কাজের পর্যবেক্ষণ করা হয়েছে। দেখা যায় যে, বহুতল ভবন নির্মাণের ক্ষেত্রে আধুনিক যে পদ্ধতি বিভিন্ন সরকারি/বেসরকারি আধুনিক প্রকল্পের নির্মাণ কাজে ব্যবহৃত হচ্ছে সেই তুলনায় এ প্রকল্পের আধুনিক সরঞ্জামাদি খুবই সীমিত। এ ক্ষেত্রে Roof hoist ও Tower hoist ব্যবহার করা যেতে পারে। এগুলো ছাড়া নির্মাণ কাজের সরঞ্জামাদি ও উপকরণসমূহের স্থানান্তর ও প্রতিস্থাপন অত্যন্ত অসুবিধাজনক হয়ে পড়ে। তবে, প্রকল্প এলাকায় প্রকল্পের পরিচিতি সাইনবোর্ড দেখা গিয়েছে।

প্রকল্পের চলমান কাজ বিএনবিসি অনুসরণ করা হয়েছে কিনা, ড্রইং/ডিজাইন অনুযায়ী কাজ চলমান রয়েছে কিনা এবং বীম, কলাম, বারান্দা ইত্যাদির পরিমাপ সঠিক রয়েছে কিনা এবং বীম ও কলাম কাস্টিং এর রেইনফোর্সমেন্টের স্পেসিং, বীমের স্টিরাপের হুক এবং কলামের টাই এর রেইনফোর্সমেন্টের স্পেসিং ছাড়াও সিড়ির স্ল্যাবের রড এর স্পেসিং ও ব্লক সঠিক রয়েছে কিনা, ঢালাই পরবর্তীতে হানিকম্ব পরিলক্ষিত হয়েছে কিনা, সেফটি ক্যানপি যথাযথভাবে স্থাপন করা হয়েছে কিনা এবং চলমান কাজে নির্মাণ শ্রমিকদের সুরুক্ষা ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে কিনা এ যাবতীয় ইত্যাদি বিষয়ে পর্যবেক্ষণ করা হয়েছে। নির্মাণ কাজের গুণগতমানের ক্ষেত্রে কিছু অগ্রহণযোগ্য বিষয় পরিলক্ষিত হয়েছে যা নিম্নে দেয়া হলো-

### ড্রইং/ডিজাইন পর্যালোচনাঃ

অনুমোদিত ড্রইং/ডিজাইনগুলো গতানুগতিক পুরনো ধাচে করা হয়েছে। নিম্নে বিস্তারিত দেয়া হলো-




চিত্রঃ ড্রইং/ডিজাইন পর্যালোচনা ও পর্যবেক্ষণ

ওজন ও পরিমাপ মান দন্ড অর্ডিন্যান্স-১৯৮২ (পূর্বের আইন) এবং ওজন ও পরিমাপ মান দন্ড আইন-২০১৮ অনুযায়ী অত্র প্রকল্পের ড্রইং/ডিজাইনে মেট্রিক পদ্ধতির ব্যবহারের ক্ষেত্রে ব্যত্যয় হয়েছে। জাতীয় পর্যায়ে প্রকল্পসমূহে ড্রইং/ডিজাইন প্রণয়নের ক্ষেত্রে আইনগত সীমাবদ্ধ রয়েছে। ডিপিপি প্রণয়নের সময় ড্রইং/ডিজাইন প্রণয়নের বিষয়টি লক্ষ্য রাখা প্রয়োজন। ওজন ও পরিমাপ মান দন্ড আইন -২০১৮ এর ইতোপূর্বেও এই আইন বলবৎ ছিল তবে ২০১৮ এর সর্বশেষ আইনটিতে সুনির্দিষ্টভাবে উল্লেখ রয়েছে। বাংলাদেশের অন্যান্য প্রকৌশল সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বিশেষ করে সড়ক ও জনপথ অধিদপ্তরসহ অন্যান্য প্রকৌশল প্রতিষ্ঠানেও বর্তমানে এই আইন প্রতিফলন হচ্ছে। সে জন্য স্থাপত্য অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তরের এই আইনের আওতায় ড্রইং/ডিজাইনসহ যাবতীয় নকশা প্রণয়ন করা প্রয়োজন। সরেজমিনে সাইটে ফায়ার ফাইটিং, রেইন ওয়াটার হার্ভেস্টিং, ল্যান্ডস্কেপিং, বর্জ্য ব্যবস্থাপনাগার ইত্যাদির বিস্তারিত ড্রইং/ডিজাইন

পাওয়া যায়নি। ডিপিপি’তে সৌর বিদ্যুৎ স্থাপনের সংস্থান থাকলেও এ বিষয়ে ড্রইং/ডিজাইন পাওয়া যায়নি। বহিঃগ্যাস লাইন সংযোগ এবং আরবরিকালচার এর চূড়ান্ত ড্রইং/ডিজাইন করা আবশ্যক। উল্লেখ্য যে, ইমারত বিধিমালা-২০০৮ ও বিএনবিসি অনুযায়ী Fire Protection and Detection এর ড্রইং/ডিজাইন প্রস্তুত করার বিধান রয়েছে।

সরেজমিনে দেখা যায় যে, মূল স্ট্রাকচারের বীম ও কলাম ঢালাই করে পরবর্তীতে আবার ভেঙ্গে ফেলা হচ্ছে কারণ ড্রইং/ডিজাইন অনুযায়ী হয়নি। এ প্রকল্পে গ্রাউন্ডফ্লোরের কোন বিস্তারিত ডিজাইন নেই। ঠিকাদারী প্রতিষ্ঠানের লোকজন স্কেচ করে আলাদা করে সংযোজন করছে যা বাস্তব সম্মত নয়। পাইল ক্যাপের উপর হতে ১৬ ফিট আনসাপোর্টেড কলাম গ্রাউন্ডফ্লোরের নীচ পর্যন্ত উঠেছে বলে ড্রইং এ দেখা যায়। যাহা কারিগরি দিক হতে ত্রুটিপূর্ণ বলে বিবেচিত হয়। এ বিষয়ে গণপূর্ত এর ডিজাইন ডিভিশন এর আরও গভীরভাবে পর্যবেক্ষণ করা দরকার।

আর্কিটেকচারাল, স্ট্রাকচারাল, ইলেক্ট্রিক্যাল, প্লাম্বিং, ফায়ার ফাইটিং, রেইন ওয়াটার হার্ভেস্টিং, ল্যান্ডস্কেপিং, বর্জ্য ব্যবস্থাপনাগার ইত্যাদির বিস্তারিত নকশা সংযোজনপূর্বক ডিপিপি প্রণয়ন করা না হলে ঠিকাদার নিয়োগ প্রক্রিয়া (BoQ প্রস্তুতি, দরপত্র আহবান, ঠিকাদার নিয়োগ), কাজের গুণগতমান এবং ঠিকাদার প্রতিষ্ঠানকে বিল প্রদান প্রক্রিয়ায় অসচ্ছতার সুযোগ তৈরি হয়। প্লাম্বিং, ফায়ার ফাইটিং, রেইন ওয়াটার হার্ভেস্টিং, ল্যান্ডস্কেপিং ও বর্জ্য ব্যবস্থাপনাগারের নকশা প্রণয়নের ক্ষেত্রে সরকারি বিভিন্ন বিশেষায়িত দপ্তরে (গণপূর্ত অধিদপ্তর, এলজিইডি, সড়ক ও জনপথ অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর প্রভৃতি) প্রয়োজনীয় পদ সৃষ্টিপূর্বক বিশেষজ্ঞদের পদায়ন করা প্রয়োজন।

## নির্মাণ কাজের গুণগতমান পর্যবেক্ষণঃ

### ডিভিশন ভবন-

পরিদর্শনকালীন দেখা যায় যে, ডিভিশন ভবনে নির্মিত ২টি বীম কাটা হয়েছে। অনুমোদিত ড্রইং/ডিজাইন অনুযায়ী কাঠামোর বীমগুলো নির্মাণ করা হলেও সিঁড়ির ডিজাইন পরিবর্তন করার জন্য উক্ত বীমগুলা কাটা হয়েছে। উল্লেখ্য যে, বীম কাঠার ফলে উক্ত কাঠামোর Strength কমে যেতে পারে। এক্ষেত্রে ডিজাইন পরিবর্তনের কারণে বীম কাটার প্রয়োজন হলে ডিজাইন ডিভিশন এর অনুমোদন এবং নকশা সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। বর্তমানে ডিভিশন ভবনে কলাম কাস্টিং এর কাজ চলমান রয়েছে এবং সাটারিং মোটামুটি ভাল দেখা গিয়েছে।



চিত্রঃ কলাম কাস্টিং পর্যবেক্ষণ

### হাসপাতাল ভবন

সরেজমিনে দেখা যায় যে, হাসপাতাল বিল্ডিং এ বড় বড় লিন্টেল এর কোন ডিজাইন করা হয়নি। এছাড়া, একটি লিন্টেল বীম নীচের দিকে ঝুলে যেতে দেখা যায়। লিন্টেলের ড্রইং/ডিজাইনে থাকা দরকার ছিল। বিশেষ করে বড় ওপেনিং এর ক্ষেত্রে লিন্টেলের সুস্পষ্ট ড্রইং/ডিজাইন থাকা আবশ্যক। হ্যান্ড ড্রইং অথবা মৌখিক নির্দেশনায় লিন্টেল এর কাজ করার ফলে উক্ত সমস্যা সৃষ্টি হয়েছে মর্মে প্রতীয়মান হয়। এছাড়া, কোথাও কোথাও ঢালাই পরবর্তীতে লিন্টেল কেটে ফেলা হয়েছে এবং হানিকম্ব দেখা গিয়েছে। নির্মাণ কাজের তদারকি আরও বৃদ্ধি করা প্রয়োজন।

### বন্দি ভবন

দেখা যায় যে, বন্দি ভবনগুলোর কাজ প্রায় শেষের দিকে। মুল স্ট্রাকচার শেষ এখন ফিনিশিং কাজ চলমান রয়েছে এবং প্লাস্টারিং এর কাজ ভাল দেখা গিয়েছে। ভবনের মূল গেইটে ব্যবহৃত স্টিলের মান ভাল দেখা গিয়েছে। তবে, কারাগারের নির্মাণ কাজের স্টিলের ক্ষেত্রে (দরজা, জানালা, প্রধান গেইট ইত্যাদি) অনুমোদিত ড্রইং/ডিজাইন অনুযায়ী স্টিলের পুরুত্ব, সাইজ এর ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

### সার্বিক নিরাপত্তা ও কর্মপরিবেশঃ

সরেজমিনে দেখা যায় যে, এ ধরনের বৃহৎ প্রকল্পের কর্ম-পরিবেশ এবং নিরাপত্তা যেমন থাকার দরকার ছিল তার যথেষ্ট অভাব রয়েছে অর্থাৎ কর্ম-পরিবেশ এবং নিরাপত্তা সন্তোষজনক নয়। দেখা যায় যে, নির্মাণ কাজে ঠিকাদার কর্তৃক শ্রমিকদের যথাযথ সুরুক্ষার ব্যবস্থা রাখা হয়নি। সেফটি বেল্ট ছাড়া শ্রমিকরা কাজ করছে এবং রেইনফোর্সমেন্ট কাটিং, প্লাস্টারিং কাজে নিয়োজিত শ্রমিকদের হেলমেট, গ্লাবস ইত্যাদি সরবরাহ করা হয়নি।
প্রকল্প এলাকায় নির্মাণ কাজের জন্য বর্তমানে অভ্যন্তরীণ যে বৈদ্যুতিক লাইন রয়েছে সেখানে ক্যাবল লিক রয়েছে কিন্তু কোন প্রতিরক্ষামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়নি। নির্মাণ কাজ চলাকালীন শ্রমিকদের সার্বিক নিরাপত্তা এবং প্রকল্প এলাকার কর্ম-পরিবেশ বজায় রাখার ক্ষেত্রে প্রকল্প কর্মকর্তাদের আরও নজরদারি বাড়ানো প্রয়োজন।



চিত্রঃ আবাসিক ভবন নির্মাণ

ডিপিপি বা BoQ'তে সেফটি ক্যানোপি প্রথমে ছিল না পরে ভেরিয়েশন করে সেফটি ক্যানোপি সংযোজন করা হয়েছে। মেইল/ফিমেল বন্দি কারাগার এর ক্ষেত্রে একই কাজ করা হয়েছে। কিন্তু কোন সেফটি নেট নেই। যেহেতু এক জায়গায় এতগুলো ভবন নির্মাণ করা হচ্ছে তাই সেফটি নেট থাকা বাঞ্চনীয় ছিল।

**বাউন্ডারি ওয়াল পর্যবেক্ষণঃ**



চিত্রঃ বাউন্ডারি ওয়াল

সাধারণত কারাগারের বাউন্ডারি ওয়াল উচু এবং অনেক পুরুত্ব থাকে। এ প্রকল্পের আওতায় ডিজাইন অনুযায়ী বাউন্ডারি ওয়াল উচু এবং অনেক পুরুত্ব নিয়ে করা হচ্ছে। কিন্তু দেখা যায় যে, জেল খানার অভ্যন্তরীণ যে বাউন্ডারি ওয়াল নির্মাণ করা হচ্ছে উক্ত বাউন্ডারি ওয়ালে কয়েকটি স্থানে ডিজাইন অনুযায়ী স্টিরাপে রেইনফোর্সমেন্ট কম দেয়া হয়েছে। ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ স্বিকার করেছেন যে কম দেয়া হয়েছে। এছাড়া, উচু বাউন্ডারি ওয়ালে ফ্রেম সিস্টেম করে ব্রিক ওয়াল নির্মাণের ক্ষেত্রে ওয়্যারমেশ ব্যবহারের গুরুত্ব রয়েছে। তবে, এ ক্ষেত্রে অনুমোদিত ডিজাইনে ওয়্যারমেশ না থাকার কারণে ব্যবহার করা হয়নি। এছাড়াও বাউন্ডারি ওয়ালে কয়েকটি স্থানে হেয়ার ক্র্যাক দেখা দিয়েছে। নির্মাণ কাজগুলোর তদারকি বৃদ্ধি করা প্রয়োজন।

**মেইল/ফিমেল ১০ তলা ভবন-**

সরেজমিনে দেখা যায় যে, গ্রাউন্ডফ্লোরে যে পানি দেয়া হচ্ছে পানির সাথে এত পরিমাণ আয়রণ আসছে যে ফ্লোরগুলো লাল হয়ে আছে। কিউরিং এর জন্য আয়রণ কম হয় এমন পানি ব্যবহার করা দরকার।  এছাড়াও দেখা যায় যে, নির্মাণ পরবর্তীতে কিউরিং যথাযথভাবে করা হচ্ছে না।

**গভীর নলকূপ নির্মাণ:**

প্রকল্পের আওতায় পানি সরবরাহের জন্য ডিপিপিতে ৫টি গভীর-নলকূপ নির্মাণের সংস্থান রয়েছে। তবে, বর্তমানে সারা দেশে ভূ-গর্ভস্থ পানির স্তর নিচে নেমে যাওয়ার কারণে পানির স্বল্পতা দেখা দিচ্ছে। এ ধরনের প্রকল্পে ব্যবহৃত পানি রি-সাইকেল করে পুনঃব্যবহারের উপযোগী করার উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

## ৩.১২ নিবিড় আলোচনার ফলাফলসমূহ:


### ৩.১২.১ সমীক্ষা থেকে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ ও ফলাফল পর্যালোচনা

**“নরসিংদী জেলা কারাগার নির্মাণ”** শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার গুণগত তথ্য সংগ্রহের জন্য জেল সুপার, ডেপুটি জেলার এবং নরসিংদী জেলা কারগারের দায়িত্বরত অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদের সাথে ২১টি নিবিড় আলোচনা (Key Informant Interview) KII করা হয়েছে। প্রাপ্ত ফলাফল নিম্নে বর্ণনা করা হলোঃ




চিত্রঃ জেল সুপার মহোদয়ের সাথে নিবিড় আলাচনাকালীন

### ৩.১২.২ বর্তমান জেলা কারগারে প্রশাসনিক কর্মকান্ড করতে কোন সমস্যা হচ্ছে কিনা-




জেল সুপার, ডেপুটি জেল সুপারসহ নরসিংদী জেলা কারাগারের দায়িত্বরত অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদের নিকট জানতে চাওয়া হয় বর্তমানের জেল ভবনে প্রশাসনিক কর্মকান্ড করতে কোন সমস্যা হয় কিনা। উত্তরদাতাদের মধ্যে বেশিরভাগ ৯০% জানান সমস্যা হচ্ছে এবং খুবই অল্প সংখ্যক ১০% জানান সমস্যা নেই।

### ৩.১২.৩ যে ধরনের সমস্যার সম্মুখীন হচ্ছেন-


উত্তরদাতাদের সকলেই জানান যে, নরসিংদী জেলা কারাগারে বর্তমানে বন্দি ধারণ ক্ষমতা ৩৪৪ জন। কিন্তু বর্তমানে গড়ে প্রায় ১,০৪৫ জন অর্থাৎ প্রায় ৩গুণ বন্দি অবস্থান করছে। ধারণ ক্ষমতার থেকে ৩গুণ বন্দি অবস্থান করায় আবাসন সমস্যা বিদ্যমান রয়েছে। এছাড়াও জানান যে, কারা এলাকাটি নিচু হওয়ায় একটু বৃষ্টি হলেই জলাবদ্ধতার কারণে দুর্গন্ধ সৃষ্টি হয়। সকল কর্মকর্তা কর্মচারীদের জন্য আবাসন ব্যবস্থা নেই, কারাগারে আধুনিক সুযোগ-সুবিধা নেই, মা ও শিশুদের জন্য উপযুক্ত পরিবেশ নেই, অল্প জায়গায় বিভিন্ন সেবাভোগীদের জায়গা দিতে পারা যায় না ইত্যাদি সমস্যার কথা জানান। তাঁরা জানান যে, বর্তমান প্রকল্পটি বাস্তবায়ন হলে উক্ত সমস্যার সমাধান হবে এবং এ জন্য প্রকল্পের কাজ দ্রুত শেষ করার জন্য মতামত প্রকাশ করেন।

### ৩.১২.৪ নির্মাণ কাজের গুণগতমান সম্পর্কিত মতামত

নিবিড় আলোচনায় কর্মকর্তা/কর্মচারীগণ মতামত প্রকাশ করেন যে, প্রকল্পের কাজ তাঁরা নিয়মিত পরিদর্শন করেন। উত্তরদাতাদের মধ্যে ৭৫% জানান তাদের অভিজ্ঞতার আলোকে পরিদর্শনকালীন নির্মাণ কাজের ত্রুটি/বিচ্যুতি দেখেছেন। তাঁরা জানান যে, নির্মাণ কাজে ব্যবহৃত ইটগুলো উন্নতমানের মনে হয়নি। এছাড়া, ঢালাই এর মিশ্রণের

(সিমেন্ট, বালি, পাথর) অনুপাত সঠিক মনে হয়নি। জেল সুপার মহোদয় জানান, ঢালাই পরবর্তী কিউরিং যথাযথ হচ্ছে না, এ ব্যাপারে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক তদারকি আরও বৃদ্ধি করা প্রয়োজন বলে মতামত প্রকাশ করেন।

### ৩.১২.৫ প্রকল্প বাস্তবায়নে নরসিংদী জেলা কারাগারের যেমন সুযোগ-সুবিধা বৃদ্ধি পাবে সে সম্পর্কিত




নরসিংদী জেলা কারাগার নির্মাণের ফলে বিভিন্ন সেবা প্রদানে যে সকল সুযোগ-সুবিধা বৃদ্ধি পাবে এ বিষয়ে করাগারের দায়িত্বরত কর্মকর্তাগণের ১০০% উত্তরদাতা জানিয়েছেন যে, সকল স্টাফদের আবাসন সমস্যা দূর হবে। ৯৫.২৩% জানান বন্দিদের আবাসন ব্যবস্থা দূর হবে, ৯০.৪৮% জানান অবকাঠামোগত উন্নয়ন হবে, ৮৫.৭১% জানান, প্রশাসনিক কর্মকান্ডের যে সমস্যা হতো তা দূরীভূত হবে এবং কারাগারে নিরাপত্তা ঝুঁকি হ্রাস পাবে। ৭১.২% জানান, একই ভবনে বিভিন্ন সেবা দেয়া যাবে এবং মা ও শিশুদের জন্য উপযুক্ত পরিবেশ তৈরি হবে।

### ৩.১২.৬ প্রকল্প বাস্তবায়ন পরবর্তী জেলা কারাগরের জন্য কী ধরনের কার্যক্রম গ্রহণ করা দরকার

নিবিড় আলোচনায় সকলেই জানান যে, নরসিংদী জেলা কারাগারের অবকাঠামো উন্নয়নের সাথে সাথে জনবলের প্রয়োজন হবে। তাই প্রকল্পের কাজ শেষ হওয়ার পর নতুন জনবলের পদায়ন করে বন্দিদের নিরাপদ আটক নিশ্চিত করতে হবে। এছাড়া, আরও জানান যে, নতুন কারাগার নরসিংদী জেলা শহর হতে অনেক দূরে হওয়ায় আশে পাশে শিক্ষা প্রতিষ্ঠান না থাকায় স্টাফদের সন্তানদের লেখাপড়ার ব্যাঘাত সৃষ্টি হতে পারে। হাইওয়ে ধরে শহরের স্কুলে যাতায়াত জীবনের নিরাপত্তা ঝুঁকি থাকবে। স্টাফদের সন্তানদের সু-শিক্ষা এবং নিরাপত্তার বিষয়টি বিবেচনা করে মিনিবাসের ব্যবস্থা থাকলে স্টাফদের সন্তানদের জীবনের নিরাপত্তা ঝুঁকি হ্রাস পাবে।

### ৩.১২.৭ প্রকল্প বাস্তবায়নের ফলে আইন-শৃংখলার উন্নতি সম্পর্কিত

সকলেই মতামত প্রকাশ করেন যে, বন্দিদের উন্নত/মানবিক পরিবেশ বজায় রেখে তাদেরকে বিভিন্ন প্রশিক্ষণে প্রশিক্ষিত করে সংশোধনের মাধ্যমে সমাজে ভাল অবস্থানে ফিরিয়ে দিতে পারলে অত্র জেলার আইন শৃংখলা পরিস্থিতির উন্নতি হবে।

### ৩.১২.৮ প্রকল্প পরিচালক এবং গণপূর্ত অধিদপ্তরের প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে নিবিড় আলোচনার ফলাফল

প্রকল্প পরিচালক এবং গণপূর্ত অধিদপ্তরের প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য অন্যান্য কর্মকর্তাদের সাথে আধা-কাঠামোগত প্রশ্নমালার মাধ্যমে ৫টি KII বা নিবিড় সাক্ষাৎকার গ্রহণ করা হয়েছে। নিবিড় সাক্ষাৎকার থেকে প্রাপ্ত তথ্যগুলো নিম্নে সংক্ষেপে তুলে ধরা হলো-



**চিত্রঃ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে কেআইআই**

**ফলাফলসমূহ:**

- নিবিড় সাক্ষাৎকারে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা মতামত প্রকাশ করেন যে, পণ্য, কার্য ও সেবা ক্রয় ডিপিপি এবং সরকারি ক্রয় আইন/নীতিমালা (পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮) অনুযায়ী সম্পন্ন করা হচ্ছে/হয়েছে। ক্রয় প্রক্রিয়ায় কাজ ক্রয়ের ক্ষেত্রে ওটিএম (ওপেন টেন্ডার মেথোড) এবং পণ্য ক্রয়ের যে একটি প্যাকেজের ক্রয় কাজ সম্পন্ন সেটিও ওটিএম পদ্ধতি অনুসরণ করা হয়েছে।
- প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা মতামত প্রকাশ করেন যে, নির্মাণ কাজ শুরুর সময় প্রকল্পের আওতায় জমির সীমানা নিয়ে স্থানীয়দের সাথে জটিলতা সৃষ্টি হয়েছিল। পরবর্তীতে জেলা প্রশাসকের হস্তক্ষেপে উক্ত সমস্যার সমাধান করা হয়েছে বলে জানান। এছাড়া, বর্তমানে প্রকল্পের আওতায় এডিপি'তে অর্থ-বরাদ্দ ও ছাড় ডিপিপির সংস্থান অনুযায়ী না পাওয়ায় নির্মাণ কাজে ধীরগতি হচ্ছে। আরও জানান যে, প্রকল্পের অভ্যন্তরীণ ১১কেভি বৈদ্যুতিক লাইন রয়েছে যা অদ্যাবধি স্থানান্তর করা হয়নি যার ফলে নির্মাণ কাজের সমস্যা হচ্ছে।
- প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা মতামত প্রকাশ করেন যে, গণপূর্ত অধিদপ্তরের ডিজাইন বিভাগ এবং স্থাপত্য অধিদপ্তর থেকে যথাসময়ে চূড়ান্ত ড্রইং/ডিজাইন পেয়েছেন এবং অনুমোদিত ড্রইং/ডিজাইন অনুযায়ী বাস্তবে কাজ চলমান রয়েছে বলে জানান।
- প্রকল্পের আওতায় নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিতকরণে কি ব্যবস্থা নেয়া হয়েছে এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, নির্মাণ সামগ্রী ব্যবহারের পূর্বে ল্যাব টেস্ট করে সন্তোষজনক ফলাফল পাওয়ার পরে তা ব্যবহার করা হয়। ব্যবহৃত কংক্রিটের নিয়মিত সিলিন্ডার টেস্ট করা হচ্ছে বুয়েট থেকে। এছাড়া, কাজ চলাকালীন সময়ে গণপূর্ত বিভাগ কর্তৃক নিয়মিত সুপারভিশন করা হচ্ছে বলে জানান।
- গণপূর্ত অধিদপ্তরের প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, ড্রইং/ডিজাইনে Rain Water Harvesting অন্তর্ভুক্ত করা হয়েছে। তবে কিছু ভবনের ছাদ থেকে বৃষ্টির পানি সংগ্রহের ব্যবস্থা রয়েছে যা রিজার্ভার ট্যাংকে উক্ত পানি সংরক্ষণ করা হবে।
- এছাড়াও জানান যে, ড্রইং/ডিজাইনে Fire Management System অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়া, ড্রেন ও সুয়ারেজ লাইনের কাজ চলমান রয়েছে।
- ঠিকাদার প্রতিষ্ঠান পর্যাপ্ত জনবল নিয়োগ দিয়েছে কি না, এ ব্যাপারে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ মতামত প্রকাশ করেন যে, প্যাকেজ ১(এ) ও ১ (বি) এর ঠিকাদার পর্যাপ্ত জনবল নিয়োগ দিয়েছে কিন্তু প্যাকেজ ১ (সি) এর ঠিকাদার পর্যাপ্ত জনবল নিয়োগ দেয়নি।
- প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ মতামত প্রকাশ করেন যে, প্যাকেজ ১(এ) ও ১ (বি) এর ঠিকাদার কর্ম-পরিকল্পনা অনুসরণ করছেন কিন্তু প্যাকেজ ১ (সি) এর ঠিকাদার কর্ম-পরিকল্পনা অনুসরণ করছেন না।
- প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান যে, প্রকল্পের আওতায় টেকসই পরিবেশের লক্ষ্যে আধুনিক বর্জ্য-ব্যবস্থাপনা, আর্বোরিকালচার করা হবে।

### ৩.১২.৯ ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে নিবিড় আলোচনার ফলাফল

প্রকল্পের আওতায় পূর্ত কাজের ৩টি প্যাকেজ রয়েছে। বাস্তবে উক্ত ৩টি প্যাকেজের দরপত্র আহবান এবং চুক্তির কাজ সম্পন্ন করা হয়েছে। উক্ত ৩টি প্যাকেজের মধ্যে নূরানী কনস্ট্রাকশন লিঃ ২টি প্যাকেজ এবং বিশ্বাস ট্রেডিং এন্ড কনস্ট্রাকশন ১টি প্যাকেজের দায়িত্ব পেয়েছেন। প্রকল্প সংশ্লিষ্ট ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তাদের সাথে আধা-কাঠামোগত প্রশ্নমালার মাধ্যমে ১১টি KII বা নিবিড় সাক্ষাৎকার গ্রহণ করা হয়েছে। নিবিড় সাক্ষাৎকার থেকে প্রাপ্ত তথ্যগুলো নিম্নে সংক্ষেপে তুলে ধরা হলো-



**চিত্রঃ ঠিকাদারী প্রতিষ্ঠানের কর্মকর্তাদের সাথে কেআইআই**

**ফলাফলসমূহ:**

- প্রকল্পের আওতায় নূরানী কনস্ট্রাকশন ঠিকাদারী প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ জানান যে, তাঁরা যথাসময়ে নির্মাণ কাজ শুরু করতে পেরেছেন। কিন্তু বিশ্বাস ট্রেডিং এন্ড কনস্ট্রাকশন ঠিকাদারী প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ জানান, জমি সংক্রান্ত জটিলতার কারণে যথাসময়ে নির্মাণ কাজ শুরু করতে পারেননি।
- প্রকল্পের অভ্যন্তরীণ ১১কেভি বৈদ্যুতিক লাইন রয়েছে যা অদ্যাবধি স্থানান্তর করা হয়নি যার ফলে নির্মাণ কাজের সমস্যা হচ্ছে। এছাড়া জানান যে, নির্মাণ সামগ্রীর উর্ধ্ব মূল্যর কারণে পূর্বের রেট শিডিউলে পরিবর্তন করা দরকার।
- ঠিকাদারী প্রতিষ্ঠানের কর্মকর্তারা জানান, ভূমি উন্নয়নের কাজ দ্রুত শেষ করতে পারলে বাকি কাজ দ্রুত শুরু করা সম্ভব হবে। এছাড়া, ভবন নির্মাণের কাজ শেষ হলে বিদ্যুতের কাজ শুরু করা হবে বলে জানান।
- ঠিকাদারী প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ জানান যে, কংক্রিট/ ঢালাই মিশানোর সময় কংক্রিটের স্লাম্প টেস্ট, সিলিন্ডার টেস্ট, বালির FM টেস্ট, সিভ এ্যানালাইসিস ইত্যাদি ল্যাব টেস্ট বুয়েট থেকে করা হয়েছে।
- নির্মাণ কাজে প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োগ দিয়েছে কিনা এ ব্যাপারে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা মতামত প্রকাশ করেন যে, তাঁরা পর্যাপ্ত পরিমাণে জনবল নিয়োগ দিয়েছে। তবে করোনা সময় জনবল কিছুটা ঘাটতি ছিল বলে জানানো হয়।
- গণপূর্ত অধিদপ্তরের ডিজাইন বিভাগ এবং স্থাপত্য অধিদপ্তর থেকে চূড়ান্ত ড্রইং/ডিজাইন পেতে কোন সমস্যা হয়নি বলে জানান।
- ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ জানান যে, ঢালাই কাজে ভাইব্রেটর মেশিন ব্যবহার করা হচ্ছে এবং ঢালাই পরবর্তীতে যথাযথভাবে ২৮দিন পর্যন্ত কিউরিং করা হচ্ছে।
- কর্মকর্তাগণ জানান যে, সিডিউল বই মোতাবেক সমস্ত ঢালাইয়ে স্টিল সাঁটারিং ব্যবহার নিশ্চিত করা হয়েছে এবং নির্মাণ শ্রমিকদের যথাযথ নিরাপত্তা সরঞ্জাম ব্যবহার নিশ্চিত করা হয়েছে। এছাড়াও জানান যে, ১:১.৫:৩ অনুপাতে ঢালাই করা হচ্ছে।

- নির্মাণ কাজের ধীরগতির বিষয়ে মতামত প্রকাশ করেন যে, বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (Covid-19) এর কারণে প্রায় ৫-৬ মাস কাজ বন্ধ ছিল, কার্যাদেশের পর সাইট প্রাপ্তিতে ২-৩ মাস বিলম্ব হয়েছে। এছাড়াও বর্তমানে নির্মাণ সামগ্রীর মূল্য বৃদ্ধি অন্যতম কারণ বলে জানান।

### ৩.১৩ এফজিডি ফলাফল

গুণগত তথ্য সংগ্রহের জন্য প্রকল্পের আওতায় ৩টি FGD পরিচালনা করা হয়েছে। এফজিডিতে উপকারভোগী ছাড়াও মাঠ পর্যায়ে নিযুক্ত প্রকৌশলী, কারা অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী, ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধি এবং অন্যান্য স্টেকহোল্ডারগণ উপস্থিত ছিলেন। প্রতিটি এফজিডিতে ১০-১২ জন সদস্য উপস্থিত ছিলেন। এফজিডির ফলাফল নিম্নে দেয়া হলো-




**চিত্রঃ এফজিডিকালীন**

**ফলাফলসমূহ:**

১। নরসিংদী জেলা কারাগার নির্মাণের ফলে কী ধরনের সুযোগ সুবিধা বৃদ্ধি পাবে যা বর্তমানে ব্যাহত হচ্ছে-

সভায় অংশগ্রহণকারী সকলেই জানান যে সকল স্টাফদের আবাসন সমস্যা দূর হবে। বন্দিদের আবাসন ব্যবস্থা দূর হবে, অবকাঠামোগত উন্নয়ন হবে, প্রশাসনিক কর্মকান্ডের যে সমস্যা হতো তা দূরীভূত হবে এবং কারাগারে নিরাপত্তা ঝুঁকি হ্রাস পাবে। এছাড়া, একই ভবনে বিভিন্ন সেবা দেয়া যাবে এবং মা ও শিশুদের জন্য উপযুক্ত পরিবেশ তৈরি হবে।

২। নরসিংদী জেলা কারাগার নির্মাণের ফলে জেলা কারাগারের সকল কর্মকর্তা/কর্মচারীদের কী কী সুযোগ সুবিধা হবে। যা বর্তমানে পাচ্ছেন না?

সভায় অংশগ্রহণকারী সকলেই জানান যে, নরসিংদী জেলা কারাগার নির্মাণের ফলে সকল কর্মকর্তা কর্মচারীদের জন্য আবাসন ব্যবস্থা হবে। যা বতর্মান কারাগারেও আছে কিন্তু পর্যাপ্ত নেই। বর্তমান প্রকল্প বাস্তবায়ন হলে, নারীদের বিশেষ সুবিধা হবে এবং জেলা কারাগারের উত্তম কর্ম-পরিবেশ তৈরি হবে বলে জানান।

৩। জেলা কারাগারে কর্তব্যরত সকল মা এবং শিশুদের জন্য উপযুক্ত পরিবেশ কিভাবে সৃষ্টি হবে-

সভায় অংশগ্রহণকারী সকলেই জানান যে, জেলা কারাগারে শিশুদের জন্য মাঠ থাকবে সেখানে শিশুরা খেলাধুলা করতে পারে। কিন্তু বর্তমান এই সুযোগ সুবিধা গুলো নেই। এখানে আরও সুবিধা থাকবে, ডে-কেয়ার এর সুবিধা থাকার ফলে কর্তব্যরত মা'দের কার্য সম্পাদন সহজ হবে বলে জানান।

৪। নরসিংদী জেলা কারাগার নির্মাণের ফলে আরও ভালো সেবা প্রদান করা কিভাবে সহজ হবে-

অংশগ্রহণকারী সকলেই জানান যে, বর্তমান জেলা কারাগারে কর্ম-পরিবেশ তেমন উন্নত নয়। অনেক সময়ই সেবা দিতে সমস্যা হয়। এ প্রকল্প বাস্তবায়ন হলে এ সমস্যাগুলা সমাধান হবে। এছাড়া বর্তমান কারাগরে ছোট্র রুমে অনেক

বন্দিদের রাখা হয়। কিন্তু প্রকল্প বাস্তবায়ন হলে ন তাদের জন্য আধুনিকায়ন রুমের ব্যবস্থা হবে। এখানে বন্দিদের ধারন ক্ষমতা কম ছিল। বর্তমান নতুন কারাগারে অনেক বেশি বন্দি রাখা যাবে বলে মতামত প্রকাশ করেন।

৫। বর্তমান প্রকল্প বাস্তবায়নের ফলে অত্র এলাকায় আইন শৃংখলা প্রেক্ষাপটে কি ধরণের পরিবর্তন আসবে-

অংশগ্রহণকারী সকলেই জানান যে, এখানে কারাগার নির্মাণের ফলে আইন শৃংখলা বাহিনীর নজর দারীতে থাকবে এলাকা। অন্য দিকে চোর, ডাকাত এলাকায় প্রবেশ করতে পারবে না। আশে পাশের মানুষ নিরাপদে থাকতে পরবে। এলাকায় অনৈতিক কার্যক্রম হ্রাস পাবে মর্মে জানানো হয়।

৬। নির্মান কাজের কাজের গুণগতমান বজায় রেখে চলমান কাজ হচ্ছে কিনা, এ ব্যাপারে মতামত-

অংশগ্রহণকারী সকলেই জানান যে, প্রকল্পের কাজ নিয়মিত পরিদর্শন করেন। এখন পর্যন্ত তাদের দেখায় তেমন কোন ত্রুটি/বিচ্যুতি পরিলক্ষিত হয়নি। তারা জানান যে, গুণগত মান বজায় রেখেই নির্মাণ কাজ হচ্ছে।

৭। নির্মাণ কাজ দ্রুত এবং নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করতে এই মুহুর্তে কী কী পদক্ষেপ নেওয়া জরুরী-

সভায় অংশগ্রহণকারী সকলেই জানান যে, পল্লী বিদ্যুতের ১১ কেভি সঞ্চালন লাইন অপসারণ এবং ভূমি উন্নয়নের কাজ দ্রুত সম্পন্ন করা দরকার।

৮। বর্তমান প্রকল্প বাস্তবায়ন হলে নরসিংদী জেলা কারাগারে তথ্য প্রযুক্তিতে কী কী পরিবর্তন আসবে-

সভায় অংশগ্রহণকারী সকলেই জানান যে, বর্তমান যুগ তথ্য যুগ। বর্তমান কারাগারে তেমন কোন আধুনিক প্রযুক্তি নেই। তবে এ প্রকল্প বাস্তবায়ন হলে নরসিংদী জেলা কারাগারে প্রযুক্তিগত দিক দিয়ে এগিয়ে যাবে। সিসিটিভি সংযোজন, উন্নত মানের ইন্টারনেট সেবা বৃদ্ধি পাবে। নতুন কারাগারে কোন সেবা পেতে হলে ইন্টারনেটের মাধ্যমে সেবা পাবে আসামীর পরিবারের লোকজন। আসামীর সাথে দেখা করতে বিভিন্ন ধরনের ফর্ম পূরণ করতে হয় তখন সে সকল কাজ অনলাইনে করতে পারবে বলে জানান।

৯। কারাবন্দিদের জন্য সর্বোচ্চ নিরাপদ আটক নিশ্চিত করেন কতটুকু সম্ভব হবে বলে মনে করেন?

সভায় অংশগ্রহণকারী সকলেই জানান যে, কারা বন্দিদের জন্য ১০০% নিরাপদ আটক নিশ্চিত করা যাবে।

১০। প্রকল্পের দুর্বল দিক-


প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তার জানান যে, এ প্রকল্পে পর্যাপ্ত পরিমাণ অর্থ-বরাদ্দ পাওয়া যাচ্ছে না।

১১। ভবিষ্যতে এ ধরনের প্রকল্পে কি ধরনের সুযোগ সুবিধা সংযোজন করা বা বিয়োজন করা প্রয়োজন-

যেহেতু এটা আধুনিক কারাগার হচ্ছে। এখানে সব ধরনের সুযোগ সুবিধা থাকবে বন্দিদের জন্য। এখানে সংযোজন বা বিয়োজন করার মত কিছু নেই বলে সভায় মতামত প্রকাশ করা হয়।

### ৩.১৪ স্থানীয় পর্যায়ে কর্মশালা হতে প্রাপ্ত ফলাফল

“নরসিংদী জেলা কারাগার নির্মাণ” শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণকালীন স্থানীয় পর্যায়ের কর্মশালা নরসিংদী জেলা কারাগার নির্মাণ কাজে নিয়োজিত ঠিকাদারী প্রতিষ্ঠানের কনফারেন্স রুমে, নরসিংদী জেলা করাগারের কর্মরত কর্মকর্তা/কর্মচারীবৃন্দ, গণপূর্ত অধিদপ্তরের প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা, শিক্ষক, সাংবাদিক, উপজেলা চেয়ারম্যান এবং ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তাসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থীতিতে এবং “zoom” ভিডিও কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠিত হয়। স্থানীয় পর্যায়ে মতবিনিময় কর্মশালার কার্যবিবরণী এবং মতামতসমূহ নিম্নে তুলে ধরা হলো –



চিত্রঃ স্থানীয় পর্যায়ে মতবিনিময় কর্মশালা

### ৩.১৪.১ স্থানীয় পর্যায়ে কর্মশালার কার্যবিবরণী

গত ১৪ এপ্রিল ২০২৩ তারিখ সকাল ১০.০০ ঘটিকা থেকে দুপর ১২:৩০ ঘটিকা পর্যন্ত নরসিংদী জেলা কারাগার নির্মাণ কাজে নিয়োজিত ঠিকাদারী প্রতিষ্ঠানের কনফারেন্স রুমে সরাসরি উপস্থিতি এবং "zoom" ভিডিও কনফারেন্সের মাধ্যমে স্থানীয় পর্যায়ে মতবিনিময় কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় সভাপতিত্ব করেন জনাব মোঃ আফসার উদ্দিন, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নরসিংদী জেলা। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মু: শুকুর আলী, মহাপরিচালক (যুগ্মসচিব), আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব গুল্লাল সিংহ, পরিচালক (উপসচিব), পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর - ৫, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়।

প্রধান অতিথির স্বাগত বক্তব্যের মাধ্যমে কর্মশালার কার্যক্রম শুরু হয়। তিনি "zoom" ভিডিও কনফারেন্সের মাধ্যমে কর্মশালায় যুক্ত হন। প্রধান অতিথি মহোদয় শুরুতে আইএমইডি'র কার্যক্রম সম্পর্কিত বিস্তারিত আলোচনা করেন এবং "নরসিংদী জেলা কারাগার নির্মাণ" প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের উদ্দেশ্য তুলে ধরেন। এছাড়াও তিনি স্থানীয় পর্যায়ে কর্মশালার গুরুত্ব এবং উপস্থিত সকলকে প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যক্রম সম্পর্কে মতবিনিময় প্রদান করার জন্য আহবান করেন। সে অনুযায়ী কর্মশালাটি অনুষ্ঠিত হয়।

পরবর্তীতে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কর্মশালায় উপস্থিত সদস্যবৃন্দের কাছ থেকে উক্ত কর্মশালা থেকে মতামতের ভিত্তিতে প্রাপ্ত ফলাফলসমূহ নিম্নে সংক্ষিপ্ত আকারে তুলে ধরা হলো-

**ফলাফলসমূহ:**

- সভায় উপস্থিত নরসিংদী জেলা কারাগারের কর্মরত কর্মকর্তা/কর্মচারীবৃন্দ জানান যে, বর্তমানে তাদের যে অফিস রয়েছে তা সেবা প্রদানে পুরোপুরি সহায়ক নয়। অফিস রুমে যথেষ্ট পরিমাণ স্পেস নেই, বন্দিদের জন্য সু-ব্যবস্থা নেই, কর্মরত মা ও শিশুদের জন্য ভাল কোন ব্যবস্থা নেই, কোন ওয়েটিং রুম নেই, মহিলা/পুরুষ আলাদা আলাদা বাথরুম নেই অর্থাৎ সেবা প্রদানে অনেক সমস্যা বলে সভায় জানানো হয়। তাঁরা মনে করেন নতুন জেলা কারাগার নির্মাণের ফলে উক্ত সমস্যাগুলো সমাধান হবে এ জন্য দ্রুত নির্মাণ কাজ শেষ হওয়া দরকার বলে জানান।
- কর্মরত কর্মকর্তা/কর্মচারী আরও জানান যে, বর্তমান কারাগরে ছোট্র রুমে অনেক বন্দিদের রাখা হয়। কিন্তু প্রকল্প বাস্তবায়ন হলে তাদের জন্য রুমের ব্যবস্থা হবে। এখানে বন্দিদের ধারণ ক্ষমতা কম ছিল। বর্তমান নতুন কারাগারে অনেক বেশি বন্দি রাখা যাবে। কারাগার নির্মাণের ফলে আইনশৃংখলা বাহিনীর আয়ত্তে থাকবে এলাকা। অন্যদিকে

চোর, ডাকাত এলাকায় প্রবেশ করতে পারবে না। আশে পাশের মানুষ নিরাপদে থাকতে পরবে এবং এলাকায় অনৈতিক কার্যক্রম হ্রাস পাবে বলে জানান।

- সভায় উপস্থিত প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত "সি" ক্যাটাগরিভুক্ত হওয়ায় "নরসিংদী জেলা কারাগার নির্মাণ" প্রকল্পটি অগ্রাধিকার তালিকায় "সি" ক্যাটাগরি হতে "বি" ক্যাটাগরিতে পুনঃনির্ধারণ করার প্রস্তাব সুরক্ষা সেবা বিভাগ হতে অর্থ-বিভাগে প্রেরণ করা হয়েছে। প্রকল্পটি "বি" ক্যাটাগরি হলে এবং এডিপিতে ডিপিপি'র সংস্থান অনুযায়ী অর্থ-বরাদ্দ ও ছাড় হলে দ্রুত প্রকল্পের কাজ শেষ হবে বলে জানান।
- গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তারা জানান যে, নির্মাণ কাজ শুরু করতে ৩-৪ মাস সময় বিলম্ব হয়েছে এবং Covid-19 করোনা ভাইরাসের কারণে নির্মাণ কাজ ৩-৪ মাস বন্ধ ছিল যার কারণে নির্মাণ কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা যায়নি। এছাড়া জানান যে, প্যাকেজ-১ (সি) ঠিকাদার প্রতিষ্ঠানের কাজের অগ্রগতি কম। উক্ত ঠিকাদার প্রতিষ্ঠানের আওতায় ভূমি উন্নয়নের কাজ দ্রুত শেষ করতে পারলে অবশিষ্ট কাজ শীঘ্রই শুরু করা যাবে বলে মতামত প্রকাশ করেন।
- এছাড়া জানান যে, নির্মাণ কাজ শুরুর সময় প্রকল্পের আওতায় জমির সীমানা নিয়ে স্থানীয়দের সাথে জটিলতা সৃষ্টি হয়েছিল। পরবর্তীতে জেলা প্রশাসকের হস্তক্ষেপে উক্ত সমস্যার সমাধান করা হয়েছে বলে জানান। এছাড়া, বর্তমানে প্রকল্পের আওতায় এডিপি'তে অর্থ-বরাদ্দ ও ছাড় ডিপিপির সংস্থান অনুযায়ী না পাওয়ায় নির্মাণ কাজে ধীরগতি হচ্ছে। আরও জানান যে, প্রকল্পের অভ্যন্তরীণ ১১কেভি বৈদ্যুতিক লাইন রয়েছে যা অদ্যবধি স্থানান্তর করা হয়নি যার ফলে নির্মাণ কাজের সমস্যা হচ্ছে।
- গণপূর্ত অধিদপ্তরের প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, ড্রইং/ডিজাইনে Rain Water Harvesting অন্তর্ভুক্ত করা হয়েছে। তবে কিছু ভবনের ছাদ থেকে বৃষ্টির পানি সংগ্রহের ব্যবস্থা রয়েছে যা রিজার্ভার ট্যাংকে উক্ত পানি সংরক্ষণ করা হবে। এছাড়াও জানান যে, ড্রইং/ডিজাইনে Fire Management System অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়া, ড্রেন ও সুয়ারেজ লাইনের কাজ চলমান রয়েছে যা দ্রুত সম্পন্ন করা হবে।
- সভায় উপস্থিত প্রকল্প কাজে নিয়োজিত ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তারা জানান যে নির্মাণ কাজের গুণগতমান বজায় রেখেই চলমান কাজ হচ্ছে। এছাড়াও জানান যে, চলমান কাজের কংক্রিট (Cylinder Test) টেস্ট, রড টেস্ট, বালি টেস্টসহ অন্যান্য ল্যাব টেস্ট করা হয়েছে এবং গণপূর্ত অধিদপ্তর কর্তৃক নির্মাণ কাজের নিয়মিত তদারকি করা হয় বলে জানানো হয়।
- সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় পুনরায় সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

## ৩.১৫ প্রকল্পের Exit Plan পর্যালোচনাঃ

প্রকল্প সমাপ্তির পর প্রকল্পের সৃষ্ট-সুবিধাদি টেকসই করার জন্য অনুমোদিত স্থাপত্য নকশা এবং অনুমোদিত কাঠামোগত নকশা অনুসরণ করা হবে। তাছাড়া, ভবন নির্মাণের পর গণপূর্ত অধিদপ্তর কর্তৃক মেরামত ও রক্ষণাবেক্ষণ করা হবে মর্মে ডিপিপিতে উল্লেখ করা হয়েছে। গণপূর্ত অধিদপ্তর কর্তৃক স্থাপিত ভবনগুলোর যথাযথভাবে মেরামত ও রক্ষণাবেক্ষণ করা হলে নির্মাণ কাজ টেকসইকরণ হবে মর্মে প্রতীয়মান হয়।

প্রকল্প অঞ্চল নিচু হওয়ায় অভ্যন্তরীণ ড্রেনগুলো যথাযথভাবে নির্মাণ করতে হবে যেন ড্রেনে পানি/আবর্জনা জমে না থাকে এবং জলাবদ্ধতা এড়ানোর জন্য বৃষ্টির পানি নিষ্কাশনের ব্যবস্থা পর্যাপ্ত কিনা সে অনুযায়ী সঠিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া, ভবিষ্যতে এ ধরনের প্রকল্পে পানি ব্যবহারের ক্ষেত্রে রি-সাইক্লিং করা যায় কিনা তা খতিয়ে দেখা যেতে পারে।

# চতুর্থ অধ্যায়

## SWOT বিশ্লেষণ

"নরসিংদী জেলা কারাগার নির্মাণ" প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ সমীক্ষাকালীন আধা-কাঠামোগত প্রশ্নপত্রের মাধ্যমে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে নিবিড় আলোচনা, দলীয় মুক্ত আলোচনা (এফজিডি), সরেজমিনে নির্মাণ কাজের গুণগত মান পর্যবেক্ষণ, ক্রয় কার্যক্রম পর্যালোচনা, এডিপিতে অর্থ বরাদ্দ, অর্থ-ছাড় ও প্রকৃত ব্যয়, প্রকল্প ব্যবস্থাপনা সম্পর্কিত তথ্য পর্যালোচনা এবং স্থানীয় কর্মশালা হতে প্রাপ্ত তথ্যের মাধ্যমে প্রকল্পের সবল ও দুর্বল দিক, সুযোগ ও ঝুঁকিসমূহের পর্যালোচনা নিম্নে দেওয়া হলো-

| সবল দিকসমূহ | দুর্বল দিকসমূহ |
|---|---|
| ১. যথাসময়ে গণপূর্ত ও স্থাপত্য অধিদপ্তর কর্তৃক মৌলিক ড্রইং/ডিজাইন অনুমোদন পাওয়া;<br>২. প্রকল্পের সুনির্দিষ্ট Exit Plan রয়েছে;<br>৩. কারা অধিদপ্তর, প্রকল্প দপ্তর এবং গণপূর্ত বিভাগের সুষ্ঠু সমন্বয়ে প্রকল্প বাস্তবায়ন হওয়া;<br>৪. পূর্ণকালীন প্রকল্প পরিচালক রয়েছে। | ১) নির্মাণ কাজের তদারকির ঘাটতি;<br>২) মৌলিক ডিজাইন ব্যতিত কয়েকটি অঙ্গের নির্মাণ কাজ করা;<br>৩) একই প্যাকেজের আওতায় বেশি কাজ থাকায় সময় বিলম্ব;<br>৪) যথাসময়ে ভূমি দখল এবং ভূমি উন্নয়নের কাজ সম্পন্ন করতে না পারা;<br>৫) প্রকল্পের অভ্যন্তরীণ ১১ কেভি সঞ্চালন লাইন এখনো অপসারণ না হওয়া;<br>৬) প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা যাচাই না করা;<br>৭) পরিবেশ বান্ধব ব্লক ব্যবহার না করা;<br>৮) ডিপিপি ও পরিপত্র অনুযায়ী নিয়মিত পিআইসি ও পিএসসি সভার আয়োজন না করা। |
| **সুযোগসমূহ** | **ঝুঁকিসমূহ** |
| ১) প্রকল্প বাস্তবায়নের ফলে বন্দিদের নিরাপদ আটক নিশ্চিতকরণ;<br>২) মা ও শিশুদের জন্য উপযুক্ত পরিবেশ তৈরি;<br>৩) কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের উন্নত কর্ম পরিবেশের সুযোগ সৃষ্টি;<br>৪) যথাযথ আর্বোরিকালচার এর মাধ্যমে সবুজ ও টেকসই পরিবেশ তৈরি করার সুযোগ রয়েছে। | ১. নির্মাণ সামগ্রীর মূল্য বৃদ্ধি পাওয়ায় প্রকল্পের নির্মাণ কাজের গুণগতমান বজায় রেখে সময়মত সম্পন্ন না হওয়ার আশংকা। |

## SWOT পর্যালোচনা ও বিশ্লেষণ:

### ৪.১ সবল দিকসমূহ:

নির্মাণ কাজে চূড়ান্ত ড্রইং/ডিজাইন পাওয়ার ক্ষেত্রে অনেক সময়ই বিলম্ব সৃষ্টি হয়। এ প্রকল্পের ক্ষেত্রে গণপূর্ত ও স্থাপত্য অধিদপ্তর কর্তৃক সর্বশেষ চূড়ান্ত ড্রইং/ডিজাইন পাওয়া যায় যা প্রকল্পের অন্যতম সবল দিক।

ডিপিপি প্রণয়নকালীন ডিপিপি'তে প্রকল্পের Exit Plan থাকা আবশ্যক। কারণ, প্রকল্পের কাজ শেষ হওয়ার পর নির্মিত স্থাপনার নিয়মিত রক্ষণাবেক্ষণ প্রয়োজন। এ প্রকল্পের Exit Plan রয়েছে। সেখানে উল্লেখ রয়েছে যে, ভবন নির্মাণের পর গণপূর্ত অধিদপ্তর কর্তৃক মেরামত ও রক্ষণাবেক্ষণ করা হবে। গণপূর্ত অধিদপ্তর কর্তৃক মেরামত ও রক্ষণাবেক্ষণ করা হলে প্রকল্পের নির্মিত স্থাপনা টেকসই হবে মর্মে প্রতীয়মান হয়।

সমীক্ষায় দেখা গিয়েছে যে, কারা অধিদপ্তর, প্রকল্প দপ্তর এবং গণপূর্ত নরসিংদী বিভাগের মধ্যে সুষ্ঠু সমন্বয় রয়েছে যা প্রকল্পের কাজের সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

এ প্রকল্পে প্রেষণে একজন পূর্ণকালীন প্রকল্প পরিচালক রয়েছেন। এছাড়া, বর্তমান প্রকল্প পরিচালক প্রকৌশলী হওয়ায় নির্মাণ কাজের মনিটরিং এ বাড়তি সুবিধা সৃষ্টি হয়েছে।

### ৪.২ দুর্বল দিকসমূহ:

প্রকল্পের অন্যতম দুর্বল দিক হলো নির্মাণ কাজের তদারকির ঘাটতি। সরেজমিনে দেখা যায় যে, ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক ড্রইং/ডিজাইন ব্যতিরেকে কাজ করছে। বাউন্ডারি ওয়ালে স্টিরাপ কম দেয়া, কিউরিং ঠিকমত না করা, প্রকল্প এলাকায় কর্ম-পরিবেশ বজায় না থাকা ইত্যাদি ঘাটতি দেখা গিয়েছে। গণপূর্ত অধিদপ্তর কর্তৃক নির্মাণ কাজের তদারকি আরও বৃদ্ধি করা প্রয়োজন।

প্রকল্পের আওতায় অনুমোদিত ড্রইং/ডিজাইন ব্যতিত নির্মাণ কাজ করা হচ্ছে যা প্রকল্পের অন্যতম দুর্বল দিক। এ প্রকল্পের গ্রাউন্ডফ্লোরের বিস্তারিত ডিজাইন নেই। এছাড়া, ঢালাই করে ফেলে পরবর্তীতে আবার ভেঙ্গে ফেলা হচ্ছে কারণ ড্রইং/ডিজাইন অনুযায়ী হয়নি।

ডিপিপিতে একটি প্যাকেজের আওতায় ৬৩টি পূর্ত কাজ এবং ভূমি উন্নয়নের কাজ রাখা হয়েছে এবং কাজের মেয়াদ রাখা হয়েছে ১৩ মাস যা ডিপিপি প্রণয়নের ত্রুটি ছিল মর্মে প্রতিয়মান হয়। বাস্তবে প্রকল্পের আওতায় ৬৩টি পূর্ত কাজ এবং ভূমি উন্নয়নের জন্য ৩টি ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন করা হয়েছে। চলমান কাজের ক্রমপুঞ্জিত অগ্রগতি মাত্র ৫০%। প্রকল্পের আওতায় ঠিকাদারী প্রতিষ্ঠান বৃদ্ধি করে এবং ভূমি উন্নয়নের কাজ আলাদা ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক সম্পন্ন করা দরকার ছিল মর্মে প্রতীয়মান হয়েছে।

প্রকল্প এলাকার সীমানা নিয়ে স্থানীয় জনসাধারণের সাথে সমস্যা তৈরি হয়। যার ফলে যথাসময়ে ভূমি দখল করা যায়নি। পরবর্তীতে জেলা অফিসের সাহায্য নিয়ে উক্ত সমস্যার সমাধান করা হয়। এছাড়া, এখন পর্যন্ত ভূমি উন্নয়নের কাজ সম্পন্ন করা হয়নি। যার ফলে অনেক স্থাপনার কাজে ধীরগতি দেখা গিয়েছে। নির্মাণ কাজের গতি বৃদ্ধি করতে দ্রুত ভূমি উন্নয়নের কাজ সম্পন্ন করা প্রয়োজন।

প্রকল্প গ্রহণের পূর্বে সম্ভাব্যতা সমীক্ষা যাচাই করা হয়নি। প্রকল্প গ্রহণের পূর্বে সম্ভাব্যতা যাচাই করা হলে সীমানা নিয়ে ঝামেলা, প্রকল্পের অভ্যন্তরীণ পল্লী বিদ্যুতের ১১কেভি লাইন ইত্যাদি সম্পর্কে পূর্বেই অবহিত এবং সে অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করা এবং প্রকল্পের কাজ যথাসময়ে শুরু করা যেতো।

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী ২০২৫ এর মধ্যে যে কোন সরকারি অবকাঠামো নির্মাণের ক্ষেত্রে ইটের ব্যবহার শূন্য তে নামিয়ে আনতে হবে। কমপক্ষে ১০% পরিবেশ বান্ধব ব্লক ব্যবহার করা দরকার ছিল। ভবিষ্যতে এ ধরনের প্রকল্পের নির্মাণ কাজে পরিবেশ বান্ধব ব্লকের ব্যবহারের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

এ প্রকল্পের আওতায় নিয়মিত পিআইসি ও পিএসসি সভার আয়োজন করা হয়নি। প্রকল্প যথাসময়ে বাস্তবায়নের নিমিত্তে ডিপিপি'র নির্ধারিত সময় অনুযায়ী পিআইসি ও পিএসসি সভা আয়োজন এবং উক্ত সভাসমূহের সিদ্ধান্তসমূহ সঠিকভাবে বাস্তবায়ন করা জরুরি।

### ৪.৩ সুযোগসমূহ:

প্রকল্পের আওতায় বন্দি ব্যারাক (পুরুষ) নির্মাণ, সাজাপ্রাপ্ত বন্দি ভবন, পুরুষ শ্রেণি প্রাপ্ত বন্দি ব্যারাক, মানসিক সমস্যায় আক্রান্ত বন্দি ব্যারাক, মহিলা বন্দি সেল, মহিলা শ্রেণিপ্রাপ্ত ও কিশোরী বন্দি ভবন নির্মিত হচ্ছে যার ফলে কারা বন্দিদের নিরাপদ আটক নিশ্চিতকরণ সম্ভব হবে মর্মে প্রতীয়মান হয়।

জেলা কারাগারে শিশুদের জন্য মাঠ থাকবে সেখানে শিশুরা খেলাধুলা করতে পারে। কিন্তু বর্তমান এই সুযোগ সুবিধা গুলো নেই। এখানে আরো সুবিধা থাকবে, ডে-কেয়ার এর সুবিধা থাকার ফলে কর্তব্যরত মা'দের কার্য সম্পাদন সহজ হবে।

সকল কর্মকর্তা কর্মচারীদের জন্য আবাসন ব্যবস্থা নেই, কারাগারে আধুনিক সুযোগ-সুবিধা নেই, মা ও শিশুদের জন্য উপযুক্ত পরিবেশ নেই, অল্প জায়গায় বিভিন্ন সেবা ভোগীদের জায়গা দিতে পারা যায় না ইত্যাদি সমস্যা রয়েছে। বর্তমান প্রকল্পটি বাস্তবায়ন হলে উক্ত সমস্যার সমাধান হবে এবং উন্নত কর্ম পরিবেশের সুযোগ তৈরি হবে।

ডিপিপিতে আর্বোরিকালচারের সংস্থান রয়েছে। প্রকল্প এলাকায় যথাযথভাবে আর্বোরিকালচার করা গেলে সবুজায়ন এবং টেকসই পরিবেশ তৈরির সুযোগ তৈরি হবে।

### ৪.৪ ঝুঁকিসমূহ:

ইউক্রেন-রাশিয়া যুদ্ধ, কোভিড-১৯ ইত্যাদি কারণে দিন দিন নির্মাণ উপকরণের (রিইনফোর্সমেন্ট, পাথর, বালি ইত্যাদি) মূল্য বৃদ্ধি পাচ্ছে। ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে গণপূর্ত অধিদপ্তরের রেট শিডিউল-২০১৮ অনুযায়ী চুক্তি করা হয়েছে। ঠিকাদার প্রতিষ্ঠানকে সাইট হস্তান্তরের পর পরই বিশেষ করে রিইনফোর্সমেন্ট এর মূল্য অস্বাভাবিক বৃদ্ধি পাওয়ায় পূর্বের চুক্তিবদ্ধ রেট শিডিউল অনুযায়ী নির্মাণ কাজ বিঘ্নিত হচ্ছে। ইতোমধ্যে গণপূর্ত অধিদপ্তরের রেট শিডিউল ২০২২ এবং সংশোধিত রেট শিডিউল ২০২২ পরিবর্তন হয়েছে। এমতাবস্থায়, পূর্বের রেট শিডিউল অনুযায়ী গুণগতমান বজায় রেখে নির্ধারিত মেয়াদে অবশিষ্ট কাজ সম্পন্ন না হওয়ার আশংকা রয়েছে।

# পঞ্চম অধ্যায়
## সার্বিক পর্যালোচনা হতে প্রাপ্ত পর্যবেক্ষণ

### ৫.১ বছরভিত্তিক এডিপি'তে অর্থ-বরাদ্দ, ছাড় ও প্রকৃত ব্যয় পর্যবেক্ষণ

প্রকল্পের আওতায় ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থ-বছরে কর্ম-পরিকল্পনা অনুযায়ী মূল প্রকল্পের মাত্র ০.২০% অর্থ ব্যয় করা হয়। এপ্রিল-২০২৩ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক ব্যয় ১১,৫২৯.৪৬ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৩৫.২৬%। প্রকল্পের আওতায় ডিপিপি'র সংস্থান অনুযায়ী এডিপিতে অর্থ-বরাদ্দ ও ছাড় না হওয়াতে নির্মাণ কাজে ধীরগতি পরিলক্ষিত হয়েছে। নির্মাণ কাজের ত্বরান্বিত করতে ডিপিপির সংস্থান অনুযায়ী এডিপিতে অর্থ-বরাদ্দ ও ছাড় হওয়া প্রয়োজন।

উল্লেখ্য যে, প্রকল্পটি বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের অগ্রাধিকার তালিকায় প্রকল্পটি "সি" ক্যাটাগরিভুক্ত। এমতাবস্থায় ২০২২-২০২৩ অর্থ-বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত "সি" ক্যাটাগরিভুক্ত হওয়ায় "নরসিংদী জেলা কারাগার নির্মাণ" প্রকল্পটি অগ্রাধিকার তালিকায় "সি" ক্যাটাগরি হতে "বি" ক্যাটাগরিতে পুনঃনির্ধারণ করার প্রস্তাব সুরক্ষা সেবা বিভাগ হতে অর্থ-বিভাগে প্রেরণ করা হয়েছে। সি" ক্যাটাগরি হতে "বি" ক্যাটাগরিতে পুনঃনির্ধারণ করার প্রস্তাবটি বাস্তবায়ন করা যেতে পারে।

### ৫.২ প্রকল্পের প্রধান প্রধান কাজের অগ্রগতি পর্যবেক্ষণ:

প্রকল্পের আওতায় ৪০৬৯৪.৬৫ বর্গ মিঃ আবাসিক ভবন, ৬৩৩৫.৩৭ মিঃ অনাবাসিক ভবন এবং ৫৩১৬০.০৪ মিঃ অন্যান্য ভবন ও স্থাপনা নির্মাণ করা হচ্ছে। প্রকল্পের ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি মাত্র ৫০% যা প্রকল্প মেয়াদ বিবেচনায় খুবই কম। প্রকল্পের আওতায় ৬৩টি পূর্ত ও ভূমি উন্নয়নের কাজ মাত্র ৩টি ঠিকাদারী প্রতিষ্ঠান দিয়ে করা ঠিক হয়নি মর্মে প্রতীয়মান হয়েছে। এক্ষেত্রে সময় বৃদ্ধি এবং ভেরিয়েশনের আশংকা রয়েছে।

এছাড়া, ভূমি উন্নয়নের কাজ আলাদা ঠিকাদার প্রতিষ্ঠান দ্বারা সম্পন্ন করা হলে দ্রুত কাজ সম্পন্ন হতো মর্মে প্রতীয়মান হয়। নির্মাণ কাজ ত্বরান্বিত করার নিমিত্ত প্রত্যেক ঠিকাদারী প্রতিষ্ঠান তাদের নির্মাণাধীন ভবনগুলোর জন্য আলাদা আলাদা কর্ম-পরিকল্পনা তৈরি করবে যা প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক যাচাই করা প্রয়োজন।

### ৫.৩ ক্রয় কার্যক্রম পর্যবেক্ষণ:

#### ৫.৩.১ পণ্য ক্রয় পর্যবেক্ষণ

অনুমোদিত ডিপিপির পণ্য-৩ প্যাকেজের আওতায় ৪টি কম্পিউটার ও আনুষাঙ্গিক সরঞ্জামাদি বাবদ ৬.০০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। বাস্তবে প্রকল্পের আওতায় ৪টি কম্পিউটার ও আনুষাঙ্গিক সরঞ্জামাদি ডিপিপি'র ক্রয় পদ্ধতি অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ৫.০০ লক্ষ টাকায় ক্রয় কাজ সম্পন্ন করা হয়। বাকি ৫টি প্যাকেজের বরাদ্দ না পাওয়ায় দরপত্র আহবান করা হয়নি।

#### ৫.৩.২ কার্য ক্রয় পর্যবেক্ষণ

কার্য ক্রয়ের ৩টি প্যাকেজে [প্যাকেজ ১(এ) ও প্যাকেজ ১(বি) ও প্যাকেজ ১(সি)] দরপত্র আহবান করা হয়েছে। এখন পর্যন্ত কোন প্যাকেজের কাজ সম্পূর্ণ শেষ হয়নি। ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক সময় বৃদ্ধির জন্য আবেদন করা হয়েছে।

উল্লেখ্য যে, প্যাকেজ ১(সি) এর অগ্রগতি খুবই কম এবং ঠিকাদারী প্রতিষ্ঠান (Biswas Trading@ Constructions) ধীরগতিতে কাজ করছে। প্রকল্প অফিস কর্তৃক জানা যায়, এ ঠিকাদার প্রতিষ্ঠান পর্যাপ্ত জনবলও নিয়োগ দেয়নি। এছাড়া, এ ঠিকাদারী প্রতিষ্ঠানের আওতায় ভূমি উন্নয়নের কাজ রয়েছে। ভূমি উন্নয়নের কাজ শেষ না হওয়ায় অন্যান্য নির্মাণ কাজ শুরু করা যাচ্ছে না। ভূমি উন্নয়নের কাজ আলাদা ঠিকাদারী প্রতিষ্ঠান দ্বারা সম্পন্ন করা হলে দ্রুত কাজ সম্পন্ন হতো মর্মে প্রতীয়মান হয়। এছাড়া, প্রকল্পের কাজ ত্বরান্বিত করতে উক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানকে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ে গুণগতমান বজায় রেখে ভৌত কাজের গতি বৃদ্ধির জন্য গণপূর্ত বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট ঠিকাদারকে নির্দেশনা প্রদান, অন্যথায় বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করার উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

### ৫.৩.৩ সেবা ক্রয় পর্যবেক্ষণ

প্রকল্পের আওতায় ডিপিপি অনুযায়ী সেবা ক্রয়ের ৩টি প্যাকেজ রয়েছে। বাস্তবে প্রকল্পের আওতায় উক্ত ৩টি সেবা ক্রয়ের কাজ ডিপিপির নির্ধারিত সময় থেকে প্রায় ৭ মাস পর সম্পাদন করা হয়েছে। চুক্তি অনুযায়ী কাজ চলমান রয়েছে।

## ৫.৪ লগ-ফ্রেমের আলোকে লক্ষ্য, উদ্দেশ্য ও আউটপুট অর্জন পর্যবেক্ষণ:

ডিপিপি অনুযায়ী প্রকল্পের মেয়াদ ছিল সেপ্টেম্বর ২০১৯ থেকে জুন ২০২২ পর্যন্ত। সে অনুযায়ী প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য ও আউটপুট অর্জনের মাত্রা নির্ধারণ করা হয়েছে। পরবর্তীতে প্রকল্পটি সেপ্টেম্বর ২০১৯- জুন/২০২৪ পর্যন্ত (৫৭.১৪%) মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। বর্তমানে প্রকল্পের ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি মাত্র ৫০%। অর্থাৎ, প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য ও আউটপুট অর্জন খুবই সীমিত মর্মে প্রতীয়মান হয়। তবে, প্রকল্পের আওতায় আধুনিক অফিস ও নিরাপত্তা সরঞ্জামাদি সংযোজনের মাধ্যমে নরসিংদী জেলা কারাগারের নিরাপত্তাসহ বন্দি এবং কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সহায়ক পরিবেশ সৃষ্টি হবে মর্মে প্রতীয়মান হয়।

## ৫.৫ ল্যাব-টেস্টের রিপোর্ট পর্যবেক্ষণ:

বেশিরভাগ ল্যাব টেস্ট বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় ও এলজিইডি থেকে এবং কিছু ল্যাব টেস্ট গণপূর্ত অধিদপ্তরে করা হয়েছে। কংক্রিটের Cylinder Test (Compressive Strength Test of Concrete), বালির, Sylhet Sand (Sive Analysis of Sand), রেইনফোর্সমেন্ট এর Deformed M.S.BARS (ASTM A 615M-16), পাথরের ক্ষেত্রে Crushed Stone (Stone Chips) এর Los Angeles Abrasion Value [ASTM C-131] সহ বিভিন্ন টেস্ট করা হয়েছে। প্রতিটি ল্যাব টেস্টের প্রাপ্ত ফলাফল সন্তোষজনক পাওয়া গিয়েছে।

## ৫.৬ অনুমোদিত ড্রইং/ডিজাইন অনুযায়ী নির্মাণ কাজ পর্যবেক্ষণ

- নির্মাণ কাজে বিএনবিসি অনুসরণ করা হচ্ছে। তবে, ওজন ও পরিমাপ মান দন্ড অর্ডিন্যান্স-১৯৮২ (পূর্বের আইন) এবং ওজন ও পরিমাপ মান দন্ড আইন-২০১৮ অনুযায়ী অত্র প্রকল্পের ড্রইং/ডিজাইনে মেট্রিক পদ্ধতির ব্যবহারের ক্ষেত্রে ব্যত্যয় হয়েছে।
- সাইটে Fire Protection and Detection সংক্রান্ত ড্রইং/ডিজাইন পাওয়া যায়নি। উল্লেখ্য যে, ইমারত বিধিমালা-২০০৮ ও বিএনবিসি অনুযায়ী Fire Protection and Detection এর ড্রইং/ডিজাইন প্রস্তুত করার নির্দেশনা রয়েছে।
- আরও দেখা যায় যে, বীম, লিন্টেল ঢালাই করার পর পরবর্তীতে আবার ভেঙ্গে ফেলা হচ্ছে কারণ ড্রইং/ডিজাইন অনুযায়ী হয়নি। এ প্রকল্পের গ্রাউন্ডফ্লোরের বিস্তারিত ডিজাইন নেই, মুখে মুখে স্কেচ করে আলাদা করে সংযোজন করতে হচ্ছে। গ্রাউন্ড ফ্লোরে ডিজাইন না থাকায় BoQ অসম্পূর্ণ থেকে যায় মর্মে প্রতীয়মান হয়।
- আর্কিটেকচারাল, স্ট্রাকচারাল, ইলেক্ট্রিক্যাল, প্লাম্বিং, ফায়ার ফাইটিং, রেইন ওয়াটার হার্ভেস্টিং, ল্যান্ডস্কেপিং, বর্জ্য ব্যবস্থাপনাগার ইত্যাদির বিস্তারিত নকশা সংযোজনপূর্বক ডিপিপি প্রণয়ন করা না হলে ঠিকাদার নিয়োগ প্রক্রিয়া (BoQ প্রস্তুতি, দরপত্র আহবান, ঠিকাদার নিয়োগ), কাজের গুণগতমান এবং ঠিকাদারকে বিল প্রদান প্রক্রিয়ায় অসচ্ছতার সুযোগ তৈরি হয়। ভবিষ্যতে প্লাম্বিং, ফায়ার ফাইটিং, রেইন ওয়াটার হার্ভেস্টিং, ল্যান্ডস্কেপিং ও বর্জ্য ব্যবস্থাপনাগারের নকশা প্রণয়নের ক্ষেত্রে সরকারি বিভিন্ন বিশেষায়িত দপ্তরে (গণপূর্ত অধিদপ্তর, এলজিইডি, সড়ক ও জনপথ অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর প্রভৃতি) প্রয়োজনীয় পদ সৃষ্টিপূর্বক বিশেষজ্ঞদের পদায়ন করা প্রয়োজন।

## ৫.৭ সরেজমিনে নির্মাণ কাজের গুণগতমান পর্যবেক্ষণ

- সরেজমিনে হাসপাতাল ও আবাসিক ভবন এর মেঝেতে ব্যবহৃত কিছু ইটের মান সন্তোষজনক পাওয়া যায়নি (আকৃতিগত ও কোণা ভাঙ্গা)। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী ২০২৫ এর মধ্যে যে কোন সরকারি অবকাঠামো নির্মাণের ক্ষেত্রে ইটের ব্যবহার শূন্য তে নামিয়ে আনতে হবে। এ প্রকল্পে কমপক্ষে ১০% পরিবেশ বান্ধব ব্লক ব্যবহার করা দরকার ছিল।

- বহুতল ভবন নির্মাণের ক্ষেত্রে আধুনিক যে পদ্ধতি বিভিন্ন সরকারি/বেসরকারি আধুনিক প্রকল্পের নির্মাণ কাজে ব্যবহৃত হচ্ছে সেই তুলনায় এই প্রকল্পের আধুনিক সরঞ্জামাদি খুবই সীমিত। এ ক্ষেত্রে Roof hoist ও Tower hoist সিস্টেমের ব্যবহার করা যেতে পারে।
- সরেজমিনে দেখা যায় যে, ডিভিশন ভবনে ২টি বীম কাটা হয়েছে। অনুমোদিত ড্রইং/ডিজাইন অনুযায়ী কাঠামোর বীমগুলো নির্মাণ করা হলেও সিঁড়ির ডিজাইন পরিবর্তন করার জন্য উক্ত বীমগুলা কাটা হয়েছে। উল্লেখ্য যে, যদি ডিজাইন পরিবর্তনের কারণে বীম কাটার প্রয়োজন হয় তবে ডিজাইন ডিভিশন এর অনুমোদন এবং নকশা সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।
- হাসপাতাল বিল্ডিং এ বড় বড় লিন্টেল এর কোন ডিজাইন করা হয়নি। এছাড়া, একটি লিন্টেল বীম নীচের দিকে ঝুলে যেতে দেখা যায়। লিন্টেলের ড্রইং/ডিজাইনে থাকা দরকার ছিল। বিশেষ করে বড় ওপেনিং এর ক্ষেত্রে লিন্টেলের সুস্পষ্ট ড্রইং/ডিজাইন থাকা আবশ্যক। হ্যান্ড ড্রইং অথবা মৌখিক নির্দেশনায় লিন্টেল এর কাজ করার ফলে উক্ত সমস্যা সৃষ্টি হয়েছে মর্মে প্রতীয়মান হয়।
- বন্দি ভবনগুলোর কাজ প্রায় শেষের দিকে। ফিনিশিং কাজ চলমান রয়েছে এবং প্লাস্টারিং এর কাজ ভালো দেখা গিয়েছে।
- সরেজমিনে প্রকল্পের কর্ম-পরিবেশ এবং নিরাপত্তা সন্তোষজনক পাওয়া যায়নি। নির্মাণ কাজ চলাকালীন শ্রমিকদের সার্বিক নিরাপত্তা এবং প্রকল্প এলাকার কর্ম-পরিবেশ বজায় রাখার ক্ষেত্রে প্রকল্প কর্মকর্তাদের আরও নজরদারি বাড়ানো প্রয়োজন।
- জেল খানার অভ্যন্তরীণ যে বাউন্ডারি ওয়াল নির্মাণ করা হচ্ছে উক্ত বাউন্ডারি ওয়ালে কয়েকটি স্থানে ডিজাইন অনুযায়ী স্টিরাপে রেইনফোর্সমেন্ট কম দেয়া হয়েছে। এছাড়াও বাউন্ডারি ওয়ালে কয়েকটি স্থানে হেয়ার ক্র্যাক দেখা দিয়েছে। নির্মাণ কাজগুলোর তদারকি আরও বৃদ্ধি করা প্রয়োজন।
- এছাড়া, নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিতকরণে প্রত্যেক ঢালাই কাজ শেষ হবার পর সেটির ডিজিটাল স্থির চিত্র ধারণ করে একটি ডাটাবেজ তৈরি করা প্রয়োজন।

## ৫.৮ প্রকল্প ব্যবস্থাপনা পর্যবেক্ষণ

- প্রকল্প গ্রহণের পূর্বে সম্ভাব্যতা সমীক্ষা যাচাই করা হয়নি। সম্ভাব্যতা যাচাই করা হলে প্রকল্পের সীমানা নিয়ে স্থানীয়দের সাথে বিরোধ এবং প্রকল্পের অভ্যন্তরীণ পল্লী বিদ্যুতের ১১কেভি সঞ্চালন লাইন সম্পর্কে পূর্বেই অবহিত হওয়া যেত এবং তদানুযায়ী ব্যবস্থা গ্রহণ করে প্রকল্প গ্রহণ করলে নির্মাণ কাজ চলাকালীন উক্ত সমস্যা সম্মুখীন হতো না মর্মে প্রতীয়মান হয়।
- প্রকল্পের আওতায় এখন পর্যন্ত ০১, ০২ ও ০৩ প্রতিবেদন তৈরি এবং আইএমইডিতে দাখিল করা হয়নি। তবে, প্রতি মাসে নিয়মিত ০৫ বা মাসিক অগ্রগতি প্রতিবেদন আইএমইডিতে দাখিল করা হচ্ছে।
- প্রকল্পের আওতায় এখন পর্যন্ত কোন অডিট সম্পাদিত হয়নি। প্রকল্প অফিস কর্তৃক জানা যায়, চলতি অর্থবছরের অডিট কার্যক্রম আগামী অর্থবছরে (২০২২-২০২৩) সম্পন্ন হবে। এছাড়া, প্রকল্পের পরিবেশগত ছাড়পত্র (IEE and EIA) নেয়া হয়নি।
- প্রকল্পের আওতায় সুরক্ষা সেবা বিভাগ এর উপসচিব পর্যায়ের ১ম প্রকল্প পরিচালক গত ফেব্রুয়ারি ২০২০ তারিখে অতিরিক্ত দায়িত্ব হিসেবে প্রকল্প পরিচালকের দায়িত্ব গ্রহণ করেন। প্রকল্প পরিচালক নিয়োগেই প্রায় ৪-৫ মাস সময় বিলম্ব হয়। পরবর্তীতে তার বদলিজনিত কারণে গত ০১.০৩.২০২০ তারিখে পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগ দেয়া হয়। কিন্তু বর্তমান প্রকল্প পরিচালক আলোচ্য প্রকল্প ছাড়াও অন্যান্য আরও ২টি প্রকল্পের সাথে সম্পৃক্ত রয়েছেন যা প্রকল্প বাস্তবায়নে চ্যালেঞ্জ হিসেবে প্রতীয়মান হয়।
- প্রকল্পের কাজ তদারকির জন্য ডিপিপিতে ৬জন জনবলের সংস্থান রয়েছে। তন্মধ্য ২ জন প্রেষণে এবং বাকি ৪জন আউটসোর্সিং। ডিপিপি অনুযায়ী প্রকল্পের আওতায় ৬জন জনবলই নিয়োগ করা হয়েছে।

- আইএমইডি কর্তৃক সরেজমিনে পরিদর্শন প্রতিবেদনে যে ৪টি সুপারিশ প্রণয়ন করা হয়েছিল তন্মধ্যে কোন সুপারিশ প্রকল্প দপ্তর কর্তৃক যথাযথভাবে বাস্তবায়ন করা হয়নি। উক্ত সুপারিশগুলো যথাযথভাবে বাস্তবায়ন হলে প্রকল্পের কাজ তরান্বিত হতো মর্মে প্রতীয়মান হয়।

- প্রকল্পের অধীনে পিআইসি ও পিএসসি সভা নিয়মিত অনুষ্ঠিত হয়নি। প্রকল্প নির্ধারিত সময়ে বাস্তবায়নের নিমিত্তে পিআইসি ও পিএসসি কমিটির সভা নিয়মিত আয়োজন এবং উক্ত সভাসমূহের সিদ্ধান্ত বাস্তবায়ন করা প্রয়োজন।

## ৫.৯ প্রকল্পের Exit Plan পর্যবেক্ষণ

প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট-সুবিধাদি টেকসই করার জন্য অনুমোদিত স্থাপত্য নকশা এবং অনুমোদিত কাঠামোগত নকশা অনুসরণ করে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক মেরামত ও রক্ষাবেক্ষণ করা হবে মর্মে ডিপিপি'তে উল্লেখ করা হয়েছে। গণপূর্ত অধিদপ্তর কর্তৃক নির্মিত ভবনগুলোর যথাযথভাবে মেরামত ও রক্ষাবেক্ষণ করা হলে নির্মাণ কাজ টেকসই হবে মর্মে প্রতীয়মান হয়।

প্রকল্প অঞ্চল নিচু হওয়ায় অভ্যন্তরীণ ড্রেনগুলো যথাযথভাবে নির্মাণ করতে হবে যেন ড্রেনে পানি/আবর্জনা জমে না থাকে এবং জলাবদ্ধতা এড়ানোর জন্য বৃষ্টির পানি নিষ্কাশনের ব্যবস্থা পর্যাপ্ত কিনা সে অনুযায়ী সঠিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।  এছাড়া, ভবিষ্যতে এ ধরনের প্রকল্পে পানি ব্যবহারের ক্ষেত্রে রি-সাইক্লিং করা যায় কিনা তা খতিয়ে দেখা যেতে পারে।

# ষষ্ঠ অধ্যায়
# সুপারিশমালা ও উপসংহার

## ৬.১ সুপারিশমালা

৬.১ প্রকল্পের আওতায় সমস্ত কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্নের লক্ষ্যে ডিপিপির সংস্থান অনুযায়ী আগামী অর্থ-বছরে এডিপি/আরএডিপিতে অবশিষ্ট সমুদয় অর্থ বরাদ্দ ও ছাড় হওয়া প্রয়োজন (বিস্তারিত অনুচ্ছেদ: ৫.১);

৬.২ প্রকল্পের অভ্যন্তরীণ পল্লী বিদ্যুতের ১১ কেভি সঞ্চালন লাইনের জন্য নির্মাণ কাজ বিঘ্নিত হচ্ছে। অভ্যন্তরীণ ১১ কেভি সঞ্চালন লাইন অপসারণের জন্য পল্লী বিদ্যুৎ অফিসের সাথে সমঝোতা করে উক্ত সঞ্চালন লাইন সরানোর জন্য প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক দ্রুত পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন (বিস্তারিত অনুচ্ছেদ: ৫.২);

৬.৩ পূর্ত প্যাকেজ ১(সি) এর ঠিকাদার প্রতিষ্ঠানকে সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ে গুণগতমান বজায় রেখে ভৌত কাজের গতি বৃদ্ধির জন্য প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট ঠিকাদারকে নির্দেশনা প্রদান, অন্যথায় বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে (বিস্তারিত অনুচ্ছেদ: ৫.৩.২);

৬.৪ প্রত্যেক ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক তাদের নির্মাণাধীন ভবনগুলোর জন্য আলাদা আলাদা কর্ম-পরিকল্পনা তৈরি এবং প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক যাচাইপূর্বক অনুমোদন করা প্রয়োজন (বিস্তারিত অনুচ্ছেদ: ৫.২);

৬.৫ প্রকল্পের আওতায় ভূমি উন্নয়নের কাজ দ্রুত সম্পন্নের জন্য প্রকল্প দপ্তর কর্তৃক ঠিকাদারী প্রতিষ্ঠানকে সাপ্তাহিক মাটি ভরাটের আয়তন নির্ধারণ এবং মনিটরিং জোরদার করা প্রয়োজন (বিস্তারিত অনুচ্ছেদ: ৫.৩.২);

৬.৭ সরেজমিনে নির্মাণ কাজের তদারকির যথেষ্ট ঘাটতি দেখা গিয়েছে। নির্মাণ কাজের গুণগতমান বজায় রাখার ক্ষেত্রে গণপূর্ত অধিদপ্তর এবং প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক তদারকি আরও বৃদ্ধি করা আবশ্যক (বিস্তারিত অনুচ্ছেদ: ৫.৭);

৬.৮ মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী ২০২৫ সালের মধ্যে যে কোন সরকারি অবকাঠামো নির্মাণের ক্ষেত্রে ইটের ব্যবহার শূন্য তে নামিয়ে আনতে হবে। এ প্রকল্পে কমপক্ষে ১০% পরিবেশ বান্ধব ব্লক ব্যবহার করা দরকার ছিল। ভবিষ্যতে এ ধরনের প্রকল্পের নির্মাণ কাজে পরিবেশ বান্ধব ব্লক ব্যবহারের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে (বিস্তারিত অনুচ্ছেদ: ৫.৭);

৬.১০ এ প্রকল্প গ্রহণের পূর্বে সম্ভাব্যতা সমীক্ষা যাচাই করা হয়নি। ভবিষ্যতে প্রকল্প গ্রহণের পূর্বে সম্ভাব্যতা যাচাই সমীক্ষা প্রতিবেদন তৈরি করা আবশ্যক (বিস্তারিত অনুচ্ছেদ: ৫.৮);

৬.১১ ভবিষ্যতে প্লাম্বিং, ড্রেনেজ, ফায়ার ফাইটিং, রেইন ওয়াটার হার্ভেস্টিং, ল্যান্ডস্কেপিং ও বর্জ্য ব্যবস্থাপনাগারের নকশা প্রণয়নের ক্ষেত্রে সরকারি বিভিন্ন বিশেষায়িত দপ্তরে (গণপূর্ত অধিদপ্তর, এলজিইডি, সড়ক ও জনপথ অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর প্রভৃতি) প্রয়োজনীয় পদ সৃষ্টিপূর্বক বিশেষজ্ঞদের পদায়ন এর উদ্যোগ করা প্রয়োজন আবশ্যক (বিস্তারিত অনুচ্ছেদ: ৫.৬); এবং

৬.১২ ভূ-গর্ভস্থ পানির স্তর ক্রমেই নীচে চলে যাচ্ছে। ভবিষ্যতে এ ধরনের প্রকল্পে ভূ-গর্ভস্থ পানি ব্যবহারের ক্ষেত্রে রি-সাইক্লিং করা যায় কিনা তা খতিয়ে দেখা যেতে পারে (বিস্তারিত অনুচ্ছেদ: ৫.৯)।

## ৬.২ উপসংহার:

সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর আওতাধীন কারা অধিদপ্তর কর্তৃক "নরসিংদী জেলা কারাগার নির্মাণ" প্রকল্পটি নরসিংদী জেলার সদর উপজেলায় বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পের আওতায় আধুনিক সুযোগ সুবিধা সম্পন্ন এবং নতুন জেলা কারাগার নির্মাণ করা হচ্ছে। প্রকল্পটি শুরুর দিকে জমির সীমানা নিয়ে জটিলতা সৃষ্টি হয় যার কারণে নির্মাণ কাজ শুরু করতে সমস্যা হয় এবং কোভিড-১৯ এর সময় নির্মাণ কাজ ৩-৪ মাস বিলম্ব হয়। বর্তমানে এডিপি/আরএডিপিতে ডিপিপির সংস্থান অনুযায়ী অর্থ-বরাদ্দ ও ছাড় না হওয়া, ভূমি উন্নয়ন কাজের মন্থর গতি এবং অদ্যাবধি প্রকল্পের অভ্যন্তরীণ পল্লী বিদ্যুতের ১১কেভি সঞ্চালন লাইন অপসারণ না হওয়ায় নির্মাণ কাজের ধীরগতি পরিলক্ষিত হয়েছে। প্রকল্পের বর্তমান সমস্যাগুলো দ্রুত সমাধান করে নির্মাণ কাজের গুণগতমান বজায় রেখে অবশিষ্ট নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করা প্রয়োজন। নির্মাণ কাজের গুণগতমান বজায় রাখার ক্ষেত্রে গণপূর্ত অধিদপ্তর এবং প্রকল্প পরিচালককে তদারকি আরও বৃদ্ধি করা প্রয়োজন। সর্বোপরি প্রকল্পটি বাস্তবায়িত হলে কারা বন্দিদের আটক নিশ্চিতকরণসহ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের বাসস্থানের মনোরম পরিবেশ নিশ্চিত হবে একং কারা বিভাগের মূলমন্ত্র "রাখিব নিরাপদ দেখাব আলোর পথ" বাস্তবায়নে সুগম হবে।

**রেফারেন্সসমূহ:**

- প্রকল্পের অনুমোদিত ডিপিপি;
- মাসিক অগ্রগতি প্রতিবেদন;
- বিএনবিসি;
- প্রকল্পের ক্রয় কার্যক্রম সম্পর্কিত নথি/দলিলাদি;
- প্রকল্পের অনুমোদিত ড্রইং/ডিজাইন;
- টার্মস অফ রেফারেন্স (ToR), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি), পরিকল্পনা মন্ত্রণালয়;
- ইমারত বিধিমালা-২০০৮;
- ওজন ও পরিমাপ মান দন্ড আইন -২০১৮;
- PPA-2006- Public Procurement Act-2006, Ministry of Law, Government of the People's Republic of Bangladesh.
- PPR-2008- Public Procurement Rule-2008, Ministry of Law, Justice and Perlamentary Affairs, Government of the People's Republic of Bangladesh.
- প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য নথি/পত্র।
- চিত্র/ভিডিও।

# সংযুক্তি-১ আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণের বিস্তারিত তথ্য

## NPV,BCR,IRR

| Year | Cost | | Undiscounted total | | Discount factor (12%) | Discount factor (12%) | Discounted total (12%) | | Discounted total (15%) | | Net Benefits | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | Investment | maintenance | Total cost | Total benefit (Economic value) | | | Cost | Benefit | Cost | Benefit | Undiscounted | Discounted (12%) | Discounted (15%) |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12=5-4 | 13=9-8 | 14=11-10 |
| Construction year1 | ১,৭৯৯.০০ | ০.০০ | ১,৭৯৯.০০ | ০.০০ | ০.৮৯২৯ | ০.৮৬৯৬ | ১,৬০৬.৩৩ | ০.০০ | ১,৫৬৪.৪১ | ০.০০ | -১,৭৯৯.০০ | -১,৬০৬.৩৩ | -১,৫৬৪.৪১ |
| Construction year2 | ৪,৯৩৬.০০ | ০.০০ | ৪,৯৩৬.০০ | ০.০০ | ০.৭৯৭২ | ০.৭৫৬১ | ৩,৯৩৭.৯৮ | ০.০০ | ৩,৭৩২.১১ | ০.০০ | -৪,৯৩৬.০০ | -৩,৯৩৭.৯৮ | -৩,৭৩২.১১ |
| Construction year3 | ৯,৯৯২.৯৮ | ০.০০ | ৯,৯৯২.৯৮ | ০.০০ | ০.৭১১৮ | ০.৬৫৭৫ | ৭,১১৩.০০ | ০.০০ | ৬,৫৭০.৩৮ | ০.০০ | -৯,৯৯২.৯৮ | -৭,১১৩.০০ | -৬,৫৭০.৩৮ |
| Construction year4 | ৪০০.০০ | ০.০০ | ৪০০.০০ | ০.০০ | ০.৬৩৫৫ | ০.৫৭১৮ | ২,৫৪২.০০ | ০.০০ | ২,২৮৭.২০ | ০.০০ | -৪০০.০০ | -২,৫৪২.০০ | -২,২৮৭.২০ |
| Construction year5 | ১১,৯৭০.৪৫ | ০.০০ | ১১,৯৭০.৪৫ | ০.০০ | ০.৫৬৭৪ | ০.৪৯৭২ | ৬৭৯২.০৩ | ০.০০ | ৫৯৫১.৭১ | ০.০০ | -১১,৯৭০.৪৫ | -৬,৭৯২.০৩ | -৫,৯৫১.৭১ |
| 1st | ০.০০ | ০.০০ | ০.০০ | ১,৯৩৫.৬৭ | ০.৮৯২৯ | ০.৮৬৯৬ | ০.০০ | ১,৭২৮.২৮ | ০.০০ | ১,৬৮৩.১৯ | ১,৯৩৫.৬৭ | ১,৭২৮.২৮ | ১,৬৮৩.১৯ |
| 2nd | ০.০০ | ০.০০ | ০.০০ | ১,৯৩৫.৬৭ | ০.৭৯৭২ | ০.৭৫৬১ | ০.০০ | ১,৫৪৩.১১ | ০.০০ | ১,৪৬৩.৬৫ | ১,৯৩৫.৬৭ | ১,৫৪৩.১১ | ১,৪৬৩.৬৫ |
| 3rd | ০.০০ | ০.০০ | ০.০০ | ১,৯৩৫.৬৭ | ০.৭১১৮ | ০.৬৫৭৫ | ০.০০ | ১,৩৭৭.৭৭ | ০.০০ | ১,২৭২.৭৪ | ১,৯৩৫.৬৭ | ১,৩৭৭.৭৭ | ১,২৭২.৭৪ |
| 4th | ০.০০ | ৩৩৪.৫৬ | ৩৩৪.৫৬ | ১,৯৩৫.৬৭ | ০.৬৩৫৫ | ০.৫৭১৮ | ২১২.৬২ | ১,২৩০.১৫ | ১৯১.২৯ | ১,১০৬.৭৩ | ১,৬০১.১১ | ১,০১৭.৫৪ | ৯১৫.৪৪ |
| 5th | ০.০০ | ৩৩৪.৫৬ | ৩৩৪.৫৬ | ১,৯৩৫.৬৭ | ০.৫৬৭৪ | ০.৪৯৭২ | ১৮৯.৮৪ | ১,০৯৮.৩৫ | ১৬৬.৩৪ | ৯৬২.৩৭ | ১,৬০১.১১ | ৯০৮.৫১ | ৭৯৬.০৪ |
| 6th | ০.০০ | ৩৩৪.৫৬ | ৩৩৪.৫৬ | ২,৯০৩.৫১ | ০.৫০৬৬ | ০.৪৩২৩ | ১৬৯.৫০ | ১,৪৭১.০১ | ১৪৪.৬৪ | ১,২৫৫.২৭ | ২,৫৬৮.৯৫ | ১,৩০১.৫১ | ১,১১০.৬৩ |
| 7th | ০.০০ | ৩৩৪.৫৬ | ৩৩৪.৫৬ | ২,৯০৩.৫১ | ০.৪৫২৩ | ০.৩৭৫৯ | ১৫১.৩৪ | ১,৩১৩.৪০ | ১২৫.৭৭ | ১,০৯১.৫৪ | ২,৫৬৮.৯৫ | ১,১৬২.০৬ | ৯৬৫.৭৬ |
| 8th | ০.০০ | ৩৩৪.৫৬ | ৩৩৪.৫৬ | ২,৯০৩.৫১ | ০.৪০৩৯ | ০.৩২৬৯ | ১৩৫.১২ | ১,১৭২.৬৮ | ১০৯.৩৭ | ৯৪৯.১৬ | ২,৫৬৮.৯৫ | ১,০৩৭.৫৬ | ৮৩৯.৭৯ |
| 9th | ০.০০ | ৩৬৮.০২ | ৩৬৮.০২ | ২,৯০৩.৫১ | ০.৩৬০৬ | ০.২৮৪৩ | ১৩২.৭১ | ১,০৪৭.০৩ | ১০৪.৬১ | ৮২৫.৩৬ | ২,৫৩৫.৪৯ | ৯১৪.৩২ | ৭২০.৭৫ |
| 10th | ০.০০ | ৩৬৮.০২ | ৩৬৮.০২ | ২,৯০৩.৫১ | ০.৩২২০ | ০.২৪৭২ | ১১৮.৪৯ | ৯৩৪.৮৫ | ৯০.৯৭ | ৭১৭.৭০ | ২,৫৩৫.৪৯ | ৮১৬.৩৬ | ৬২৬.৭৩ |
| 11th | ০.০০ | ৩৬৮.০২ | ৩৬৮.০২ | ৪,৩৫৫.২৬ | ০.২৮৭৫ | ০.২১৪৯ | ১০৫.৮০ | ১,২৫২.০৩ | ৭৯.১০ | ৯৩৬.১৩ | ৩,৯৮৭.২৫ | ১,১৪৬.২৪ | ৮৫৭.০৩ |
| 12th | ০.০০ | ৩৬৮.০২ | ৩৬৮.০২ | ৪,৩৫৫.২৬ | ০.২৫৬৭ | ০.১৮৬৯ | ৯৪.৪৬ | ১,১১৭.৮৯ | ৬৮.৭৮ | ৮১৪.০৩ | ৩,৯৮৭.২৫ | ১,০২৩.৪৩ | ৭৪৫.২৪ |
| 13th | ০.০০ | ৩৬৮.০২ | ৩৬৮.০২ | ৪,৩৫৫.২৬ | ০.২২৯২ | ০.১৬২৫ | ৮৪.৩৪ | ৯৯৮.১১ | ৫৯.৮১ | ৭০৭.৮৫ | ৩,৯৮৭.২৫ | ৯১৩.৭৭ | ৬৪৮.০৪ |
| 14th | ০.০০ | ৪০৪.৮২ | ৪০৪.৮২ | ৪,৩৫৫.২৬ | ০.২০৪৬ | ০.১৪১৩ | ৮২.৮৩ | ৮৯১.১৭ | ৫৭.২১ | ৬১৫.৫২ | ৩,৯৫০.৪৪ | ৮০৮.৩৪ | ৫৫৮.৩১ |
| 15th | ০.০০ | ৪০৪.৮২ | ৪০৪.৮২ | ৪,৩৫৫.২৬ | ০.১৮২৭ | ০.১২২৯ | ৭৩.৯৬ | ৭৯৫.৬৯ | ৪৯.৭৫ | ৫৩৫.২৪ | ৩,৯৫০.৪৪ | ৭২১.৭৩ | ৪৮৫.৪৯ |

| Year | Cost | | Undiscounted total | | Discount factor (12%) | Discount factor (12%) | Discounted total (12%) | | Discounted total (15%) | | Net Benefits | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | Investment | maintenance | Total cost | Total benefit (Economic value) | | | Cost | Benefit | Cost | Benefit | Undiscounted | Discounted (12%) | Discounted (15%) |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12=5-4 | 13=9-8 | 14=11-10 |
| 16th | ০.০০ | ৪০৪.৮২ | ৪০৪.৮২ | ৬,৫৩২.৮৯ | ০.১৬৩১ | ০.১০৬৯ | ৬৬.০৩ | ১,০৬৫.৬৬ | ৪৩.২৬ | ৬৯৮.১৪ | ৬,১২৮.০৮ | ৯৯৯.৬২ | ৬৫৪.৮৮ |
| 17th | ০.০০ | ৪০৪.৮২ | ৪০৪.৮২ | ৬,৫৩২.৮৯ | ০.১৪৫৬ | ০.০৯২৯ | ৫৮.৯৬ | ৯৫১.৪৮ | ৩৭.৬২ | ৬০৭.০৭ | ৬,১২৮.০৮ | ৮৯২.৫২ | ৫৬৯.৪৬ |
| 18th | ০.০০ | ৪০৪.৮২ | ৪০৪.৮২ | ৬,৫৩২.৮৯ | ০.১৩০০ | ০.০৮০৮ | ৫২.৬৪ | ৮৪৯.৫৩ | ৩২.৭১ | ৫২৭.৮৯ | ৬,১২৮.০৮ | ৭৯৬.৮৯ | ৪৯৫.১৮ |
| 19th | ০.০০ | ৪৪৫.৩০ | ৪৪৫.৩০ | ৬,৫৩২.৮৯ | ০.১১৬১ | ০.০৭০৩ | ৫১.৭০ | ৭৫৮.৫১ | ৩১.২৯ | ৪৫৯.০৪ | ৬,০৮৭.৫৯ | ৭০৬.৮১ | ৪২৭.৭৫ |
| 20th | ০.০০ | ৪৪৫.৩০ | ৪৪৫.৩০ | ৬,৫৩২.৮৯ | ০.১০৩৭ | ০.০৬১১ | ৪৬.১৬ | ৬৭৭.২৪ | ২৭.২১ | ৩৯৯.১৬ | ৬,০৮৭.৫৯ | ৬৩১.০৮ | ৩৭১.৯৫ |
| 21th | ০.০০ | ৪৪৫.৩০ | ৪৪৫.৩০ | ৯,৭৯৯.৩৪ | ০.০৯২৬ | ০.০৫৩১ | ৪১.২২ | ৯০৭.০২ | ২৩.৬৬ | ৫২০.৬৫ | ৯,৩৫৪.০৪ | ৮৬৫.৮১ | ৪৯৬.৯৯ |
| 22th | ০.০০ | ৪৪৫.৩০ | ৪৪৫.৩০ | ৯,৭৯৯.৩৪ | ০.০৮২৬ | ০.০৪৬২ | ৩৬.৮০ | ৮০৯.৮৪ | ২০.৫৭ | ৪৫২.৭৪ | ৯,৩৫৪.০৪ | ৭৭৩.০৪ | ৪৩২.১৬ |
| 23th | ০.০০ | ৪৪৫.৩০ | ৪৪৫.৩০ | ৯,৭৯৯.৩৪ | ০.০৭৩৮ | ০.০৪০২ | ৩২.৮৬ | ৭২৩.০৭ | ১৭.৮৯ | ৩৯৩.৬৮ | ৯,৩৫৪.০৪ | ৬৯০.২২ | ৩৭৫.৭৯ |
| 24th | ০.০০ | ৪৮৯.৮৩ | ৪৮৯.৮৩ | ৯,৭৯৯.৩৪ | ০.০৬৫৯ | ০.০৩৪৯ | ৩২.২৭ | ৬৪৫.৬০ | ১৭.১১ | ৩৪২.৩৩ | ৯,৩০৯.৫১ | ৬১৩.৩৩ | ৩২৫.২২ |
| 25th | ০.০০ | ৪৮৯.৮৩ | ৪৮৯.৮৩ | ৯,৭৯৯.৩৪ | ০.০৫৮৮ | ০.০৩০৪ | ২৮.৮১ | ৫৭৬.৪৩ | ১৪.৮৮ | ২৯৭.৬৮ | ৯,৩০৯.৫১ | ৫৪৭.৬২ | ২৮২.৮০ |
| 26th | ০.০০ | ৪৮৯.৮৩ | ৪৮৯.৮৩ | ১৪,৬৯৯.০১ | ০.০৫২৫ | ০.০২৬৪ | ২৫.৭৩ | ৭৭২.০০ | ১২.৯৪ | ৩৮৮.২৮ | ১৪,২০৯.১৮ | ৭৪৬.২৮ | ৩৭৫.৩৪ |
| 27th | ০.০০ | ৪৮৯.৮৩ | ৪৮৯.৮৩ | ১৪,৬৯৯.০১ | ০.০৪৬৯ | ০.০২৩০ | ২২.৯৭ | ৬৮৯.২৯ | ১১.২৫ | ৩৩৭.৬৩ | ১৪,২০৯.১৮ | ৬৬৬.৩২ | ৩২৬.৩৮ |
| 28th | ০.০০ | ৪৮৯.৮৩ | ৪৮৯.৮৩ | ১৪,৬৯৯.০১ | ০.০৪১৯ | ০.০২০০ | ২০.৫১ | ৬১৫.৪৪ | ৯.৭৮ | ২৯৩.৫৯ | ১৪,২০৯.১৮ | ৫৯৪.৯৩ | ২৮৩.৮১ |
| 29th | ০.০০ | ৫৩৮.৮১ | ৫৩৮.৮১ | ১৪,৬৯৯.০১ | ০.০৩৭৪ | ০.০১৭৪ | ২০.১৪ | ৫৪৯.৫০ | ৯.৩৬ | ২৫৫.৩০ | ১৪,১৬০.২০ | ৫২৯.৩৫ | ২৪৫.৯৪ |
| 30th | ০.০০ | ৫৩৮.৮১ | ৫৩৮.৮১ | ১৪,৬৯৯.০১ | ০.০৩৩৪ | ০.০১৫১ | ১৭.৯৮ | ৪৯০.৬২ | ৮.১৪ | ২২২.০০ | ১৪,১৬০.২০ | ৪৭২.৬৪ | ২১৩.৮৬ |
| 31th | ০.০০ | ৫৩৮.৮১ | ৫৩৮.৮১ | ২২,০৪৮.৫১ | ০.০২৯৮ | ০.০১৩১ | ১৬.০৬ | ৬৫৭.০৮ | ৭.০৮ | ২৮৯.৫৭ | ২১,৫০৯.৭০ | ৬৪১.০৩ | ২৮২.৪৯ |
| 32th | ০.০০ | ৫৩৮.৮১ | ৫৩৮.৮১ | ২২,০৪৮.৫১ | ০.০২৬৬ | ০.০১১৪ | ১৪.৩৪ | ৫৮৬.৬৮ | ৬.১৫ | ২৫১.৮০ | ২১,৫০৯.৭০ | ৫৭২.৩৪ | ২৪৫.৬৪ |
| 33th | ০.০০ | ৫৩৮.৮১ | ৫৩৮.৮১ | ২২,০৪৮.৫১ | ০.০২৩৮ | ০.০০৯৯ | ১২.৮০ | ৫২৩.৮২ | ৫.৩৫ | ২১৮.৯৫ | ২১,৫০৯.৭০ | ৫১১.০২ | ২১৩.৬০ |
| 34th | ০.০০ | ৫৯২.৬৯ | ৫৯২.৬৯ | ২২,০৪৮.৫১ | ০.০২১২ | ০.০০৮৬ | ১২.৫৭ | ৪৬৭.৭০ | ৫.১২ | ১৯০.৩৯ | ২১,৪৫৫.৮২ | ৪৫৫.১৩ | ১৮৫.২৮ |
| 35th | ০.০০ | ৫৯২.৬৯ | ৫৯২.৬৯ | ২২,০৪৮.৫১ | ০.০১৮৯ | ০.০০৭৫ | ১১.২৩ | ৪১৭.৫৯ | ৪.৪৫ | ১৬৫.৫৬ | ২১,৪৫৫.৮২ | ৪০৬.৩৬ | ১৬১.১১ |
| 36th | ০.০০ | ৫৯২.৬৯ | ৫৯২.৬৯ | ৩৩,০৭২.৭৭ | ০.০১৬৯ | ০.০০৬৫ | ১০.০২ | ৫৫৯.২৭ | ৩.৮৭ | ২১৫.৯৫ | ৩২,৪৮০.০৮ | ৫৪৯.২৫ | ২১২.০৮ |
| 37th | ০.০০ | ৫৯২.৬৯ | ৫৯২.৬৯ | ৩৩,০৭২.৭৭ | ০.০১৫১ | ০.০০৫৭ | ৮.৯৫ | ৪৯৯.৩৫ | ৩.৩৭ | ১৮৭.৭৮ | ৩২,৪৮০.০৮ | ৪৯০.৪০ | ১৮৪.৪২ |
| 38th | ০.০০ | ৫৯২.৬৯ | ৫৯২.৬৯ | ৩৩,০৭২.৭৭ | ০.০১৩৫ | ০.০০৪৯ | ৭.৯৯ | ৪৪৫.৮৫ | ২.৯৩ | ১৬৩.২৯ | ৩২,৪৮০.০৮ | ৪৩৭.৮৬ | ১৬০.৩৬ |
| 39th | ০.০০ | ৬৫১.৯৬ | ৬৫১.৯৬ | ৩৩,০৭২.৭৭ | ০.০১২০ | ০.০০৪৩ | ৭.৮৫ | ৩৯৮.০৮ | ২.৮০ | ১৪১.৯৯ | ৩২,৪২০.৮১ | ৩৯০.২৩ | ১৩৯.১৯ |
| 40th | ০.০০ | ৬৫১.৯৬ | ৬৫১.৯৬ | ৩৩,০৭২.৭৭ | ০.০১০৭ | ০.০০৩৭ | ৭.০১ | ৩৫৫.৪৩ | ২.৪৩ | ১২৩.৪৭ | ৩২,৪২০.৮১ | ৩৪৮.৪২ | ১২১.০৩ |

| Year | Cost | | Undiscounted total | | Discount factor (12%) | Discount factor (12%) | Discounted total (12%) | | Discounted total (15%) | | Net Benefits | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | Investment | maintenance | Total cost | Total benefit (Economic value) | | | Cost | Benefit | Cost | Benefit | Undiscounted | Discounted (12%) | Discounted (15%) |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12=5-4 | 13=9-8 | 14=11-10 |
| 41th | ০.০০ | ৬৫১.৯৬ | ৬৫১.৯৬ | ৪৯,৬০৯.১৬ | ০.০০৯৬ | ০.০০৩২ | ৬.২৬ | ৪৭৬.০২ | ২.১২ | ১৬১.০৫ | ৪৮,৯৫৭.১৯ | ৪৬৯.৭৬ | ১৫৮.৯৩ |
| 42th | ০.০০ | ৬৫১.৯৬ | ৬৫১.৯৬ | ৪৯,৬০৯.১৬ | ০.০০৮৬ | ০.০০২৮ | ৫.৫৯ | ৪২৫.০২ | ১.৮৪ | ১৪০.০৪ | ৪৮,৯৫৭.১৯ | ৪১৯.৪৩ | ১৩৮.২০ |
| 43th | ০.০০ | ৬৫১.৯৬ | ৬৫১.৯৬ | ৪৯,৬০৯.১৬ | ০.০০৭৬ | ০.০০২৫ | ৪.৯৯ | ৩৭৯.৪৮ | ১.৬০ | ১২১.৭৭ | ৪৮,৯৫৭.১৯ | ৩৭৪.৪৯ | ১২০.১৭ |
| 44th | ০.০০ | ৭১৭.১৬ | ৭১৭.১৬ | ৪৯,৬০৯.১৬ | ০.০০৬৮ | ০.০০২১ | ৪.৯০ | ৩৩৮.৮২ | ১.৫৩ | ১০৫.৮৯ | ৪৮,৮৯২.০০ | ৩৩৩.৯২ | ১০৪.৩৬ |
| 45th | ০.০০ | ৭১৭.১৬ | ৭১৭.১৬ | ৪৯,৬০৯.১৬ | ০.০০৬১ | ০.০০১৯ | ৪.৩৭ | ৩০২.৫২ | ১.৩৩ | ৯২.০৮ | ৪৮,৮৯২.০০ | ২৯৮.১৪ | ৯০.৭৫ |
| 46th | ০.০০ | ৭১৭.১৬ | ৭১৭.১৬ | ৭৪,৪১৩.৭৩ | ০.০০৫৪ | ০.০০১৬ | ৩.৯০ | ৪০৫.১৬ | ১.১৬ | ১২০.১০ | ৭৩,৬৯৬.৫৭ | ৪০১.২৫ | ১১৮.৯৫ |
| 47th | ০.০০ | ৭১৭.১৬ | ৭১৭.১৬ | ৭৪,৪১৩.৭৩ | ০.০০৪৯ | ০.০০১৪ | ৩.৪৯ | ৩৬১.৭৫ | ১.০১ | ১০৪.৪৪ | ৭৩,৬৯৬.৫৭ | ৩৫৮.২৬ | ১০৩.৪৩ |
| 48th | ০.০০ | ৭১৭.১৬ | ৭১৭.১৬ | ৭৪,৪১৩.৭৩ | ০.০০৪৩ | ০.০০১২ | ৩.১১ | ৩২২.৯৯ | ০.৮৮ | ৯০.৮১ | ৭৩,৬৯৬.৫৭ | ৩১৯.৮৮ | ৮৯.৯৪ |
| 49th | ০.০০ | ৭৮৮.৮৭ | ৭৮৮.৮৭ | ৭৪,৪১৩.৭৩ | ০.০০৩৯ | ০.০০১১ | ৩.০৬ | ২৮৮.৩৮ | ০.৮৪ | ৭৮.৯৭ | ৭৩,৬২৪.৮৬ | ২৮৫.৩৩ | ৭৮.১৩ |
| 50th | ০.০০ | ৭৮৮.৮৭ | ৭৮৮.৮৭ | ৭৪,৪১৩.৭৩ | ০.০০৩৫ | ০.০০০৯ | ২.৭৩ | ২৫৭.৪৯ | ০.৭৩ | ৬৮.৬৭ | ৭৩,৬২৪.৮৬ | ২৫৪.৭৬ | ৬৭.৯৪ |
| | ০.০০ | Total = | **৫৩,৩৯১.৯০** | **১,০৯৬,৮৪৯.২৭** | **১১.৯১** | **১০.০১** | **২৪,২৪৮.৩৪** | **৩৭,৫২১.২৪** | **২১,৭২৭.৬৯** | **২৪,১৬৪.২২** | **১,০৪৩,৪৫৭.৩৭** | **১৩,২৭২.৯০** | **২,৪৩৬.৫৩** |

**“নরসিংদী জেলা কারাগার নির্মাণ” শীর্ষক প্রকল্পের**

# নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার

## প্রকল্প পরিচালকের জন্য KII গাইডলাইন:

তারিখঃ

| | |
|---|---|
| নাম: | |
| ফোন/মোবাইল: | |

১. অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের সার্বিক কর্মকান্ড চলমান রয়েছে কী?

২. প্রকল্প বাস্তবায়নে অনুমোদিত ডিপিপি অনুযায়ী বছরভিত্তিক কর্ম-পরিকল্পনা কিভাবে প্রতিপালন করছেন?

৩. প্রকল্পের বর্তমান অগ্রগতি অনুমোদিত ডিপিপি'র বছরভিত্তিক কর্ম-পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ কী?

৪. প্রকল্প বাস্তবায়নের পূর্বে IEE এবং EIA কর্তৃক ছাড়পত্র নেয়া হয়েছে কি? ১. হ্যাঁ, ২. না

না হলে, কেন ছাড়পত্র গ্রহণ করা হয়নি?

৫. স্থাপত্য অধিদপ্তর কর্তৃক যথাসময়ে চূড়ান্ত ড্রইং/ডিজাইন পেয়েছেন কি?

১. হ্যাঁ, ২. না

না হলে, কত সময় বিলম্ব হয়েছে?---------দিন/মাস

৬. অনুমোদিত চূড়ান্ত ড্রইং/ডিজাইন অনুযায়ী নির্মাণ কাজ চলমান/সম্পন্ন হচ্ছে কি?

১. হ্যাঁ, ২. না

না হলে, কোন কোন ক্ষেত্রে ড্রইং/ডিজাইন এর পরিবর্তন করা হয়েছে?

৭. নির্ধারিত সময়ের মধ্যে (জুন ২০২২) প্রকল্প বাস্তবায়নে কোন সমস্যার সম্মুখীন হচ্ছেন কি?

১. হ্যাঁ, ২. না

হ্যাঁ হলে, কী ধরনের সমস্যার সম্মুখীন হচ্ছেন?

৮. পণ্য, পূর্ত কাজ ও সেবা ক্রয় সংগ্রহের ক্ষেত্রে ক্রয় আইন ও বিধিমালা (পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮) কি উপায়ে প্রতিপালন করা হয়েছে বা হচ্ছে?

৯. প্রকল্পের উদ্দেশ্য ও লগ-ফ্রেমের আলোকে output পর্যায়ের অর্জন কতটুকু সম্ভব হয়েছে?

১০. অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের আওতায় যথাসময়ে জনবল নিয়োগ করেছেন কি?

১. হ্যাঁ, ২. না

না হল, কেন যথাসময়ে জনবল নিয়োগ করতে পারেননি?

১১. অবকাঠামো নির্মাণে সুরক্ষা সেবা বিভাগ, গণপূর্ত অধিদপ্তর এবং স্থাপত্য অধিদপ্তরের সাথে কিভাবে সমন্বয় করা হয়?

১২. চলমান নির্মাণ কাজের গুণগতমান বজায় রাখার ক্ষেত্রে কি ধরনের পদক্ষেপ গ্রহণ করেছেন?

১৩. মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রকল্পের কাজ নিয়মিত তদারকি করা হয় কি? ১. হ্যাঁ, ২. না

১৪. প্রকল্পের আওতায় ভূমি উন্নয়নের কাজ সম্পন্ন হয়েছে কি? ১. হ্যাঁ, ২. না

১৫. না হলে, কেন এখনও ভূমি উন্নয়নের কাজ শেষ হয়নি? কত ঘনমিটার ভূমি উন্নয়নের কাজ অসম্পন্ন রয়েছে?------------------ঘনমিটার।

১৬. ঠিকাদারের কাছে প্রকল্পের সাইট সঠিক সময়ে বুঝিয়ে দিতে পেরেছেন কি? ১. হ্যাঁ, ২. না

না হলে, কেন যথাসময়ে সাইট বুঝিয়ে দিতে পারেননি?

১৭. প্রকল্প বাস্তবায়ন হলে নরসিংদী জেলা কারাগারের তথ্য প্রযুক্তির কি কি পরিবর্তন আসবে বলে মনে করেন?

১৮. কারা বন্দিরের জন্য নিরাপদ আটক নিশ্চিতকরণ কতটুকু সম্ভব হবে বলে মনে করেন?

১৯. পণ্য ও পূর্ত কাজ ক্রয় এর ক্ষেত্রে Rate Schedule এর কোন পরিবর্তন হয়েছে কি? ১. হ্যাঁ, ২. না হ্যাঁ হলে, কিভাবে সমন্বয় করা হয়েছে?

২০. প্রকল্পের আওতায় অডিট আপত্তি ছিল কিনা (ইন্টারনাল/এক্সটারনাল)? থাকলে কতটি আপত্তি ছিল এবং কতটি নিস্পন্ন হয়েছে?

২১. প্রকল্পে আওতায় প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পনা) আনুষাঙ্গিক বিষয়ে কী ধরনের পদক্ষেপ নেয়া হয়েছে?

২২. প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (sustainable) করার লক্ষ্যে কি ধরণের পদক্ষেপ নেয়া হয়েছে?

২৩. প্রকল্প পরিদর্শন প্রতিবেন এবং আইএমইডি’র সুপারিশগুলো যথাযথভাবে পালন করা হয়েছে কী?

২৪. প্রকল্পের পিআইসি ও স্টিয়ারিং কমিটির সভা ডিপিপি অনুযায়ী হচ্ছে কিনা? ১. হ্যাঁ, ২. না

হ্যাঁ হল, উক্ত সভার সিদ্ধান্তগুলো যথাযথভাবে প্রতিপালন করা হয়েছে কী?

২৫. আরবরিকালচার বা টেকসই পরিবেশ সৃষ্টির লক্ষ্যে কি ধরণের কার্যক্রম নেয়া হয়েছে?

২৬. প্রকল্পের আওতায় বৃষ্টির পানি সংরক্ষণ, গৃহস্থালী বর্জ্য ব্যবস্থাপনা এবং এসটিপি স্থাপন কিভাবে করা হয়েছে বা হবে?

২৭. প্রকল্পের সবলদিকগুলো কী?

২৮. প্রকল্পের উল্লেখযোগ্য দুর্বলদিকগুলো কী?

২৯. প্রকল্পের ঝুঁকি কী?

৩০. ভবিষ্যতে এ ধরনের প্রকল্প গ্রহণের ক্ষেত্রে কী কী সংযোজন এবং বিয়োজন করা প্রয়োজন বলে মনে করেন?

**তথ্য সংগ্রহকারীর নাম ও স্বাক্ষর**

**“নরসিংদী জেলা কারাগার নির্মাণ” শীর্ষক প্রকল্পের**

# নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার

**জেল সুপার, নরসিংদী কারাগারের দায়িত্বরত বিভিন্ন কর্মকর্তা/কর্মচারীদের জন্য KII গাইডলাইন:**

তারিখঃ

| | |
|---|---|
| নাম: | |
| **পদবি:** | |
| **শাখা:** | |
| **সংস্থা/বিভাগ:** | |
| ফোন/মোবাইল: | |

১) বর্তমান জেলা কারাগারে প্রশাসনিক কর্মকান্ড করতে কোন ধরনের সমস্যার সম্মুখীন হচ্ছেন কি?

১. হ্যাঁ, ২. না

২) হ্যাঁ হলে, কি ধরনের সমস্যার সম্মুখীন হচ্ছেন?

৩) বর্তমান প্রকল্প বাস্তবায়ন হলে কতটুকু উক্ত সমস্যার সমাধান হবে বলে মনে করেন?

৪) আপনি প্রকল্পের নির্মাণ কাজ সরেজমিনে পরিদর্শন করেছেন কি? ১. হ্যাঁ, ২. না

৫) হ্যাঁ হলে, নির্মাণ কাজে কোন ধরণের ত্রুটি/বিচ্যুতি দেখেছেন/জেনেছেন কি? ১. হ্যাঁ, ২. না

৬) হ্যাঁ হলে, কী কী ত্রুটি/বিচ্যুতি দেখেছেন/জেনেছেন?

৭) প্রকল্প বাস্তবায়ন হলে নরসিংদী জেলা কারাগারের কেমন সুযোগ-সুবিধা বৃদ্ধি পাবে বলে মনে করেন?

৮) প্রকল্প বাস্তবায়ন হলে কারা বন্দিরের জন্য নিরাপদ আটক নিশ্চিতকরণ সম্ভব হবে বলে মনে করেন কী?

৯) কারা কর্মকর্তা/কর্মচারীদের জন্য কতটুকু সুযোগ-সুবিধা বৃদ্ধি পাবে?

১০) বর্তমান জেলা কারাগার নির্মাণ সম্পন্ন হলে অত্র এলাকায় আইন-শৃঙ্খলা পরিস্থিতির কী উন্নতি হবে বলে মনে করেন?

১১) প্রকল্পের উল্লেখযোগ্য সবলদিকগুলো কী?

১২) প্রকল্পের দুর্বলদিকগুলো কী?

**তথ্য সংগ্রহকারীর নাম ও স্বাক্ষর**

**"নরসিংদী জেলা কারাগার নির্মাণ" শীর্ষক প্রকল্পের**

নিবিড় পরিবীক্ষণ **সমীক্ষার**

**গণপূর্ত অধিদপ্তর এবং স্থাপত্য অধিদপ্তরের প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের জন্য**

**(KII) গাইডলাইন**

**তারিখঃ / /**

**নাম:** **ফোন/মোবাইল:**

**পদবি:**

**শাখা/বিভাগ:**

১. চলমান নির্মাণ কাজ সম্পন্ন করতে কোন ধরনের সমস্যার সম্মুখিন হচ্ছেন কিনা? হয়ে থাকলে কি কি সমস্যার সম্মুখিন হচ্ছেন?

----------------------------------------------------------------------------------------------------

----------------------------------------------------------------------------------------------------

২. গণপূর্ত অধিদপ্তরের ডিজাইন বিভাগ এবং স্থাপত্য অধিদপ্তর থেকে সর্বশেষ ড্রইং/ডিজাইন পেতে কোন ধরনের সমস্যা হচ্ছে কী?

----------------------------------------------------------------------------------------------

----------------------------------------------------------------------------------------------

৩. স্থাপত্য অধিদপ্তর থেকে সর্বশেষ অনুমোদিত ড্রইং/ডিজাইন অনুযায়ী নির্মাণ কাজ হচ্ছে কী? না হয়ে থাকলে কি ধরনের পরিবর্তন হয়েছে?

-----------------------------------------------------------------------------------------

৪. প্রকল্পের আওতায় পূর্ত কাজের গুণগতমান নিশ্চিতকরণে কি কি পদক্ষেপ নেয়া হয়েছে?

----------------------------------------------------------------------------------------------

--------------------------------------------------------------------------------------------

৫. নির্মাণ কাজ মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক নিয়মিত মনিটরিং করা হয় কি? মনিটরিং এর সময় সাইট নোট বুকে মন্তব্য লিপিবদ্ধ করা হয় কী?

-----------------------------------------------------------------

-----------------------------------------------------------------

৬. উক্ত মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক যে মন্তব্য করা হয় তা যথাযথ পালন করা হচ্ছে কি?

-----------------------------------------------------------------

-----------------------------------------------------------------

৭. ড্রইং/ডিজাইনে Rain water harvesting অর্ন্তভুক্ত করা হয়েছি কি? হয়ে থাকলে, কিভাবে বৃষ্টির পানি সংরক্ষণ করা হবে, বিস্তারিত বলুন।

-----------------------------------------------------------------

----------------------------------------------------------------

৮. ড্রইং/ডিজাইনে Solar Panel এর কাজ অর্ন্তভুক্ত করা হয়েছি কী?

----------------------------------------------------------------

----------------------------------------------------------------

৯. বর্জ্য ব্যবস্থাপনা নিষ্কাশন (Solid waste Management) এর জন্য কি ধরনের সিস্টেম অনুসরণ করা হচ্ছে/হবে?

----------------------------------------------------------------

----------------------------------------------------------------

১০. ড্রইং/ডিজাইনে Water Treatment Plant অর্ন্তভুক্ত করা হয়েছি কী?

----------------------------------------------------------------

----------------------------------------------------------------

১১. ড্রেন ও সুয়ারেজলাইন যথাযথভাবে নির্মাণ করা হচ্ছে/হয়েছে কী?

----------------------------------------------------------------

----------------------------------------------------------------

১২. ড্রইং/ডিজাইনে Fire Management System অর্ন্তভুক্ত/ব্যবস্থা রাখা হয়েছে কি? হয়ে থাকলে, কি ধরনের ব্যবস্থা নেয়া হয়েছে?

----------------------------------------------------------------

----------------------------------------------------------------

১৩. নির্মাণ কাজে ব্যবহৃত মালামালের (ইট, বালু, পাথর, রেইনফোর্সমেন্ট ইত্যাদি) গুণগতমান নিশ্চিতকরণে কি কি পদক্ষেপ নিয়েছেন?

----------------------------------------------------------------

----------------------------------------------------------------

১৪. নির্মাণ কাজ সম্পন্ন করতে ঠিকাদার প্রতিষ্ঠান পর্যাপ্ত সংখ্যক জনবল নিয়োগ দিয়েছে কি? না দিয়ে থাকেল, কি কি সমস্যা রয়েছে বিস্তারিত বলুন।

----------------------------------------------------------------

----------------------------------------------------------------

১৫. প্রকল্পের নির্মাণ কাজ সম্পন্ন করতে বছরভিত্তিক যে কর্ম-পরিকল্পনা তৈরি করা হয়, ঠিকাদার প্রতিষ্ঠান তা অনুসরণ করেছে কী? না করে থাকলে, কেন করেনি?

----------------------------------------------------------------

----------------------------------------------------------------

১৬. প্রকল্পের টেকসই পরিবেশের লক্ষ্যে কী ধরনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে?

----------------------------------------------------------------

----------------------------------------------------------------

**তথ্য সংগ্রহকারীর নাম ও স্বাক্ষর**

**"নরসিংদী জেলা কারাগার নির্মাণ" শীর্ষক প্রকল্পের**

# নিবিড় পরিবীক্ষণ **সমীক্ষার**

## ঠিকাদারী প্রতিষ্ঠানের বিভিন্ন কর্মকর্তাদের জন্য

## (KII) গাইডলাইন

**তারিখঃ / /**

**কর্মকর্তার নাম:** **ফোন/মোবাইল:**

ঠিকাদারি প্রতিষ্ঠানের নাম:-----------------------------------------------------------------------

কাজ শুরু:------------------------ সমাপ্তির পরিকল্পিত তারিখ-----------------------------------------

ভৌত অগ্রগতি-----------------আর্থিক অগ্রগতি-----------------------মোট অগ্রগতি------------------

১. নির্মাণ কাজ যথাসময়ে শুরু করতে পেরেছিলেন কি? না পেরে থাকলে কি কি সমস্যার সম্মুখিন হয়েছেন?
---------------------------------------------------------------------------------------------------
---------------------------------------------------------------------------------------------------

২. চলমান নির্মাণ কাজ সম্পন্ন করতে কোন ধরনের সমস্যার সম্মুখিন হচ্ছেন কি? হয়ে থাকলে, কি কি সমস্যার সম্মুখিন হচ্ছেন?
---------------------------------------------------------------------------------------------------
---------------------------------------------------------------------------------------------------

৩. নির্মাণ কাজ দ্রুত এবং নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করতে কি কি পদক্ষেপ নেয়া জরুরি বলে মনে করেন?
---------------------------------------------------------------------------------------------------
---------------------------------------------------------------------------------------------------

৫. নির্মাণ কাজ মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক নিয়মিত মনিটরিং করা হয় কি? মনিটরিং এর সময় সাইট নোট বুকে মন্তব্য লিপিবদ্ধ করা হয় কি? মন্তব্য অনুযায়ী প্রতিপালন কিভাবে করা হয়?
---------------------------------------------------------------------------------------------------
---------------------------------------------------------------------------------------------------

৬ কংক্রিট/ ঢালাই মিশানোর সময় কংক্রিটের কি কি ল্যাব টেস্ট করেছিলেন?
---------------------------------------------------------------------------------------------------
---------------------------------------------------------------------------------------------------

৭. নির্মাণ কাজ সম্পন্ন করতে পর্যাপ্ত সংখ্যক জনবল নিয়োগ দিয়েছেন কি? না দিয়ে থাকেল, কেন নিয়োগ দিতে পারেননি?
---------------------------------------------------------------------------------------------------
---------------------------------------------------------------------------------------------------

৮. গণপূর্ত অধিদপ্তরের ডিজাইন বিভাগ এবং স্থাপত্য অধিদপ্তর থেকে সর্বশেষ ড্রইং/ডিজাইন পেতে কোন ধরনের সমস্যা হচ্ছে কি? হয়ে থাকলে, কি ধরনের সমস্যার সম্মুখিন হচ্ছেন, বর্ণনা করুন।

------------------------------------------------------------------------------------------------

------------------------------------------------------------------------------------------------

৯. নির্মাণ কাজে ব্যবহৃত মালামালের (ইট, বালু, পাথর, রেইনফোর্সমেন্ট ইত্যাদি) গুণগতমান নিশ্চিতকরণে কি কি পদক্ষেপ নিয়েছেন?

------------------------------------------------------------------------------------------------

------------------------------------------------------------------------------------------------

১০. ঢালাই কাজে ভাইব্রেটর মেশিন ব্যবহার করেছিলেন কি? ঢালাই পরবর্তীতে যথাযথভাবে কতদিন কিউরিং করা হয়েছিল?

------------------------------------------------------------------------------------------------

------------------------------------------------------------------------------------------------

১১. নির্মাণ কাজে স্টিল সাঁটারিং ব্যবহার নিশ্চিত করেছেন কি না? না করে থাকলে, কেন করেননি?

------------------------------------------------------------------------------------------------

------------------------------------------------------------------------------------------------

১২. বীম এবং কলাম এর ঢালাই কাজে কংক্রিট এর রেশিও কত ছিল?

------------------------------------------------------------------------------------------------

------------------------------------------------------------------------------------------------

১২. শ্রমিকদের জন্য নিরাপত্তা সরঞ্জাম (গ্লাবস, গাম্বুট, হ্যালমেট ইত্যাদি) সরবরাহ এবং ব্যবহার নিশ্চিত করেছেন কী?

------------------------------------------------------------------------------------------------

------------------------------------------------------------------------------------------------

১৩. প্রকল্পের নির্মাণ কাজ সম্পন্ন করতে বছরভিত্তিক যে কর্ম-পরিকল্পনা তৈরি করা হয় তা কিভাবে অনুসরণ করেছেন?

------------------------------------------------------------------------------------------------

------------------------------------------------------------------------------------------------

১৪. চলমান নির্মাণ কাজের স্থলে যথাযথ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছেন কী?

------------------------------------------------------------------------------------------------

------------------------------------------------------------------------------------------------

**তথ্য সংগ্রহকারীর নাম ও স্বাক্ষর**

**“নরসিংদী জেলা কারাগার নির্মাণ” শীর্ষক প্রকল্পের**

# নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার

# এফজিডি-গাইডলাইন

**(প্রকল্পের উপকারভোগী/ঠিকাদারী প্রতষ্ঠানের কর্মকর্তা এবং স্থানীয় ব্যক্তিবর্গের সমন্বয়ে)**

তারিখ:

সভার স্থান:

| অংশগ্রহণকারীদের নাম | পেশা | ঠিকানা | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | | | | |
| ২. | | | | |
| ৩. | | | | |
| ৪. | | | | |
| ৫. | | | | |
| ৬. | | | | |
| ৭. | | | | |
| ৮. | | | | |
| ৯. | | | | |
| ১০. | | | | |
| ১১. | | | | |
| ১২. | | | | |

১. নরসিংদী জেলা কারাগার নির্মাণের ফলে কি ধরনের সুযোগ সুবিধা বৃদ্ধি পাবে যা বর্তমানে ব্যহত হচ্ছে বলে মনে করেন?
২. নরসিংদী জেলা কারাগার নির্মাণের ফলে জেলা কারাগারের সকল কর্মকর্তা/কর্মচারীদের কি কি সুযোগ সুবিধা হবে বলে মনে হয় যা বর্তমানে পাচ্ছেন না?
৩. জেলা কারাগারে কর্মরত সকল মা এবং শিশুদের জন্য উপযুক্ত পরিবেশ কিভাবে সৃষ্টি হবে বলে আপনারা মনে করেন?
৪. নরসিংদী জেলা কারাগার নির্মাণের ফলে আরও ভাল সেবা প্রদান করা কিভাবে সহজ হবে বলে আপনারা মনে করেন?
৫. বর্তমান প্রকল্প বাস্তবায়নের ফলে অত্র এলাকায় আইনশৃংখলা প্রেক্ষাপটে কি ধরনের পরিবর্তন আসবে বলে মনে করেন?
৬. নির্মাণ কাজের গুণগতমান বজায় রেখে চলমান কাজ হচ্ছে কিনা? এ ব্যাপারে আপনাদের মতামত প্রদান করুন।
৭. নির্মাণ কাজ দ্রুত এবং নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করতে এই মূহূর্তে কি কি পদক্ষেপ নেয়া জরুরি বলে আপনারা মনে করেন?

৮. বর্তমান প্রকল্প বাস্তবায়ন হলে নরসিংদী জেলা কারাগারের তথ্য প্রযুক্তিতে কি কি পরিবর্তন আসবে বলে মনে করেন?
৯. কারা বন্দিরের জন্য সর্বোচ্চ নিরাপদ আটক নিশ্চিতকরণ কতটুকু সম্ভব হবে বলে মনে করেন?
১০. প্রকল্প এলাকায় Solid Waste Management (বর্জ্য নিষ্কাশন ব্যবস্থা) কেমন হওয়া উচিত বলে আপনারা মনে করেন? এ সম্পর্কে আপনাদের মতামত ব্যক্ত করুন।
১১. প্রকল্পের নির্মাণ কাজে গতিশীলতা বৃদ্ধি করতে বা প্রকল্পের কাজ দ্রুত সম্পন্ন করতে এই মূহুর্তে কি ধরনের পদক্ষেপ নেয়া জরুরি বলে আপনারা মনে করেন? এ ব্যাপারে আপনাদের মতামত ব্যক্ত করুন।
১২. ভবনের ওয়াটার রিজার্ভার ট্যাংক (Water Resourver Tank) কিভাবে স্থাপন হলে ভাল হতো বলে মনে করেন? এ ব্যাপারে আপনাদের মতামত ব্যক্ত করুন।
১৩. প্রকল্পের দুর্বলদিক সম্পর্কে বলুন।
১৪. প্রকল্পের সবলদিক সম্পর্কে বলুন।
১৫. ভবিষ্যতে এ ধরনের প্রকল্পে কি ধরনের সুযোগ-সুবিধা সংযোজন বা বিয়োজন করা প্রয়োজন বলে মনে করেন?

______________________________

**তথ্য সংগ্রহকারীর নাম ও স্বাক্ষর**

**“নরসিংদী জেলা কারাগার নির্মাণ” শীর্ষক প্রকল্পের**

# নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার

## অবকাঠামো (ভবন) পরিদর্শন ও পরিবীক্ষণ চেকলিস্ট

**ঠিকাদার প্রতিষ্ঠানের নাম :**

**প্যাকেজের নাম:**

**তারিখ:**

| চুক্তি তারিখ | কাজ শুরুর তারিখ | চুক্তি অনুযায়ী কাজ শেষ হওয়ার তারিখ | বাস্তব অগ্রগতি | আর্থিক অগ্রগতি |
|---|---|---|---|---|
| | | | | |

**চলমান কাজ এর পরিদর্শন চেকলিস্ট:**

ভবনের গ্রাউন্ড ফ্লোরের বিভিন্ন অংশ ছাড়াও কলাম, বীম, সিঁড়ি, বিল্ডিংয়ের প্লিন্থ এরিয়া, মেঝে, বারান্দা, ইত্যাদি পরিমাপ করা হবে। এছাড়াও চলমান কাজের গুণগতমান যেভাবে পর্যবেক্ষণ করা হবে তার নমুনা নিম্নে দেয়া হলো-

- বিল্ডিং নির্মাণে বিএনবিসি অনুসরণ করা হয়েছে কিনা?
- অনুমোদিত ড্রইং/ডিজাইন অনুযায়ী বিল্ডিং এর লে-আউট স্থাপন করা হয়েছিল কিনা?
- অনুমোদিত ড্রইং/ডিজাইন অনুযায়ী যথাযথভাবে নির্মাণ কাজ হচ্ছে কিনা? ড্রইং/ডিজাইনে পরিবর্তন হয়ে থাকলে কিভাবে তা সমন্বয় করা হয়েছে?
- নির্মাণ কাজে ব্যবহৃত নির্মাণ সামগ্রীর গুণগতমান কিভাবে নিশ্চিত করছেন?- যেমন: ইট, পাথর, সিমেন্ট, রেইনফোর্সমেন্ট, বালি ইত্যাদি।
- নির্মাণ কাজে ব্যবহৃত সিমেন্ট, রেইনফোর্সমেন্ট কোন ব্র্যান্ডের ব্যবহার করা হচ্ছে?
- নির্মাণে কাজে ব্যবহৃত পাথর কোথা হতে সংগ্রহ করা হচ্ছে এবং বালির fm কত?
- ঠিকাদার ঢালাই কাজে যথাযথভাবে ভাইব্রেটার মেশিন ব্যবহার করেছে কিনা?
- ঢালাই সম্পন্ন হওয়ার পর ঠিকাদার যথাযথভাবে কিউরিং করেছে কিনা? কতদিন কিউরিং করেছে?
- ঢালাই সম্পন্ন হওয়ার পর বীম ও কলামে হানিকম্ব পরিলক্ষীত হয়েছে কিনা? হানিকম্ব পরিলক্ষীত হলে, তা কিভাবে সংশোধন করা হয়েছে?
- কংক্রিট টেস্টে কোন ধরণের ত্রুটি/বিচ্যুতি দেখা দিয়েছিল কিনা এবং ত্রুটি/বিচ্যুতি দেখা দিলে, তা কিভাবে সংশোধন করা হয়েছে?
- বিল্ডিং নকশায় পানি সরবরাহ এবং স্যানিটেশন অন্তর্ভুক্ত হয়েছে কিনা? অন্তর্ভুক্ত হয়ে থাকলে, পানি সরবরাহ কিভাবে করা হবে বিস্তারিত বলুন।
- ঠিকাদার নির্মাণ কাজে স্টিল সাঁটারিং ব্যবহার নিশ্চিত করেছে কি না? না করে থাকলে কেন করেনি বলে মনে করেন?
- সাইটে সাইট নোট বুক রয়েছে কিনা? পরিদর্শন এর মতামত সাইট নোট বুকে লিপিবদ্ধ করা হয় কিনা? হয়ে থাকলে উক্ত মতামত অনুযায়ী নির্মাণ কাজ করা হচ্ছে কী?

- ঠিকাদার শ্রমিকদের জন্য  নিরাপত্তা পরিমাপ সরঞ্জাম (গামবোট, হেলমেট, গ্লাভস, মাস্ক ইত্যাদি) সরবরাহ এবং ব্যবহার নিশ্চিত করেছে কিনা ?
- ভবনে ওয়াটার রিজার্ভার ট্যাংক এর কাজ কিভাবে সম্পন্ন করা হবে? বিস্তারিত বলুন।
- ড্রেন ও সুয়ারেজ লাইনের কাজ সঠিকভাবে সম্পন্ন হয়েছে কিনা? না হয়ে থাকলে, সুয়ারেজ লাইন কিভাবে স্থাপন করা হবে বিস্তারিত বলুন।
- ওয়াটার সাপ্লাই এবং সেনিটেশন এর কাজ সঠিকভাবে সম্পন্ন হয়েছে কিনা; না হয়ে থাকলে,  ওয়াটার সাপ্লাই এবং সেনিটেশন এর কাজ কিভাবে হবে, বিস্তারিত বলুন।
- প্রকল্প এলাকায় বর্জ্য নিষ্কাশন ব্যবস্থা (solid waste management) কিভাবে নিশ্চিত করা হবে, বিস্তারিত বলুন।
- আরবরিকালচার (arboriculture) এর জন্য কি কি উদ্যোগ গ্রহণ করা হয়েছে বিস্তারিত বলুন।
- ভবনে সোলার প্যানেল এর কাজ অর্ন্তভুক্ত করা হয়েছে কিনা? হয়ে থাকলে, কিভাবে/কোথায় সোলার প্যানেল এর কাজ করা হবে, বিস্তারিত বলুন।
- ভবনে বৃষ্টির পানি সংরক্ষণাগাড়ের ব্যবস্থা রাখা হয়েছে কিনা? হয়ে থাকলে, কিভাবে বৃষ্টির পানি সংরক্ষণ করা হবে?

**ইলেক্ট্রিক্যাল কাজের পরিদর্শন চেকলিস্ট:**

- অনুমোদিত ড্রইং/ডিজাইন অনুযায়ী ভবনে যথাযথভাবে বৈদ্যুতিক কাজ সমন্ন করা হচ্ছে কি? কয়টি ভবনে বৈদ্যুতিক কাজ সম্পন্ন হয়েছে?
- পাম্প-মোটর (Pump-motor)  কিভাবে এবং কয়টা স্থাপন করা হবে?
- ভবনে লিফট্ ইনস্টোলেশন এর কাজে লে-আউট যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে কী?
- অগ্নি-নির্বাপক ব্যবস্থা (Fire Management System) সঠিকভাবে করা হয়েছে কিনা (কোথাও হ্যাজার্ড দেখা দিলে তার জন্য বিপদজনক সতর্কতা চিহ্ন সনাক্ত করা হয়েছে কিনা। যদি এরকম হয়, তবে সমস্যা দূরীকরণের জন্য কি ধরণের পদক্ষেপ আর কীভাবে নেওয়া হয়েছে);
- সাব-স্টেশন এর কাজ কয়টি সম্পন্ন হয়েছে?
- ভবনে ব্যবহৃত ইলেক্ট্রিক্যাল সার্কিট, সুইচ, সার্কিট ব্রেকার ইত্যাদি ঠিক রয়েছে কিনা এবং ট্রান্সফরমার থেকে যথাযথ ভোল্টেজ সরবরাহ হচ্ছে কিনা?
- ট্রান্সফরমার থেকে প্রাপ্ত ভোল্টেজ আপ-ডাউন হয় কিনা এবং হয়ে থাকলে কি ধরণের পদক্ষেপ নেওয়া হয়েছে?
- ভবনে ব্যবহৃত বৈদ্যুতিক ক্যাবল কোন ব্র্যান্ডের ব্যবহার করা হয়েছে?
- ভবনে বৈদ্যুতিক মিটার, মেইন সুইচ/কাটআউট যথাযথ কাজ করে কী?
- ভবনে জেনারেটর স্থাপনের কাজ যথাযথভাবে সম্পন্ন হয়েছে কিনা, এছাড়া কন্ট্রোল সিস্টেম বা কোন ধরণের ট্রাবল-সুটিং দেখা দিচ্ছে কি? ট্রাবল-সুটিং দেখা দিলে তা কিভাবে সংশোধন করা হয়েছে বা হবে?
- ভবনে অভ্যন্তরীণ বৈদ্যুতিক লাইনে কোন ধরণের ফলস্ সৃষ্টি হয় কী?

**“নরসিংদী জেলা কারাগার নির্মাণ” শীর্ষক প্রকল্পের**

# নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার

## ক্রয় সংক্রান্ত চেকলিস্ট

| ক্রমিক নং | বিষয় | উত্তর/মন্তব্য লিখুন | |
|---|---|---|---|
| ১ | দরপত্র অনুযায়ী কাজের নাম ও লট/প্যাকেজ নং (ক্রমিক অনুসারে) | | |
| ২ | অনুসৃত দরপত্র তৈরির পদ্ধতি কি ছিল? | | |
| ৩ | ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ | | |
| ৪ | ক্রয় প্রক্রিয়ার ধরন কি ছিল? | | |
| ৫ | দরপত্র প্রস্তুতকরণের ক্ষেত্রে পিপিআর ২০০৮ অনুসরণ করা হয়েছিল কি? | হ্যাঁ | |
| | | না | |
| ৬ | বিনির্দেশনা প্রস্তুতকরণে পিপিআর ২০০৮ অনুসরণ করা হয়েছিল কি? | হ্যাঁ | |
| | | না | |
| ৭ | দরপত্র প্রস্তুতে ডিপিপির বিনির্দেশনা কি ছিল? | | |
| ৮ | দরপত্র প্রকাশের মাধ্যম (জাতীয়/আন্তর্জাতিক) **(বাংলা ও ইংরেজি পত্রিকার নাম)** | ১। পত্রিকার নামঃ (বাংলা)-------------------------তারিখঃ---------------২। পত্রিকার নামঃ (ইংরেজি)-------------------------তারিখঃ-------------- | |
| ৯ | দরপত্র CPTU এর ওয়েবসাইটে প্রকাশ হয়েছিল কি? | হ্যাঁ | |
| | | না | |
| ১০ | দরপত্র বিক্রয় শুরু এবং শেষের তারিখ | শুরু--------------------------- তারিখ<br>শেষ------------------------------তারিখ | |
| ১১ | বিক্রয়কৃত দরপত্রের সংখ্যা | ---------------------টি | |
| ১২ | প্রাপ্ত দরপত্রের সংখ্যা | --------------------টি | |
| ১৩ | টিওএস তৈরির তারিখ | | |
| ১৪ | দরপত্র খোলার তারিখ ও সময় | তারিখঃ<br>সময়ঃ | |
| ১৫ | দরপত্র খোলার সময় উপস্থিত সদস্য সংখ্যা | -------------------------------জন | |
| ১৬ | টিওএস কমিটির সদস্যবৃন্দের স্বাক্ষর আছে কি না? | | |
| ১৭ | দরপত্র মূল্যায়ন কমিটির সভার তারিখ | -----------------তারিখ | |
| ১৮ | মূল্যায়ন কমিটির সদস্য সংখ্যা | -------------------------- জন,<br>বহিঃ সদস্য সংখ্যা---------------জন | |
| ১৯ | উপস্থিত সদস্য সংখ্যা | -------------------------- জন,<br>বহিঃ সদস্য সংখ্যা---------------------------জন | |
| ২০ | দরপত্রের জামানত জমা হয়েছিল কি? (ব্যাংক পে-অর্ডার, চালান ইত্যাদি) | হ্যাঁ | |
| | | না | |
| ২১ | রেসপনসিভ দরপত্রের সংখ্যা | ------------------ টি | |
| ২২ | নন-রেসপনসিভ দরপত্রের সংখ্যা | ------------------ টি | |
| ২৩ | মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের তারিখ | | |
| ২৪ | Notification of Award (NOA) প্রদানের তারিখ | --------------------------তারিখ | |
| ২৫ | প্রস্তাবকৃত মূল্য (ডিপিপি/আরডিপিপি) | ----------------------------টাকা | |

| ক্রমিক নং | বিষয় | উত্তর/মন্তব্য লিখুন |
|---|---|---|
| ২৬ | চুক্তি মূল্য | ----------------------------টাকা |
| ২৭ | কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের নাম | |
| ২৮ | চুক্তি স্বাক্ষরের তারিখ | |
| ২৯ | কার্যাদেশ/চুক্তি অনুযায়ী কাজ শুরুর তারিখ | |
| ৩০ | চুক্তি অনুযায়ী কাজ শেষ করার তারিখ | |
| ৩১ | সরবরাহকৃত পণ্য/মালামালের ওয়ারেন্টি ছিল কি? | হ্যাঁ |
| | | না |
| ৩২ | ক্রয়ের ক্ষেত্রে পিপিআর ২০০৮ এর কোন ব্যত্যয় হয়েছিল কি না ? | হ্যাঁ |
| | | না |
| ৩৩ | যদি হয়ে থাকে তবে তার কারণ উল্লেখ করুণ | |
| ৩৪ | ক্রয় সংক্রান্ত রেকডপত্র সংরক্ষিত আছে কি না ? | হ্যাঁ |
| | | না |
| ৩৫ | ক্রয়কৃত মালামাল রিসিভ পদ্ধতি | |
| ৩৬ | ক্রয় সংক্রান্ত কোন প্রকার অডিট হয়েছে কিনা? | হ্যাঁ |
| | | না |
| ৩৭ | হ্যাঁ হলে অডিট আপত্তি ছিল কিনা? | হ্যাঁ |
| | | না |
| ৩৮ | অডিট আপত্তি থাকলে কতটি আপত্তি ছিল এবং কতটি নিস্পন্ন হয়েছে? | আপত্তির সংখ্যা--------------টি<br>নিস্পন্ন সংখ্যা----------------টি |
| ৩৯ | অডিট আপত্তি নিস্পন্ন না হয়ে থাকলে তার কারণ? | --------------------------------------------------------------------<br>--------------------------------------------------------------------<br>-------- |

**প্রণয়নেঃ**

## জেটইনকো লিমিটেড

ফ্ল্যাট #৩বি, বাড়ি # ২৯৭, রোড # ০৪ (পূর্ব)
বারিধারা ডিওএইচএস, ঢাকা-১২০৬